অত্র এলাকার রাস্তার গতিধারা উত্তর-দক্ষিণ হলে দক্ষিণ দিকে মুখ করে দাঁড়ান এবং হাতের ডান দিকের দ্বিতীয় খানাটি হতে তথ্য সংগ্রহ করুন। এভাবে হাতের ডান দিকে ঘুরে ঘুরে সকল খানার তথ্য সংগ্রহ করুন। অত্র এলাকার রাস্তার গতিধারা পূর্ব-পশ্চিম হলে পূর্ব দিকে মুখ করে দাঁড়ান এবং হাতের ডান দিকে ঘুরে ঘুরে অন্যান্য খানার তথ্য সংগ্রহ করুন।

গণনা এলাকার অন্তর্ভুক্ত সব কয়টি খানা গণনা সম্পন্ন হবার পর সুপারভাইজারগণ স্ব স্ব গণনাকারীগণের সাথে আলোচনা করে কোন খানা দু'বার (Duplication) গণনা করা হয়েছে কিনা এবং কোন খানা গণনা হতে বাদ (Omission) পড়েছে কিনা যাচাই করে দেখবেন এবং প্রয়োজন হলে সংশোধন করে নেবেন।

1.6t ফিরে এসে গণনা (Call back) পদ্ধতিঃ

গণনা করার সময় কোন একটি খানায় উত্তরদাতা পাওয়া না গেলে অথবা ব্যস্ততার জন্য পরে আসতে বললে উক্ত খানার সদর দরজায় খানা- নম্বর লিখুন এবং প্রশ্নপত্রেও একই খানা- নম্বর লিখুন এবং কখন আসবেন তা জেনে সে সময়ে পুনরায় এসে খানার তথ্য সংগ্রহ করুন।

2.4 প্রশ্নপত্র পূরণ পদ্ধতি- খানা মডিউল (প্রশ্ন 1a হতে প্রশ্ন 11b)

ঘরে ঘরে গিয়ে সকল খানা ও খানার সদস্যগণের তথ্য সংগ্রহ করতে হবে এবং ICR ফরম পূরণ করতে হবে। প্রথমে গণনা এলাকার ম্যাপ ব্যবহার করে গণনা এলাকা উত্তর-পশ্চিম কোণে অবস্থিত খানাটি চিহ্নিত করুন এবং সেখানে যান। অতঃপর খানা প্রধান অথবা খানার অন্য কোন প্রতিনিধি যিনি খানা সম্বন্ধে ভাল ধারণা রাখেন তাকে সালাম দিন এবং বলুন “আপনারা নিশ্চয়ই শুনছেন যে, সারা দেশব্যাপী আদমশুমারি ও গৃহগণনা ২০১১ শুরু হয়েছে এবং গণনার কাজ ১৯ মার্চ পর্যন্ত চলবে। সরকার স্থানীয় ও জাতীয় পর্যায়ে সকল উন্নয়নমূলক কাজের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন কাজে এ তথ্য ব্যবহার করবে। তাছাড়া, শুমারি আইন অনুযায়ী আপনাদের দেয়া ব্যক্তিগত তথ্য সরকার গোপন রাখার নিশ্চয়তা প্রদান করেছে। সরকার আমাদের এ এলাকার লোকজনকে সঠিকভাবে গণনা করার দায়িত্ব দিয়েছে। আপনি মেহেরবানী করে অনুমতি দিলে গণনার কাজ শুরু করতে পারি।” অতঃপর খানার প্রধান ঘরের সদর দরজায় সরবরাহকৃত লাম্বার চক ব্যবহার করে খানার ক্রমিক 001 লিখুন।

[প্রশিক্ষণার্থী গণনাকারী/সুপারভাইজার/জোনাল অফিসার/সমন্বয়কারীগণকে এখন প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রশিক্ষণ কীটে রক্ষিত প্রশ্নপত্রের একটি প্রশ্নপত্র পূরণ করতে হবে।]

প্রশ্ন- 1a. খানার ঠিকানাঃ এ প্রশ্নের নিচে খালি জায়গায় প্রথম লাইনে বাড়ির নম্বর অথবা নাম লিখুন। দ্বিতীয় লাইনে রাস্তার নম্বর/পাড়ার নাম লিখুন। তৃতীয় লাইনে গ্রাম/মহল্লার নাম লিখুন। **উদাহরণঃ**

মিউনিসিপ্যালিটি হলে-

বাড়ি নং/নাম - বাড়ি নং-৪২৭

রাস্তার নং/নাম - শহীদ মাহবুব রোড

মহল্লার নাম - পশ্চিম শেওড়াপাড়া

পল্লী এলাকা হলে-

বাড়ি/পাড়ার নাম - দক্ষিণ পাড়া

গ্রামের নাম - ধানকী মহেড়া

ডাকঘর - আর মইষ্টা

কোন কোন ক্ষেত্রে সেক্টর নম্বর উল্লেখ করার প্রয়োজন হলে মহল্লার নিচে তা লিখে দিন।

কোন খানার সদস্য সংখ্যা ১০ বা তার কম হলে এ ঘর দু'টি পূরণ করা প্রয়োজন নেই। কোন খানার সদস্য সংখ্যা ১০ এর অধিক হলে প্রতি দশ জনের জন্য আরও একটি পৃষ্ঠা পূরণ করতে হবে। কোন খানার সদস্য সংখ্যা ২৬ জন হলে তিনটি পৃষ্ঠা পূরণ করতে হবে। এ ক্ষেত্রে প্রথম পৃষ্ঠায় উত্তর ০৩ এর ০১ লিখুন, দ্বিতীয় পৃষ্ঠায় উত্তর ০৩ এর ০২ লিখুন এবং তৃতীয় পৃষ্ঠায় ০৩ এর ০৩ লিখুন।

0	3	এর	0	1
0	3	এর	0	2
0	3	এর	0	3

খানার ক্রমিক তিন অংকে ইংরেজীতে লিখতে হবে। প্রথম খানাটির ক্রমিক 001, দ্বিতীয় খানাটির ক্রমিক 002 ইত্যাদি। প্রশ্নপত্র পূরণের সময় প্রথম খানার জন্য সংরক্ষিত ০০৮ / ০০৯, দ্বিতীয় খানাটির জন্য সংরক্ষিত ০১০ বক্সে লিখন এভাবে অন্যান্য খানার চেক বক্স পূরণ করুন।

(এবার যেকোন একজনকে লক্ষ্য করে প্রশ্ন করুন) বলুন ত ৬০তম এবং ১১৩ তম খানার ক্রমিকের জন্য নিচের চেক বক্সে কী লিখতে হবে? (প্রশিক্ষার্থীগণকে নিজ নিজ ম্যানুয়ালে লিখতে বলেন)।

প্রশ্ন -2b. খানার সদস্য সংখ্যা ০৪

উল্লেখিত খানার লোক সংখ্যা ৬ জন হলে ডান দিকের বক্সে ৬ লিখুন। বাম দিকে খালি বক্সে শূন্য লেখার প্রয়োজন নেই। (যে কোন একজনকে প্রশ্ন করুন) কোন খানার সদস্য সংখ্যা ১৫ জন হলে সামনের চেক বক্সে কী লিখতে হবে? (প্রশিক্ষার্থীগণকে নিজ নিজ ম্যানুয়ালে লিখতে বলুন)।

ভাসমান লোকজনকে একই তফসিল ব্যবহার করে গুণতে হবে। ভাসমান লোক গুণতে হলে ☐ সন্ধ্যা ৬টা থেকে ১০টা পর্যন্ত দিন এবং খানায় বসবাসকারী লোকজনকে গণনা করা হবে ☐ দিন।

উদাহরণঃ কমলাপুর রেলস্টেশন
কমলাপুর, ঢাকা।

খানা মডিউলের আর কোন প্রশ্ন পূরণ করতে হবে না। অতঃপর ব্যক্তি মডিউলে প্রতিটি লাইনে একজন করে ভাসমান লোকের তথ্য লিপিবদ্ধ করুন। ভাসমান লোক সংখ্যা ১০ এর অধিক হলে প্রতি ১০ জনের জন্য একটি করে পৃষ্ঠা পূরণ করুন। একই সাথে প্রশ্ন 1b পূরণ করুন। ভাসমানের ক্ষেত্রে প্রশ্ন নম্বর 2a এবং 4 হতে 11b পূরণ করতে হবে না। আবাসিক হোটেলে শুমারি রাত্রিতে অবস্থানরত বর্ডারগণকে হোটেল প্রশাসনের সহায়তায় ভাসমান লোক হিসেবে গণতে হবে।

সাধারণ খানাঃ কোন একটি খানা প্রধানতঃ বসবাসের জন্য ব্যবহৃত হলে তাকে সাধারণ খানা ধরতে হবে।

প্রাতিষ্ঠানিক খানাঃ এতিমখানা, হাসপাতাল, ক্লিনিক, হোস্টেল, জেলাখানা ও ব্যারাক এ ধরনের খানাকে প্রাতিষ্ঠানিক খানা হিসেবে ধরতে হবে। হাসপাতাল ও ক্লিনিকে অবস্থানরত রোগীদেরকে হাসপাতাল প্রশাসনের সহায়তায় শুমারি রাত্রিতে লিস্টিং করে প্রশ্নপত্র পূরণ করতে হবে। তবে হাসপাতাল বা ক্লিনিকে কর্তব্যরত ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মচারীকে নিজ নিজ খানায় গণনা করা হবে।

অন্যান্য খানাঃ মেস, দোকান, অফিস, প্রতিষ্ঠান ইত্যাদিতে বসবাসরত লোকজনের সমন্বয়ে গঠিত খানাকে অন্যান্য খানা ধরতে হবে। উপরোক্ত বিবেচনায় যে কোন একটি প্রশ্ন ঘরে ক্রস চিহ্ন ☒ দিন।

প্রশ্ন -5. গৃহের সংখ্যাঃ

কোন একটি খানা এক বা একাধিক ঘর/স্ত্রীকচারে বসবাস করতে পারেন। কোন খানায় দু'টি শোয়ার ঘর, একটি রান্না ঘর এবং একটি গোয়াল ঘর থাকলে ঐ খানার গৃহের সংখ্যা হবে 4 এবং উল্লেখিত খালি চেক বক্সে ☐ লিখুন। একটি ভবনে চারটি খানা বসবাস করলে ☐ ৪ খানাটির জন্য চেক বক্সে ☐ লিখুন এবং ☐ অন্যান্য খানার জন্য চেক বক্সে ☐ লিখুন।

প্রশ্ন -6. খানার প্রধান গৃহের প্রকারঃ

খানার প্রধান গৃহের ধরন অনুযায়ী ৪টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে। যথা- ☐ পাকা, ☐ আধা-পাকা, ☐ কাঁচা এবং ☐ বুপড়ি। খানার সদস্যগণ যে ঘরটিকে প্রধান ঘর বলেন সে ঘরটি যে শ্রেণীভুক্ত তাতে ক্রস ☒ দিন।

প্রশ্ন -7. বাসস্থানের মালিকানাঃ

বাসস্থানের মালিকানা তিনটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে। যথা: নিজস্ব, ভাড়া এবং বিনাভাড়া। প্রযোজ্য চেক বক্সে ☒ দিন।

প্রশ্ন -8. খাবার পানির উৎসঃ

খাবার পানির উৎসকে তিনটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে যথা- ট্যাপ, টিউবওয়েল ও অন্যান্য। এদের মধ্যে খানাটি অধিকাংশ ক্ষেত্রে যে উৎস হতে খাবার পানি পেয়ে থাকেন, সে চেক বক্সে ক্রস চিহ্ন ☒ দিন।

প্রশ্ন -9. পায়খানার সুবিধাঃ

ব্যবহারের বিবেচনায় পায়খানার সুবিধাকে চারটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে, যথা- স্যানিটারী (ওয়াটার সীল), স্যানিটারী (ওয়াটার সীল নয়), নন-স্যানিটারী এবং নাই। স্যানিটারী (ওয়াটার সীল) বলতে পিট লেট্রিন ওয়াটার সীল সহ বুঝায়, স্যানিটারী (ওয়াটার সীল নয়) বলতে পিট লেট্রিন ওয়াটার সীল নয় বুঝায়। 'নন-স্যানিটারী' বলতে অন্যান্য পাকা, আধা-পাকা এবং কাঁচা টয়লেট বুঝায় যাতে বর্জ্য ঢাকার কোন ব্যবস্থা নেই। এ ধরনের টয়লেট পানি ও বায়ু দূষণমুক্ত নয়। 'নাই' বলতে খোলা মাঠ, খালি জায়গা এবং রৌপ-জঙ্গল ইত্যাদিতে প্রস্রাব/পায়খানা করা বুঝায়।

খানাটি কোন ধরনের টয়লেট ব্যবহার করে এ ব্যাপারে প্রশ্ন করুন এবং প্রয়োজন হলে নিজের চোখে দেখে প্রযোজ্য চেক বক্সে ☒ ক্রস দিন।

প্রশ্ন -10. বিদ্যুৎ সংযোগঃ

আপনাদের খানায় বিদ্যুৎ সংযোগ আছে কি? সোলার এনার্জি ও বায়ো গ্যাস হতে উৎপাদিত বিদ্যুৎও বিদ্যুৎ সংযোগের আওতায় আসবে। এ প্রশ্নের উত্তর হ্যাঁ হলে হ্যাঁ চেক বক্সে ক্রস ☒ এবং না হলে না চেক বক্সে ☒ ক্রস দিন।

প্রশ্ন -11. ইহা কি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খানা?

কোন খানা প্রধান নিজেকে নৃ-গোষ্ঠী সম্প্রদায় বললে সে খানাকে নৃ-গোষ্ঠী খানা বলা হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খানা বলতে চাকমা, মারমা, ত্রিপুরা, সাঁওতাল, গারো, খাসিয়া, মনিপুরী, রাখাইন ইত্যাদি সম্প্রদায়ের খানা বুঝায়। এ প্রশ্নটি স্পর্শকাতর। অতএব খানাটি উপরোক্ত কোন সম্প্রদায়ের হলে হ্যাঁ চেক বক্সে ☒ এবং না হলে না চেক বক্সে ☒ ক্রস দিন।

উত্তর হ্যাঁ হলে অর্থাৎ খানাটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে টালিশিটের উল্টো দিকে বর্ণিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ে কোড দেখে সম্প্রদায়ের কোড দেখে চেক বক্স পূরণ করুন।

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ অনুযায়ী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে ২৭টি সম্প্রদায়ে বিভক্ত করা হয়েছে। এ ২৭টি ছাড়াও অন্য কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী থাকলে তাদেরকে অন্যান্য নৃ-গোষ্ঠী হিসেবে ২৮ কোড প্রদান করা হয়েছে, যাদের তালিকা দ্বিতীয় টালিশিটের উল্টো পৃষ্ঠায় ও নিম্নে মুদ্রণ করা হয়েছেঃ

01- চাকমা	08- চাক	15- উসাই(উসুই)	22- ওরাও
02- মারমা	09- খিয়াং	16- রাখাইন	23- বর্মণ
03- ত্রিপুরা	10- খুমি	17- মনিপুরী	24- পাহাড়ী
04- ম্রো	11- লুসাই	18- গারো	25- মালপাহাড়ী
05- তঞ্চঙ্গ্যা	12- কোচ	19- হাজং	26- মুন্ডা
06- বম	13- সাঁওতাল	20- খাসিয়া	27- কোল
07- পাংখোয়া	14- ডালু	21- মং	28- অন্যান্য

উদাহরণঃ সম্প্রদায়টি চাকমা হলে উপরোক্ত কোড লিস্ট দেখে চেক বক্সে লিখুন।

আজকের প্রশিক্ষণের প্রথম সেশন এখানেই সমাপ্ত। কোন বিষয় বুঝতে অসুবিধা হলে বা কোন বিষয়ে সন্দেহ থাকলে প্রশ্ন করুন (কোন প্রশ্ন থাকলে সহজভাবে বুঝিয়ে বলুন)।

এখন আমি আপনাদের মধ্য থেকে ১১ জনকে ১১ টি প্রশ্নের উপর প্রশ্ন করবো। (কাউকে উদ্দেশ্যে করে প্রশ্ন করুন) বলুন তো 1a. প্রশ্নটি কি? আপনার খানার জন্য এখানে কি লিখতে হবে? একইভাবে পর্যায়ক্রমে প্রশ্ন 1b হতে 11b পর্যন্ত প্রশ্ন করুন এবং উত্তর পর্যালোচনা করুন।

2.5 প্রশ্নপত্র পূরণ পদ্ধতি - ব্যক্তি মডিউল (প্রশ্ন 12 হতে প্রশ্ন 25 পর্যন্ত)

ব্যক্তি মডিউলে মোট ১৪টি প্রশ্ন রয়েছে। খানার সদস্যদের তথ্য লেখার জন্য এ মডিউলে ১০টি লাইন রয়েছে। প্রতিটি লাইনে খানার একজন সদস্যের তথ্য ধারণ করা যাবে।

12. শুমারি রাত্রিতে খানায় উপস্থিত সদস্যদের নাম (খানা প্রধান থেকে শুরু করুন)ঃ

Modified De Facto পদ্ধতি অনুসরণ করে শুমারি রাত্রিতে এ খানায় অবস্থানকারী সদস্যদের মূল নাম (যে নামে পরিচিত) ইংরেজী বড় অক্ষরে লিখতে হবে। ভার্টিক্যাল বুল অনুসরণ করে প্রথম লাইনে স্পষ্ট করে খানা প্রধানের ডাক নাম লিখুন। খানা প্রধানের নাম মোঃ রফিকুল ইসলাম হলে (উত্তর দাতা যদি রফিক বলে) RAFIQ লিখুন। একইভাবে, দ্বিতীয় লাইনে খানা প্রধানের স্ত্রী/স্বামীর নাম লিখুন। খানা প্রধানের স্ত্রীর নাম খন্দকার ছাইদা নাহিদ হলে SAIDA লিখুন। তারপর ছোট সন্তান হতে শুরু করে অন্যান্য সন্তানদের নাম এবং পর্যায়ক্রমে অন্যান্য আত্মীয় ও কাজের লোক সহ অন্যান্য অনাত্মীয়ের ডাক নাম ইংরেজীতে লিখুন। খানার যে সমস্ত সদস্যরা শুমারি রাত্রিতে শুমারি কাজ ছাড়াও নাইট ডিউটিতে কর্তব্যরত ছিলেন অথবা যানবাহনে চলমান আছেন/ছিলেন তাদেরকে খানায় গুণতে হবে।

13. সদস্যদের ক্রমিক নংঃ

কোন খানার সদস্য সংখ্যা ৭ বা তার কম হলে দশকের ঘরে '0' লিখার প্রয়োজন নেই। সদস্য সংখ্যা 10-৭ হলে দশকের ঘরে 1 এবং 20-2 ৭ হলে দশকের ঘরে 2 ইত্যাদি লিখতে হবে। একই সাথে প্রশ্ন 1b এর উত্তর লিখতে হবে।

প্রশ্ন-14. বয়স (পূর্ণ বছরে)ঃ

প্রশ্ন 14 থেকে 25 পর্যন্ত Horizontal বুল অনুসরণ করে প্রথমে খানা প্রধানের বয়স ও অন্যান্য তথ্য, তার স্ত্রী ও অন্যান্য সদস্যের তথ্য সংগ্রহ করা হবে। বয়স একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। বাংলাদেশের অধিকাংশ লোক তা জানে না এবং জানলেও সঠিক তথ্য সরবরাহ করে না। সঠিক বয়স যাচাই করার জন্য Probing প্রশ্ন জিজ্ঞাসা করা প্রয়োজন হয়। এ ক্ষেত্রে, ছোট সন্তানের বয়স, বিবাহের সময় বয়স, স্বাধীনতা সংগ্রাম, ১৯৭০ সালের ঝড়, ১৯৮৮ সালের বন্যা এবং ঐতিহাসিক ঘটনার সাথে মিলিয়ে সঠিক বয়স প্রাক্কলন করুন এবং নির্ধারিত ঘরে লিখুন। সন্দেহ হলে জাতীয় পরিচয়পত্র বা অন্য কোন প্রমাণক দলিলের সাথে মিলিয়ে বয়স যাচাই করতে হবে। বয়স ১ (এক) বছরের কম হলে লিখুন এবং ১০০ (একশত) বছর বা তদুর্ধ্ব হলে লিখুন।

প্রশ্ন-15. খানা প্রধানের সাথে সম্পর্কঃ

খানা প্রধানের সহিত সম্পর্কে ৫টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে এবং প্রতিটি শ্রেণীর জন্য প্রশ্নপত্রে একটি করে কলাম সংরক্ষণ করা হয়েছে যথা-

- ১ম - খানা প্রধান;
- ২য় - খানা প্রধানের স্ত্রী/স্বামী;
- ৩য় - সন্তান;
- ৪র্থ - অন্যান্য আত্মীয়; এবং
- ৫ম - অনাত্মীয়

খানা সদস্যের জন্য এ ৫টি সম্পর্কের মধ্যে যে কোন একটি প্রযোজ্য চেক বক্সে ক্রস ☒ দিন।

16. লিংগঃ

লিঙ্গ পুরুষ হলে পুরুষ চেক বক্সে ক্রস ☒ দিন।

লিঙ্গ মহিলা হলে মহিলা চেক বক্সে ক্রস ☒ দিন।

হিজরা হলে তার চাল-চলন দেখে পুরুষ অথবা মহিলার প্রযোজ্য চেক বক্সে ক্রস দিন।

17. বৈবাহিক অবস্থা ০ঃ বৈবাহিক অবস্থাকে ৪টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে।

অবিবাহিত হলে ১ম চেক বক্সে ক্রস ☒ দিন;

বিবাহিত হলে ২য় চেক বক্সে ক্রস ☒ দিন;

বিধবা/বিপত্নীক হলে ৩য় চেক বক্সে ক্রস ☒ দিন;

তালাকপ্রাপ্ত/বিচ্ছিন্ন/পরিত্যক্ত হলে ৪র্থ চেক বক্সে ☒ দিন।

প্রশ্ন-18. ধর্ম ০ঃ ধর্মকে ৫টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে।

ধর্ম ইসলাম হলে ১ম চেক বক্সে ☒ দিন ;

ধর্ম হিন্দু হলে ২য় চেক বক্সে ☒ দিন ;

ধর্ম খৃষ্টান হলে ৩য় চেক বক্সে ☒ দিন ;

ধর্ম বৌদ্ধ হলে ৪র্থ চেক বক্সে ☒ দিন ;

ধর্ম অন্যান্য হলে ৫ম চেক বক্সে ☒ দিন

প্রশ্ন-19. প্রতিবন্ধী কি?

প্রতিবন্ধী ওয়েলফেয়ার অ্যাক্ট ২০১০ অনুযায়ী প্রতিবন্ধী বলতে জন্মগত বা অন্যকোন কারণে শারীরিকভাবে অক্ষম বা সম্পূর্ণ/আংশিক বিকলাংগ বা মানসিকভাবে ভারসাম্যহীনকে বুঝায়। এবারের শুমারিতে ওয়াশিংটন গুপের সুপারিশ মোতাবেক প্রতিবন্ধীকে ৬টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে।

উত্তর দাতাকে প্রশ্ন করুন, এ খানার সদস্যদের মধ্যে কারো কথা বলার, দেখার, শোনার, শারীরিক বা মানসিক সমস্যা আছে কি? এ ব্যাপারে প্রশ্ন করুন।

এ খানার কোন সদস্যের উপরে বর্ণিত কোন সমস্যা না থাকলে চেক বক্সে

0 লিখুন;

বাক প্রতিবন্ধী হলে অর্থাৎ কারো স্পষ্ট করে কথা বলার কোন সমস্যা থাকলে চেক বক্সে

1 লিখুন;

দৃষ্টি প্রতিবন্ধী হলে অর্থাৎ চশমা ব্যবহার করেও দেখতে অসুবিধা হলে চেক বক্সে

2 লিখুন;

3

শ্রবণ প্রতিবন্ধী হলে অর্থাৎ Hearing Aid ব্যবহারের পরেও শুনতে অসুবিধা হলে চেক বক্সে ☐ লিখুন;

শারীরিক প্রতিবন্ধী হলে অর্থাৎ স্বাভাবিকভাবে চলতে অসুবিধা হলে চেক বক্সে ☐ 4 লিখুন;

মানসিক প্রতিবন্ধী হলে অর্থাৎ মানসিকভাবে অস্থির/অসুস্থ থাকলে চেক বক্সে ☐ 5 লিখুন;

অটিষ্টিক হলে অর্থাৎ বুদ্ধির সীমাবদ্ধতা/একাকী চলার প্রবণতা থাকলে চেক বক্সে ☐ 6 লিখুন;

প্রশ্ন-20. বর্তমানে ছাত্র কি?

উত্তর হ্যাঁ হলে হ্যাঁ বক্সে ক্রস ☒ দিন।

উত্তর না হলে না বক্সে ক্রস ☒ দিন।

প্রশ্ন ২১ হতে প্রশ্ন ২৫ পর্যন্ত শুধু ৭ বছর ও ততোধিক বয়সের লোকদের জন্য পূরণ করতে হবে।

প্রশ্ন-21. সর্বোচ্চ শ্রেণী পাশ ০ঃ

খানা প্রধান হতে শুরু করে প্রত্যেকের জন্য জিজ্ঞেস করুন, ‘তিনি কোন শ্রেণী পাশ করেছেন?’ উত্তর টালিশিটের উল্টোদিকে প্রদত্ত শ্রেণীর পাশ কোডের সঙ্গে মিলিয়ে দুই অংকে কোড চেক বক্সে লিখুন। প্রশিক্ষণের সুবিধার্থে সর্বোচ্চ শ্রেণী পাসের কোড নিম্নে প্রদান করা হ’ল-

00 - স্কুলে যায়নি/১ম শ্রেণী পাস করেনি	05 - ৫ম শ্রেণী	10 - এসএসসি বা সমমান
01 - ১ম শ্রেণী	06 - ৬ষ্ঠ শ্রেণী	12 - এইচএসসি বা সমমান
02 - ২য় শ্রেণী	07 - ৭ম শ্রেণী	15 - স্নাতক বা সমমান
03 - ৩য় শ্রেণী	08 - ৮ম শ্রেণী	16 - স্নাতক (সম্মান) বা সমমান
04- ৪র্থ শ্রেণী	09 - ৯ম শ্রেণী	18 - স্নাতকোত্তর বা সমমান

উদাহরণঃ

কখনও স্কুলে যায়নি অথবা প্রথম শ্রেণী পাস করেনি বললে শিক্ষা কোড লিখুন। পঞ্চম শ্রেণী পাস করলে লিখুন। স্নাতক পাস হলে লিখুন এবং স্নাতকোত্তর পাস হলে লিখুন।

প্রশ্ন-22. পাশের ক্ষেত্র ০ঃ

পাশের ক্ষেত্র ৪টি শ্রেণীতে বিভক্ত যথা- সাধারণ, ভোকেশনাল/টেকনিক্যাল, ধর্মীয় এবং প্রযোজ্য নয়।

সাধারণ বলতে বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিষয়ে ডিগ্রীধারীদের বুঝায়। ভোকেশনাল/টেকনিক্যাল বলতে ডাক্তার, ইঞ্জিনিয়ার, কৃষিবিদ ও কারিগরি প্রশিক্ষণ বিষয়াদি বুঝায়। মাদ্রাসা অথবা অন্য কোন ধর্মীয় শিক্ষালয় হতে পাসের ক্ষেত্রকে ধর্মীয় বুঝায়। প্রযোজ্য চেক বক্সে ক্রস ☒ দিন।

প্রশ্ন-23. চিঠি লিখতে পারেন কি?

৭ বছর ও ততোধিক বয়সের সদস্যদের প্রশ্ন করুন, ‘তিনি কি চিঠি লিখতে পারেন বা তার মনের ভাব স্পষ্ট করে লিখতে পারেন?’ উত্তর হ্যাঁ হলে হ্যাঁ চেক বক্সে ক্রস ☒ দিন এবং না হলে না চেক বক্সে ক্রস ☒ দিন।

প্রশ্ন-24. কাজের মর্যাদা ০ঃ

কাজের মর্যাদা ৪ শ্রেণীতে বিভক্ত করা হয়েছে যথা কর্মরত, কাজ খুঁজিতেছে, গৃহকর্ম এবং কাজ করে না। কর্মরত হলে ‘কাজে নিয়োজিত’ বক্সে, কাজে নিয়োজিত নয় কিন্তু কাজ করতে ইচ্ছুক হলে ‘কাজ খুঁজিতেছে’ বক্সে, গৃহ কর্মে নিয়োজিত থাকলে ‘গৃহকর্ম’ বক্সে এবং কোন কাজ না করলে অথবা করার অনুপযুক্ত হলে ‘কাজ করেনা’ বক্সে ক্রস ☒ দিন।

কাজে নিয়োজিত বলতে বেতন বা মজুরীর বিনিময়ে কোন খানা / প্রতিষ্ঠানে কাজ করা অথবা নিজস্ব জমি বা ব্যবসা প্রতিষ্ঠানে কোন কিছু উৎপাদন, বিক্রয় বা সেবা প্রদান ইত্যাদি কাজে নিয়োজিত থাকাকে বুঝায়। উল্লেখ্য, কোন ছাত্র পড়ালেখার পাশাপাশি টিউশনি করলে সে কর্মরত হিসেবে গণ্য হবেনা।

কাজ খুঁজিতেছে বলতে যোগ্যতা ও সক্ষমতা থাকা সত্ত্বেও যিনি কোন কাজ করেননা তবে তিনি কাজ খুঁজিতেছেন এবং কাজ পেলে করবেন তাকে বুঝায়।

গৃহকর্ম বলতে নিজ বাড়িতে রান্না-বান্না, গৃহস্থালী বা বাসার প্রয়োজনীয় কাজ করাকে বুঝায়। তবে কোন ব্যক্তি বাসা /বাড়িতে মজুরীর বিনিময়ে কাজ করে থাকলে তা গৃহকর্ম হিসেবে গণ্য হবেনা।

প্রশ্ন-25. কর্মরত হলে কাজের ক্ষেত্র ০৪

প্রশ্ন ২৪ এর উত্তর কর্মরত হলে কাজের ক্ষেত্রকে ৩টি প্রধান শ্রেণীতে বিভক্ত করতে হবে- কৃষি, শিল্প ও সেবা।

অধিকাংশ সময় কৃষি কাজ, গবাদিপশু পালন, মাছ চাষ ও বনবিভাগের কাজে শ্রমিক অথবা মালিক হিসেবে কর্মরত থাকলে কৃষি বক্সে ক্রস ☒ দিন; অধিকাংশ সময় শিল্প-কারখানা কাজে শ্রমিক অথবা মালিক হিসেবে কর্মরত থাকলে শিল্প বক্সে ক্রস ☒ দিন এবং অধিকাংশ সময় পেশাজীবী, চাকুরীজীবী ও সেবাদান কাজে নিয়োজিত থাকলে (যথা- ডাক্তার, উকিল, নাপিত, ইত্যাদি) সেবা বক্সে ক্রস ☒ দিন।

ব্যক্তি মডিউলের প্রশ্ন 12 হতে 25 পর্যন্ত কোন প্রশ্ন না বুঝলে প্রশ্ন করুন। (প্রশ্ন থাকলে উদাহরণসহ বুঝিয়ে বলুন।) এখন আমি আপনাদের মধ্যে হতে ১৪ জনকে ব্যক্তি মডিউল হতে ১৪টি প্রশ্ন করব। (কাউকে উদ্দেশ্য করে প্রশ্ন করুন) বলুন ত 12 নং প্রশ্নের প্রথম লাইনে কার নাম লিখতে হবে? (এভাবে সবগুলি প্রশ্ন জিজ্ঞেস করুন এবং পর্যালোচনা করুন)।

2.6 মক প্রশিক্ষণঃ

এখন আমরা মক প্রশিক্ষণের অভিনয় করব। এতে ৩ জন গণনাকারী, ৩ জন উত্তরদাতা এবং ৩ জন সুপারভাইজার থাকবেন। গণনাকারীগণ প্রশ্ন করবেন, উত্তরদাতা উত্তর দেবেন এবং সুপারভাইজারগণ তা তদারকি করবেন। আমরা সবাই তা দেখব ও পর্যালোচনা করব এবং উত্তম পদ্ধতি বাছাই করে নেব। প্রশিক্ষণার্থীগণ বাসায় গিয়ে স্ব স্ব খানার জন্য প্রথম শিটের দ্বিতীয় প্রশ্নপত্রটি পূরণ করবেন।

আগামীকাল সকাল ৯:০০ ঘটিকায় এ প্রশিক্ষণ ক্লাসে আমরা একত্রিত হব এবং পূরণকৃত প্রশ্নপত্রটি যাচাই করব। অতঃপর হাজিরা গ্রহণ করে সুপারভাইজারের নেতৃত্বে গণনাকারীগণসহ সকলে সরেজমিনে প্রশ্নপত্র পূরণের জন্য মাঠে যাব।

(আপনাদের সবাইকে ধন্যবাদ)

(তৃতীয় দিনের প্রশিক্ষণ)

তৃতীয় অধ্যায়ঃ মাঠ পর্যায়ে প্রশ্নপত্র পূরণ ও পর্যালোচনা

প্রশ্ন-3.1 মাঠ পর্যায়ে প্রশ্নপত্র পূরণঃ

এখন আমি আপনাদের হাজিরা নেব। অতঃপর সুপারভাইজারগণ ও তাদের অধীনস্থ গণনাকারীগণকে সাথে নিয়ে প্রশ্নপত্র সরেজমিনে পূরণের জন্য স্ব স্ব এলাকায় যাব। সুপারভাইজারগণকে তাদের এলাকার সুপারভাইজার ম্যাপ, প্রশিক্ষণ প্রশ্নপত্র এবং কম্পিউটার তালিকা নিয়ে মাঠে যেতে হবে। সুপারভাইজারগণ তাদের গণনাকারীগণসহ তাদের অধীনস্থ যে কোন একটি গণনা এলাকায় যাবেন এবং উত্তর-পশ্চিম কোণ হতে শুরু করে সর্পাকার পদ্ধতি অনুযায়ী প্রত্যেক গণনাকারীর দ্বারা দ্বিতীয় শিটের দু'টি প্রশ্নপত্রে দু'টি খানার তথ্য সংগ্রহ করবেন। মনে রাখবেন, তথ্য সংগ্রহের সময় প্রত্যেক গণনাকারীকে প্রতিটি খানায় গিয়ে কুশল বিনিময় করতে হবে, উপযুক্ত উত্তরদাতা বাছাই করতে হবে এবং তাদের নিকট হতে খানা ও ব্যক্তি সংক্রান্ত ২৫টি প্রশ্নের উত্তর সংগ্রহ করতে হবে। ১২:০০ টার মধ্যে সুপারভাইজারগণ পূরণকৃত প্রশ্নপত্রসহ পুনরায় প্রশিক্ষণ ক্লাসে ফেরত আসবেন।

[অতঃপর জোনাল অফিসার ১২:০০ থেকে ১:৩০ ঘটিকা পর্যন্ত প্রত্যেক সুপারভাইজার ও গণনাকারীর নিকট হতে তাদের অভিজ্ঞতার বিবরণ শুনবেন এবং তাদের পূরণকৃত প্রশ্নপত্র যাচাই করবেন।]

প্রশ্ন-3.2 টালিশিট পূরণ পদ্ধতিঃ

বিকাল ২:৩০ টা হতে ৩:০০ ঘটিকা পর্যন্ত টালিশিট পূরণ করার নিয়ম শিখানো হবে। টালিশিটে ৩টি অংশ রয়েছে।

- (1) ১ম অংশটি গণনা এলাকা পরিচিতি;
- (2) ২য় অংশটি খানা ও জনসংখ্যার সার-সংক্ষেপ (বইয়ের হিসাবসহ); এবং
- (3) ৩য় অংশটি গণনাকারী, সুপারভাইজার, জোনাল অফিসার ও ইন্ডেন্টরীকারীর পরিচিতি সংক্রান্ত।

১ম অংশটি গণনা এলাকা পরিচিতিঃ

কম্পিউটার জিও কোড তালিকা থেকে সংশ্লিষ্ট গণনা এলাকাটি যে বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন/ওয়ার্ড, মৌজা/মহল্লা এবং গ্রামের নাম ও কোড লিখতে হবে। সবশেষে গণনা এলাকার নম্বর লিখতে হবে। একটি বিষয় মনে রাখতে হবে পৌর এলাকার ক্ষেত্রে গ্রামের কোড 00 লিখতে হবে।

২য় অংশটি খানা ও জনসংখ্যার সার-সংক্ষেপ(বইয়ের হিসাবসহ)০৪ পূরণকৃত প্রতিটি বইয়ের জন্য পূরণ করতে হবে।

পূরণকৃত প্রতিটি বইয়ে গণনাকৃত মোট খানার মধ্যে যতটি সাধারণ খানা তার সংখ্যা ১ম লাইনের চেক বক্সে, যতটি প্রাতিষ্ঠানিক খানা দ্বিতীয় লাইনের চেক বক্সে এবং যতটি অন্যান্য খানা তার সংখ্যা ৩য় লাইনের চেক বক্সে এবং মোট খানার সংখ্যা চতুর্থ লাইনের চেক বক্সে হিসেব করে লিখতে হবে। একই নিয়মে মোট লোক সংখ্যার মধ্যে পুরুষের সংখ্যা প্রথম লাইনে, মহিলার সংখ্যা দ্বিতীয় লাইনে এবং মোট লোক সংখ্যা তৃতীয় লাইনে চেক বক্সে ইংরেজীতে লিখুন।

RMO কোডের চেক বক্সে সংশ্লিষ্ট কোড লিখুন। কোন গণনা এলাকায় শুধু একটি বই পূরণ করা হলে বইয়ের হিসেবের ঘরে ☐ টি বইয়ের ☐ নম্বর বই লিখুন। কোন গণনা এলাকায় ২টি বই পূরণ করা হলে প্রথম বইটির টালিশিটে ২টি বইয়ের ১নম্বর বই এবং দ্বিতীয় বইটির জন্য ২টি বইয়ের ২ নম্বর বই লিখুন।

৩য় অংশটি গণনাকারী সুপারভাইজার, জোনাল অফিসার ও ইন্ভেন্টরীকারীর পরিচিতিঃ

১ম লাইনে গণনাকারীর নাম লিখতে হবে। অতঃপর গণনাকারী পুরুষ হলে পুরুষ চেক বক্সে অথবা মহিলা হলে মহিলা চেক বক্সে ক্রস দিতে হবে এবং নিয়োগপত্রের ক্রমিক নং দেখে নম্বর এর খালি বক্সসমূহ পূরণ করতে হবে। একইভাবে দ্বিতীয় লাইনটি সুপারভাইজারের জন্য পূরণ করতে হবে। তৃতীয় লাইনে জোনাল অফিসারের নাম, লিঙ্গ, নম্বর ও স্বাক্ষর এবং ৪র্থ লাইনে ইনভেন্টরীকারীর নাম, লিঙ্গ, নম্বর ও স্বাক্ষর প্রদান করতে হবে।

বিঃ দ্রঃ প্রতিটি গণনা এলাকার জন্য যতটি বই পূরণ করা হবে, তার প্রতিটি বইয়ের জন্য পৃথক টালিশিট পূরণ করতে হবে এবং পূরণকৃত প্রত্যেকটি বইয়ের ২ টি টালিশিট পূরণ করতে হবে।

3.3 শুমারি অনুষ্ঠান ও শুমারি দিনপঞ্জিঃ

একই সাথে দেশের সর্বত্র শুমারি অনুষ্ঠান এবং শুমারি নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষণ প্রদান হতে শুরু করে লোক গণনা এবং শুমারি হতে কোন খানা বা লোক গণনা হতে বাদ পড়েছে কিনা তা যাচাই, টালিশিট পূরণ এবং সম্মানী প্রদান এবং শুমারি মালামাল জমাদানের জন্য একটি দিনপঞ্জি তৈরী করা হয়েছে। গণনাকারী ও সুপারভাইজারগণকে উল্লেখিত দিনপঞ্জি অনুযায়ী তাদের দায়িত্বপালন করতে হবে।

যা নিম্নে উপস্থাপন করা হ'লঃ

তারিখ	কাজের বিবরণ	দায়িত্ব পালনকারী
০১-০৪ মার্চ ২০১১	শুমারি কমিটি সভা অনুষ্ঠান, গণনাকারী ও সুপারভাইজারের সাথে যোগাযোগ ও তালিকা চূড়ান্তকরণ, প্রশিক্ষণ কেন্দ্র প্রস্তুত, শুমারি প্রচার ও শুমারি দ্রব্যাদি সংরক্ষণ	জোনাল অফিসার ও ডিসিসি
০৫-০৭ মার্চ ২০১১	প্রথম ব্যাচ- গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ	জোনাল অফিসার ও ডিসিসি
০৮-১০ মার্চ ২০১১	দ্বিতীয় ব্যাচ- গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ	
১১-১৩ মার্চ ২০১১	তৃতীয় ব্যাচ- গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ	
১৪ মার্চ ২০১১	১। মাইকিং এবং ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি সংক্রান্ত প্রচার	সুপারভাইজার ও জোনাল অফিসার
	২। দিবাগত রাত্রিতে (রাত্রি ০:০০ হতে ভোর ৬:০০ পর্যন্ত) ভাসমান লোকদের গণনা	গণনাকারী, সুপারভাইজার, জোনাল অফিসার ও ডিসিসি
১৫ মার্চ ২০১১	সকাল ৮:০০ টা হতে গণনা এলাকার উত্তর-পশ্চিম কোণ থেকে গণনা শুরু এবং ৫টি খানা প্রশ্নপত্র পূরণের পর সুপারভাইজার/জোনাল অফিসারের লিখিত ছাড়পত্র সহ পুরোদমে গণনা শুরু	গণনাকারী, সুপারভাইজার ও জোনাল অফিসার
১৫-১৯ মার্চ ২০১১	ঘরে ঘরে খানা ও লোক গণনা	গণনাকারী ও সুপারভাইজার
২০ মার্চ ২০১১	সকাল ০৯:০০ ঘটিকায় মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান হতে মাইকের মাধ্যমে তখনও পর্যন্ত যারা গণনাভুক্ত হননি তাঁদেরকে গণনাভুক্ত হওয়ার জন্য সর্বশেষ আহবান জানাতে হবে। মাইকের বক্তব্য হবে “গণনা শেষ হওয়ার আর মাত্র ৮:০০ ঘণ্টা বাকি।” এখনও পর্যন্ত যারা গণনাভুক্ত হননি তাঁদেরকে নিকটস্থ শুমারি কর্মীদের নিকট শুমারি তথ্য প্রদানের জন্য আহবান করা হচ্ছে”	সুপারভাইজার ও জোনাল অফিসার
২১ মার্চ ২০১১	১। গণনাকারী কর্তৃক পূরণকৃত প্রশ্নপত্র যাচাই ও টালিশিট পূরণ	গণনাকারী
	২। সুপারভাইজার কর্তৃক প্রশ্নপত্র যাচাই ও ফরম-৬ পূরণ	সুপারভাইজার
	৩। জোনাল অফিসার কর্তৃক প্রশ্নপত্র, টালিশিট ও ফরম-৬ পূরণ যাচাই	জোনাল অফিসার

২২ মার্চ ২০১১	প্রশ্লপত্র যাচাই এবং গণনাকারী ও সুপারভাইজারগণের নিকট হতে পূরণকৃত প্রশ্লপত্র ও অন্যান্য শুমারি দ্রব্যাদি গ্রহণ, সম্মানি চেক প্রদান ও ফরম ৭ পূরণ।	জোনাল অফিসার ও ইউসিসি
২৩ মার্চ ২০১১	জেলা অফিসে প্রশ্লপত্র জমাদান ও ফরম ৮ পূরণ।	জোনাল অফিসার ও ইউসিসি
২৪-২৫ মার্চ ২০১১	শুমারি বই ও অন্যান্য মালামাল প্রকল্প অফিসে জমাদান।	ডিসিসি

কন্ট্রোল ফরম-৬ পূরণঃ

সুপারভাইজারগণকে গণনা শেষে ২২ নং পৃষ্ঠায় প্রদত্ত কন্ট্রোল ফরম-৬ পূরণ করতে হবে। এ ফরমে প্রত্যেকটি লাইন একজন গণনাকারীর জন্য পূরণ করতে হবে। উক্ত ফরমে কলাম ১ থেকে ১৩ পর্যন্ত তথ্য টালিশিট থেকে পাবেন। অবশিষ্ট কলাম ১৪ থেকে ১৯ পর্যন্ত তথ্য প্রদত্ত বই, পূরণকৃত ও অপূরণকৃত বইয়ের সংখ্যা, পেন্সিলের সংখ্যা পরীক্ষা করে লিখতে হবে।


পূরণকৃত প্রশ্লপত্রের নমুনাঃ পৃষ্ঠা-২৩

পৃষ্ঠা-২৩ এ পূরণকৃত প্রশ্লপত্রের একটি নমুনা দেয়া হয়েছে। এ পূরণকৃত ফরমটি অনুকরণ করে গণনাকারীগণকে প্রতিটি খানার জন্য শুমারি ফরম পূরণ করতে হবে।

শুমারি প্রচারঃ


জোনাল অফিসার/ সুপারভাইজারগণ মাইকের মাধ্যমে শুমারি প্রচারের সময় নিম্নোক্ত বক্তব্য প্রচার করবেন -

সম্মানিত এলাকাবাসী, “১৫ মার্চ রোজ মঙ্গলবার হতে দেশব্যাপী আদমশুমারি ও গৃহগণনা ২০১১ শুরু হবে/হয়েছে। গণনাকারীগণ আপনাদের ঘরে ঘরে গিয়ে তথ্য সংগ্রহ করবেন। এ কাজ আগামী ১৯ মার্চ ২০১১ রোজ শনিবার পর্যন্ত চলবে। স্থানীয় ও জাতীয় পর্যায়ে সকল ধরনের উন্নয়ন কর্মকান্ড গ্রহণ ও বাস্তবায়নের জন্য শুমারি তথ্য একান্ত প্রয়োজন। অতএব, জাতীয় স্বার্থে সবাই গণনাভুক্ত হউন এবং অন্যকে গণনাভুক্ত হতে উৎসাহিত করুন”।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

আদমশুমারি ও গৃহগণনা ২০১১



গণনাকারী

ছবি

ক্রমিক - **303028**

নাম :
পিতার নাম :
জেলা :
উপজেলা/থানা :
জোন নং :
গ্রাম/মহল্লা :
গণনা এলাকা নং :

শুমারি তারিখ : ১৫, ১৬, ১৭, ১৮ ও ১৯ মার্চ ২০১১

গণনাকারী নিয়োগপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো


শুমারি আইন “সেগাস অর্ডার ১৯৭২ : রাষ্ট্রপতির আদেশ নং-৭০, ১৯৭২” এর ধারা ৬ অনুসারে

নাম :
পিতার নাম :

কে আদমশুমারি ও গৃহগণনা ২০১১-এর গণনাকারী পদে নিয়োগ করা হইল।
এই নিয়োগ বলে তিনি নির্ধারিত গণনা এলাকার যে কোন গৃহ, খানা এবং বসবাসকারী লোকের সহিত সাক্ষাৎ করিয়া শুমারি তথ্য দিতে অনুরোধ করিতে পারিবেন। তাহার অনুরোধ অনুযায়ী সকল খানা প্রধান বা খানার কোন দায়িত্বশীল ব্যক্তি শুমারি তথ্য দিতে বাধ্য থাকিবেন।
শুমারিতে ভুল তথ্য সরবরাহ এবং তথ্য প্রদানে অস্বীকৃতি দণ্ডনীয় অপরাধ। অন্যদিকে গণনাকারীকে সংগৃহীত ব্যক্তিগত তথ্য গোপন রাখিতে হইবে, অন্য কাহাকে এই তথ্য জানান নিষিদ্ধ ও দণ্ডনীয় অপরাধ।
এই নিয়োগপত্রটি পরিচয়পত্র হিসাবে গণ্য করা হইবে এবং শুমারি চেক ভাঙানোর সময় নিয়োগপত্রটি ব্যাংকে জমা দিতে হইবে।
এই নিয়োগ অবিলম্বে কার্যকরী হইবে ও আগামী ৩০ এপ্রিল, ২০১১ অপরাহ্ন পর্যন্ত বলবৎ থাকিবে।


অফিস
ফোন- ৯১১২৫৮৯
ফ্যাক্স- ৯১১১০৬৪
ই-মেইল- dg@bbs.gov.bd

স্বাক্ষর :
নাম :
জোনাল অফিসার
ফোন :



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

আদমশুমারি ও গৃহগণনা ২০১১



সুপারভাইজার

ছবি

ক্রমিক - **51496**

নাম :
পিতার নাম :
জেলা :
উপজেলা/থানা :
জোন নং :
ইউনিয়ন/ওয়ার্ড :
সুপারভাইজার নং :

শুমারি তারিখ : ১৫, ১৬, ১৭, ১৮ ও ১৯ মার্চ ২০১১

সুপারভাইজার নিয়োগপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

শুমারি আইন “সেঙ্গাস অর্ডার ১৯৭২ : রাষ্ট্রপতির আদেশ নং-৭০, ১৯৭২” এর ধারা ৬ অনুসারে

নাম :
পিতার নাম :

কে আদমশুমারি ও গৃহগণনা ২০১১-এর সুপারভাইজার পদে নিয়োগ করা হইল।

এই নিয়োগ বলে তিনি নিয়োগপ্রাপ্ত এলাকার গণনাকারীদের শুমারি কাজ সুষ্ঠুভাবে চলিতেছে কিনা তা যাচাই করিতে পারিবেন এবং গণনাকারীকে সঠিক তথ্য দিতে জনগণকে অনুরোধ করিতে পারিবেন। তিনি তাহার অধীনস্থ সকল গণনাকারীর কাজ তদারক করিবেন এবং গণনাকারীগণ তাহার নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

শুমারিতে ভুল তথ্য সরবরাহ এবং তথ্য প্রদানে অস্বীকৃতি দণ্ডনীয় অপরাধ। অন্যদিকে গণনাকারী কর্তৃক সংগৃহীত ব্যক্তিগত তথ্য গোপন রাখিতে হইবে, অন্য কাহাকে এই তথ্য জানান নিষিদ্ধ ও দণ্ডনীয় অপরাধ।

এই নিয়োগপত্রটি পরিচয়পত্র হিসাবে গণ্য করা হইবে এবং শুমারি চেক ভাঙানের সময় নিয়োগপত্রটি ব্যাংকে জমা দিতে হইবে।

এই নিয়োগ অবিলম্বে কার্যকরী হইবে ও আগামী ৩০ এপ্রিল, ২০১১ অপরাহ্ন পর্যন্ত বলবৎ থাকিবে।

অফিস
ফোন- ৯১১২৫৮৯
ফ্যাক্স- ৯১১১০৬৪
ই-মেইল- dg@bbs.gov.bd

স্বাক্ষর :
নাম :
জোনাল অফিসার
ফোন :

60-010145-0001

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শহিদুল্লাহা মজুমদার, পরিসংখ্যান বিভাগ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আদমশুমারি ও গৃহগণনা-২০১১
গণনা কার্যের জন্য নির্দেশাবলী



সাধারণ নির্দেশাবলী

- ২। প্রতিটি খাণ্ডের জন্য ন্যূনতম একটি প্রশ্নপত্র প্রস্তুত করতে হবে।
- * কোল অবকাঠাই প্রশ্নপত্র ছিঁদ করা যাবে না, ভাঁজ করা যাবে না, কেঁড়া যাবে না, অতিরিক্ত ধষাখাড়া করা যাবে না এবং ভেঙাচোঁয়া যাবে না।

- ২। জিও কোড: জিও কোডের কোল কে বহু খালি রাখা যাবে না। জিও কোডের মাধ্যমে দিক কোল ঘর খালি থাকলে তা ০ দ্বারা পূরণ করতে হবে। শহর এলাকায় গ্রাম কোড প্রদেয়। গ্রাম কোডের ফে বহু ০ ০ লিখতে হবে।

- [illegible]

- ৪। গণনা এলাকা ভাণ্ডার ব্যবহার করে গণনা পদ্ধতি: গণনা এলাকার উত্তর পশ্চিম কোণ হতে গণনা শুরু করে সর্বাধিক পদ্ধতি অনুসরণ করে সব সময় হাতের ডাল দিকের খানাটি ঝুলতে হবে। এক্ষেত্রে ১ম খানাটির ক্রমিক লং হবে ০০১ এবং ২য় খানাটির ক্রমিক লং হবে ০০২ ইত্যাদি।

- ৫। শুভমহা তথা বারানসীজি: প্রস্তুতের প্রায় নব্বয় 1b, 2a, 2b, 5, 11b, 13, 14, 19 প্রায় 21 প্রায় উত্তর সংশ্লিষ্ট বস্ত্রা ইংরেজী সংখ্যায়া লিখাজি হতে (যেমন, প্রায় নব্বয় 5 এর উত্তরে গারের সংখ্যা ৬টি হয়। সংশ্লিষ্ট বস্ত্রা করে ৫ লিখাজি হতে। অতীত। প্রত্যেক উত্তর প্রযোজ্য বস্ত্রের মাঝখানে এমন চিহ্ন (X) প্রদান করে ধারণ করিতে হবে। (যেদান রাখাজি হইবে কোনভাবে এমন চিহ্ন করে ইংরেজী সংখ্যায়া দেব। কে বস্ত্রের বাহিরে দান যান।

- ৬। পোলিশ ব্যবহার: শুধুমাত্র সববাহকৃত 2B পোলিশ ব্যবহার করে প্রযোজ্য ব্রাশ ক্রস X দিন এক সংশ্লিষ্ট ব্রাশ ইংরেজী সংখ্যান উত্কে লিখুন।

ଆଜ୍ଞା ଅଭିଭୂତନଃ

- স্রল-১৫: খালার ঠিকানা: প্রথম লাইল বাড়ীর পরিচিতি লাম অথবা লম্বর লিখুন। দ্বিতীয় লাইলতে বাল্ম/পাড়া/গ্রাম/লম্বরার লাম লিখুন।

- প্রশ্ন-1৮: চন্দ্রনাথ গাঙ্গুলী: কোন খানার সম্পদা সংখ্যা ১০, ২০, ৩০ জনের বাধিকার একাধিক পুঁজা পুঁজ করত হলে উদাহরণ- কোন খানার সম্পদা সংখ্যা ৩৭ হলে আরও একটি পুঁজ গ্রহণ করতে হলে ১ ফ্রেব্র প্রথম পুঁজ ২ এবং ১ এর বিক্রেয় পুঁজ ০.২ এর ০.২ লিখতে হবে একইভাবে কোন খানার সম্পদা সংখ্যা ১০ হলে তিনটি পুঁজ গ্রহণ করতে হবে ১ ফ্রেব্র প্রথম পুঁজ ০.৩ এর ০.১, বিক্রেয় পুঁজ ০.৩ এর ০.২ এবং তৃতীয় পুঁজ ০.৩ এর ০.৩ লিখতে হবে।

- প্রশ্ন-২৯: খালার ক্রমিক লম্বের, প্রভৃতি খালার ক্রমিক লম্বের ৩টি ইংরেজি সংখ্যায় লিখতে হবে। উদাহরণ: প্রথম খালার ক্রমিক ০ ০ ১, দ্বিতীয় খালার ক্রমিক ০ ২ ইত্যাদি লিখি।^{১২} খালার লম্ব লিখতে হবে। খালার প্রথম থেকে প্রচলিত ওর প্রধান দশকের মনবোবোবোবো চক দিয়ে খালার ক্রমিক লম্বের ০ ১ দ্বিতীয় অংক, প্রথম থেকে একক, দশক ও শতকের প্রাথমিক ঘরে প্রথম খানা লম্বের ০ ০ ১ দ্বিতীয় খালার লম্বের ০ ০ ২ লিখুন, ইত্যাদি।

- ব্রহ্ম-2b: খাণ্ডা প্রাচীন/প্রাচীন প্রাচীনকে জিজ্ঞেস করুন, কতজন লোক এ খাণ্ডায় বসবাস করেন। উত্তর প্রাচীন সংখ্যায় লিখুন।

- দ্রষ্ট-১: ডাঃমানা^১ একটি প্রদত্ত ব্যবহার করে ডাঃমানা লোক উল্লেখ হবে। ডাঃমানা লোক গণনা করবে।
হলে যা ব্রহ্মস্র X দিন এবং ব্যক্তি মাউন্টলের প্রাতিটি লাইন ১ জন ডাঃমানা লোকের জন্য
ধারণ করবে।

- উদাহরণ ৪: খালের আবাসস্থল শুধু বসবাসের জন্য ব্যবহৃত হলে মাধারণ বক্সে ক্রম X দিন। জেলখানা, হোটেল, এতিমখানা, হাসপাতাল, মিলিক, ব্যাবাক হলে প্রাতিষ্ঠানিক বক্সে ক্রম X দিন। এবং অধ্যাত্ম খানা হলে অধ্যাত্ম বক্সে ক্রম X দিন।

- ক্রম-৫: গৃহের নামাং: একটি থানা যে একটি গৃহ (পোখার বন, শাক হর, গোয়াল ঘর ইত্যাদি) ব্যবহার করে। এর সংখ্যা যিনি বস্ত্রের ডিভার ইংরেজীতে শিল্পী। কোন থানায় ভর্তি গৃহ থাকলে যদি বস্ত্রে ৩ শিল্পী। কোন গৃহে প্রত্যেক ভাগে একটি বস্ত্রীক থানা ব্যবহার করলে শেষ থানারের জন্য ১ বস্ত্রে ৫ এবং অন্যথায় থানারের জন্য ৩ শিল্পী।

60-010145-0002

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান বিভাগ বাংলাদেশ পরিসংখ্যান বুরো
আদমশুমারি ও গৃহগণনা-২০১১
গণনাকারীর জন্য নির্দেশাবলী



সাধারণ নির্দেশাবলী

প্রশ্ন-6, 7, 8, 9, 10 ও 11a সমূহের উত্তরের প্রযোজ্য বক্রে ক্রস X দিন।

প্রশ্ন-11b: খানাটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে টালিগিটের উল্টো দিকে প্রদত্ত সম্প্রদায়ের কোড লিখে দেখে খালি বক্স পূরণ করুন।

ব্যক্তি মডিউল:

প্রশ্ন-12: খানার সদস্যের নাম: প্রথমে সংক্ষেপে খানা প্রধানের মূল নাম (যে নামে পরিচিত) ইংরেজীতে লিখুন। দ্বিতীয় নামে খানা প্রধানের স্ত্রী/স্বামী, তৃতীয় নামে ছোট সন্তান, পর্বতী নামে বড় সন্তান, তারপর অন্যান্য আত্মীয় এবং সবশেষে অনাস্থীয়ে নাম লিখুন। খানার কোন সদস্য তমারি বাড়িতে কখনও অথবা যানবাহনে ইমপারভ থাকলে তার নামও লিখতে হবে। সবার নাম লেখা সমান্তর হবার পর পরবর্তী প্রশ্ন করুন "সুমারি রাগিতে এ খানায় আর কেউ ছিল কি?" কেউ বাদ পড়ে থাকলে তার নামও অন্তর্ভুক্ত করুন।

প্রশ্ন-13: সদস্যদের জমিক: খানা প্রধানের জমিক লম্বুর 0.1 হবে। প্রতিটি শিটে খানার ১০ জন সদস্যের তথ্য সংগ্রহ করার সংখ্যার ব্যপক্ষে। কোন খানার সদস্য সংখ্যা ১০ এর অধিক হলে অতিরিক্ত পৃষ্ঠা সূরণ করুন। এক্ষেত্রে খানার সদস্য জমিকের দশকের সংখ্যা বৃদ্ধি পাবে। কোন খানার সদস্য সংখ্যা ১০ হলে দ্বিতীয় পৃষ্ঠায় সদস্যদের জমিক 1, 12 এবং 13 হবে এবং প্রশ্ন 1b-তে উল্লিখিত চলমান পাতার সংখ্যা মিল করে লিখুন।

প্রশ্ন-14: বয়স(পূর্ণ বৎসর): খালি বক্রে প্রত্যেকের বয়স পূর্ণ বছরে দুই অংকে ইংরেজী সংখ্যায় লিখুন। কারো বয়স ১২ মাসের কম হলে 0.0 লিখুন। কারো বয়স ১০০ বৎসর বা ততোধিক হলে 99 লিখুন। বয়স একটি অন্তর্গত প্রকল্প পূর্ণ ইতিহাসের। বয়স সন্থকে আলোকেই সঠিক ধারণা নেই। অন্তঃর (কোন ঐতিহাসিক ঘটনা যেমন- স্বাধীনতা যুদ্ধ, ১৯৮৮ সালের বন্যা, বিবাহের সময় বয়স, ছোট ছেলের বয়সের সাথে তুলনা করে উত্তরণতা কর্তৃক লেখা বয়স যাচাই করতে হবে এবং যথা সম্ভব সংশোধন করে লিখতে হবে।

প্রশ্ন-15, 16, 17, 18, 20, 22, 23, 24 ও 25 সমূহের উত্তরের প্রযোজ্য বক্রে ক্রস X দিন।

প্রশ্ন-19: প্রতিবন্ধী: কোন সমস্যা বা থাকলে খালি বক্রে 0 লিখুন, কথা বলার সমস্যা থাকলে খালি বক্রে 1 লিখুন, দেখার সমস্যা থাকলে খালি বক্রে 2 লিখুন, শোনার সমস্যা থাকলে খালি বক্রে 3 লিখুন, শারীরিক সমস্যা থাকলে খালি বক্রে 4 লিখুন, মানসিক সমস্যা থাকলে খালি বক্রে 5 লিখুন এবং অতিরিক্ত হলে 6 লিখুন।

প্রশ্ন-21: সর্বোচ্চ শ্রেণী পাশ (বৎসর): সর্বোচ্চ শ্রেণী পাশ করতে বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের হিসাব অনুযায়ী কত বৎসরের প্রয়োজন হয় সে হিসাবে একটি কোড লিখে প্রদর্শন করা হয়েছে এবং টালিগিটের উল্টো দিকে মুদ্রণ করা হয়েছে। খানা সদস্যগণ যে শ্রেণী পাশ করেছেন তা উক্ত কোড দেখে খালি বক্রে লিখুন। কোড লিখুন। কেউ ছুলে বা গিয়ে থাকলে সর্বোচ্চ শ্রেণী পাশ কোড হবে 0.0, কেউ প্রশংসি পাশ হলে তার কোড হবে 1.0, কেউ স্নাতকোত্তর ও অধিক পাশ হলে কোড হবে 1.8 ইত্যাদি।

22001028



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ

সুপারভাইজার নির্দেশিকা (জোনাল অফিসার, ইউসিসি ও ডিসিসিগণের জন্য)



আদমশুমারি ও গৃহগণনা ২০১১



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
শুমারি সুপারভাইজার নির্দেশিকা

ভূমিকাঃ

বাংলাদেশের ৫ম আদমশুমারি ও গৃহগণনা আগামী ১৫, ১৬, ১৭, ১৮ ও ১৯ মার্চ ২০১১ (বাংলা ১, ২, ৩, ৪ ও ৫ চৈত্র ১৪১৭) রোজ মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনিবার দেশব্যাপী অনুষ্ঠিত হবে। সুনির্দিষ্ট সময়সূচি অনুযায়ী শুমারি কর্মকান্ড সম্পাদনের জন্য একটি শুমারি ক্যালেন্ডার প্রণয়ন করা হয়েছে। উক্ত শুমারি ক্যালেন্ডার অনুযায়ী ১৪ মার্চ ২০১১ দিবাগত রাত ০০.০০ (শূন্য) মুহূর্তকে শুমারি মুহূর্ত এবং শুমারি মুহূর্ত হতে ভোর ৬:০০ ঘটিকা পর্যন্ত সময়কে শুমারি রাত ধরা হয়েছে। শুমারি রাতে সকল ভাসমান লোক গণনা করা হবে। শুমারি রাতে আবাসিক হোটেলে অস্থায়ীভাবে বসবাসরত লোকজনকেও ভাসমান হিসেবে গণনা করা হবে। শুমারি রাতে গভীর সমুদ্রে মাছ ধরার জন্য এবং সুন্দরবনে কাঠ ও মধু আহরণের জন্য অবস্থানরত লোকজনের তথ্য বিশেষ ফরম পূরণ করে সংগ্রহ করা হবে। পরবর্তীতে ভাসমান লোক হিসেবে তাদের তথ্য শুমারি ফরমে ধারণ করা হবে। যারা খানায় বসবাস করেন তাদেরকে ১৫ মার্চ সকাল হতে শুরু করে ৫ দিনে অর্থাৎ ১৯ মার্চ ২০১১ তারিখের মধ্যে ঘরে ঘরে যেয়ে গণনা করা হবে। যারা রাতে কর্মরত অথবা যানবাহনে অবস্থানরত তাঁদেরকে পরবর্তী সময়ে স্ব স্ব খানায় গণনা করতে হবে। হাসপাতাল এবং ক্লিনিকে অবস্থানরত রোগীদের তথ্য হাসপাতাল কর্তৃপক্ষের সহায়তায় বিশেষ ফরম পূরণ করে সংগ্রহ করা হবে এবং সংগৃহীত তথ্য পরবর্তীতে শুমারি ফরমে প্রাতিষ্ঠানিক খানার সদস্য হিসেবে লিপিবদ্ধ করা হবে।

শুমারির ১ম দিন অর্থাৎ ১৫ মার্চ ২০১১ সকাল ৮:০০ ঘটিকায় গণনাকারীগণকে স্ব স্ব সুপারভাইজারের তত্ত্বাবধানে ৫টি খানার তথ্য সংগ্রহ করতে হবে। সুপারভাইজারগণ জোনাল অফিসারের নির্দেশনায় গণনাকারীগণের সাথে বসে পূরণকৃত প্রশ্নপত্রসমূহ যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা এবং গণনাকারীগণ শুদ্ধভাবে প্রশ্নপত্র পূরণ করতে সমর্থ কিনা নিশ্চিত হয়ে অবশিষ্ট খানা গণনার নির্দেশ প্রদান করবেন। কোন গণনাকারী কর্তৃক প্রশ্নপত্র সঠিকভাবে পূরণ করা না হয়ে থাকলে তাকে হাতে কলমে গণনাকাজ বুঝিয়ে দিতে হবে। সুপারভাইজারের নিকট হতে ছাড়পত্র পাওয়ার পর গণনাকারীগণকে প্রাপ্ত প্রশিক্ষণ অনুযায়ী অবশিষ্ট খানা সমূহের তথ্য সংগ্রহ করতে হবে। গণনা সমাপ্ত হওয়ার পরের দিন অর্থাৎ ২০ মার্চ রবিবার জোনাল অফিসার, ইউনিয়ন/ওয়ার্ড সেক্রেটারী, গণনাকারী ও সুপারভাইজারগণ যৌথভাবে গণসংযোগ করবেন এবং কোন খানা গণনা থেকে বাদ পড়েছে কিনা বা দু'বার গণনা হয়েছে কিনা তা যাচাই করবেন। কোন ভুলত্রুটি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তা সংশোধন করে নেবেন।

২। শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রঃ

শুমারি চলাকালীন সময়ে জাতীয়, জেলা, উপজেলা, ইউনিয়ন, সিটি কর্পোরেশন (ওয়ার্ড সহ) এবং পৌরসভা পর্যায়ে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র খোলা থাকবে।

২.১) জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রঃ

শুমারি কার্যক্রম নিয়ন্ত্রণের জন্য শুমারি অনুষ্ঠানের সময় প্রকল্প পরিচালকের তত্ত্বাবধানে পরিসংখ্যান ভবনের প্রকল্প কার্যালয়ে সার্বক্ষণিকভাবে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র খোলা হবে।

শুমারি কর্মীগণ নিম্নোল্লিখিত টেলিফোনে জাতীয় শুমারি কেন্দ্রে যোগাযোগ করতে পারবেন-

ফোন ০২ ৮১৮১৪২৪, ৯১১৫৪৯৫, ৯১১৬৩৭৮

মোবাইল ০২ ০১৮১৯২৫৬৪৬৮, ০১৮১৯২৫৯১৭৬

জাতীয় নিয়ন্ত্রণ কেন্দ্রের দায়িত্ব ০ঃ

- (১) মাঠে শুমারি কাজে নিয়োজিত কর্মীগণের নিকট শুমারি সংক্রান্ত নির্দেশনা পৌঁছানো এবং শুমারি কাজের অগ্রগতি ও সমস্যা(যদি থাকে) কর্তৃপক্ষকে অবহিত করা ও তাৎক্ষণিকভাবে সমাধানের ব্যবস্থা করা;
- (২) মাঠ হতে প্রাপ্ত ম্যাসেজ নিয়ন্ত্রণ রেজিস্টারে লিপিবদ্ধ করা এবং গতানুগতিক সমস্যা হলে তাৎক্ষণিকভাবে তার সমাধান করে রেজিস্টারে লিপিবদ্ধ করা। জটিল কোন সমস্যা হলে তাৎক্ষণিকভাবে তা প্রকল্প পরিচালককে অবহিত করা; এবং
- (৩) মাঠ হতে জনবলের সীমাবদ্ধতা বা শুমারি দ্রব্যাদি প্রেরণের ম্যাসেজ আসলে তা তাৎক্ষণিকভাবে প্রকল্প পরিচালককে অবহিত করা এবং নির্দেশ মোতাবেক জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা।

২.২) মাঠ পর্যায়ের শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রঃ

মন্ত্রিসভার অনুমোদনক্রমে সকল জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন এবং সিটি কর্পোরেশন (ওয়ার্ড সহ) এর জন্য শুমারি কমিটি গঠন করা হয়েছে এবং প্রতিটি পর্যায়ে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা হবে। আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তার তত্ত্বাবধানে আঞ্চলিক পরিসংখ্যান অফিসে এবং ডিসিসির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট সদর উপজেলা অফিসে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করতে হবে। ইউএসও-র তত্ত্বাবধানে উপজেলা শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র, জোনাল অফিসারের তত্ত্বাবধানে পৌরসভা শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র এবং ইউনিয়ন শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করতে হবে। প্রতিটি ক্ষেত্রে অফিস সেক্রেটারী সাচিবিক দায়িত্ব পালন করবেন।

এ সমস্ত নিয়ন্ত্রণ কেন্দ্র নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবেনঃ

- ◆ শুমারির সময় অর্থাৎ গণনা কাজ চলাকালীন সময়ে নিয়ন্ত্রণ কক্ষ ২৪ ঘন্টা খোলা রাখতে হবে এবং মাঠ পর্যায়ে কোন সমস্যার সংবাদ পেলে জোনাল অফিসার অথবা ইউসিসি অথবা ডিসিসি এবং প্রয়োজন হলে জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রের সাথে আলোচনা করে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ◆ জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কক্ষ হতে কোন নির্দেশ পেলে তাৎক্ষণিকভাবে তা বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে।
- ◆ সংশ্লিষ্ট এলাকায় সঠিকভাবে শুমারি প্রচার চলছে কিনা তা যাচাই করতে হবে এবং সংশ্লিষ্ট শুমারিকর্মীগণকে অসম্পূর্ণ কাজ করার জন্য তাগিদ প্রদান করতে হবে। বিশেষ করে মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি প্রচারে ব্যবস্থা করতে হবে।
- ◆ শুমারি চলাকালীন সময়ে যে সমস্ত অভিযোগ আসবে এবং এ অভিযোগগুলোর কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং যে সমস্ত সমস্যার সমাধান জোনাল অফিসার কর্তৃক সম্ভব হয়নি সেগুলো সংশ্লিষ্ট শুমারি সমন্বয়কারীকে অবহিত করে সমাধান নিশ্চিত করতে হবে। সমস্যা এবং সমাধান লিপিবদ্ধ করার সময় তারিখ, সময় এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের নাম লিখতে হবে।

৩। ডিসিসি, ইউসিসি এবং জোনাল অফিসারদের সাধারণ দায়িত্বঃ

১) মাননিয়ন্ত্রণ পদ্ধতিঃ

ক) নির্দেশনার জন্য গণনাকারী নির্দেশিকা দেখুন এবং দৈবচয়ন করে কিছু বই যাচাই করুন।

- ◆ ডিসিসি প্রতিটি জোনে কমপক্ষে ২ টি গণনা এলাকার কাজ সরেজমিনে যাচাই করবেন।
- ◆ জোনাল অফিসার প্রতি সুপারভাইজার এলাকায় কমপক্ষে ৩ জন গণনাকারীর কাজ সরেজমিনে যাচাই করবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

খ) জিও কোড মিলানোঃ

- ◆ দুইটি টালিশিট
- ◆ এনভেলপ লেভেল
- ◆ কন্ট্রোল ফরম, বিতরণ তালিকাসহ।

(২) প্রশ্নপত্রের বইয়ের নম্বর Tracking:

প্রশ্নপত্র বিতরণ/গ্রহণ ফরম (ফরম-১০, ফরম-১১, ফরম ১২) তে প্রশ্নপত্র বইয়ের Tracking এর জন্য নিম্নোক্ত ব্যবস্থা রাখা হয়েছেঃ

বইয়ের সাইজ	কার্টুন নম্বর		বইয়ের সিরিয়াল		শুমারি জেলা/ জোন/ সুপারভাইজার	
	From	To	From	To	নাম	জিও-কোড
বড় বই : 60-						
মাঝারি বই : 30-						
ছোট বই : 15-						

সরবরাহকৃত শুমারি বইয়ে ১২ সংখ্যার (12 digit) নম্বর থাকবে। উক্ত নম্বর গণনা এলাকায় বই বিতরণ এবং সংগ্রহের সময় ব্যবহৃত হবে এবং ফলে সঠিকভাবে তালিকায় অনুযায়ী বই বিতরণ ও গ্রহণ নিয়ন্ত্রণ করা সম্ভব হবে।

বইয়ের প্রথম পাতায় উপরে বাম কোণায় নম্বর দেখা যাবে। ইহা দেখতে এই রকম হবে 60-001201-0001

এ নম্বরের প্রথম দুই সংখ্যার (2 digit) মাধ্যমে বড় বই (৬০ পাতা), মাঝারি বই (৩০ পাতা), ছোট বই (১৫ পাতা) নির্দেশ করে। মাঝের ছয় সংখ্যার (6 digit) মাধ্যমে বইয়ের নম্বর ও শেষ চার সংখ্যার (4 digit) মাধ্যমে পৃষ্ঠা নম্বর নির্দেশ করে।

(৩) ম্যাপ ব্যবহার নির্দেশিকাঃ গণনাকারী নির্দেশিকা অনুসরণ করে গণনা এলাকার সীমানা সরেজমিনে চিহ্নিত করতে হবে।

(৪) বিশেষ জনসংখ্যার তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে নির্দেশনাঃ

- ◆ শুমারি রাত্রিতে সমুদ্রে মাছ ধরার লোকজন গণনাঃ সমুদ্র তীরবর্তী বিভিন্ন এলাকার লোকজন মাছ ধরার জন্য গভীর সমুদ্রে গমন করে। শুমারিতে তাদেরকে সমিতির মাধ্যমে সমুদ্র যাত্রার স্টার্টিং পয়েন্টে ভাসমান লোক হিসেবে গণনা করা হবে।
- ◆ সুন্দরবন এলাকাঃ শুমারি রাত্রিতে সুন্দরবন এলাকায় বসবাসরত লোকজনকে এক সপ্তাহ আগে থেকে এন্ট্রি পয়েন্টে গণনা করা হবে।
- ◆ সংরক্ষিত এলাকা (যেমন-ক্যান্টনমেন্ট ইত্যাদি)ঃ ক্যান্টনমেন্ট সহ অন্যান্য সংরক্ষিত এলাকায় বসবাসরত লোকজনের তথ্য সংশ্লিষ্ট সংরক্ষিত এলাকার কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত গণনাকারী ও সুপারভাইজারের মাধ্যমে সংগ্রহ করা হবে। সংশ্লিষ্ট এলাকার জেলা সমন্বয়কারী/জোনাল অফিসার গণনাকারী ও সুপারভাইজারগণকে প্রশিক্ষণ প্রদান করবেন। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।

৪। শুমারি জেলা সমন্বয়কারীর (ডিসিসি) দায়িত্বঃ

ডিসিগণকে ৩ পর্যায়ে শুমারি দায়িত্ব পালন করতে হবেঃ

পর্যায়-১ ঃ প্রাকগণনা (২২ ফেব্রুয়ারি হতে ১৪ মার্চ, ২০১১) দায়িত্ব;

পর্যায়-২ ঃ গণনাকালীন (১৫-১৯ মার্চ, ২০১১) দায়িত্ব; এবং

পর্যায়-৩ ঃ গণনা পরবর্তী (২০-২৫ মার্চ, ২০১১) দায়িত্ব।

৪.১ প্রাকগণনা দায়িত্বঃ

- ◆ ২২-২৪ ফেব্রুয়ারি ঢাকাস্থ পরিসংখ্যান ভবনে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং প্রশিক্ষণ শেষে নিজ তত্ত্বাবধানে শুমারি মালামাল জেলা হেড কোয়ার্টার পৌছাতে হবে।
- ◆ ২৬-২৮ ফেব্রুয়ারি জেলা হেড কোয়ার্টারে অধীনস্থ সকল জোনাল অফিসার ও ইউসিসিগণকে প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং প্রশিক্ষণ শেষে শুমারি মালামাল তাঁদের মধ্যে বিতরণ করতে হবে।
- ◆ ০১-০৪ মার্চ ২০১১ তারিখের মধ্যে জেলা শুমারির কমিটির সভা আহবান করতে হবে এবং সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে শুমারিকে সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে শুমারি কমিটি সভা আহবান করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে।
- ◆ ০৫-১৩ মার্চ ২০১১ তারিখের মধ্যে স্থানীয় পর্যায়ে জোনাল অফিসার গণনাকারী ও সুপারভাইজারকে সঠিকভাবে প্রশিক্ষণ প্রদান করছেন কিনা এবং মালামাল সঠিকভাবে বিতরণ করেছেন কিনা তা নিশ্চিত করতে হবে।
- ◆ শুমারি রাত্রিতে (১৪ মার্চ ২০১১ দিবাগত রাত ১২:০০ ঘটিকা হতে শুরু করে ভোর ৬:০০ ঘটিকা সময়ে) ভাসমান লোক গণনা নিশ্চিত করতে হবে এবং প্রশাসনের সহায়তায় আবাসিক হোটেল এবং হাসপাতাল/ক্লিনিকে অবস্থানরত রোগীদেরকেও গুণতে হবে।

- ◆ প্রচার কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে।

৪.২.০৪ গণনাকালীন দায়িত্বঃ

- ◆ ১৫-১৯ মার্চ ২০১১ প্রতিটি জোনে গণনা সঠিকভাবে হচ্ছে কিনা তা সরেজমিনে যাচাই করে নিশ্চিত করবেন।
- ◆ প্রতিটি জোনে কমপক্ষে ২ টি গণনা এলাকার কাজ সরেজমিনে যাচাই করবেন এবং পরীক্ষিত শুমারি বইয়ের কভার পৃষ্ঠায় পূর্ণ নাম সহ স্বাক্ষর প্রদান করবেন।
- ◆ সংশ্লিষ্ট গণনা এলাকার গণ্যমান্য ব্যক্তিগণকে গণনাভুক্ত করা হয়েছে কিনা তা পরীক্ষা করবেন। সংরক্ষিত এলাকায় সঠিকভাবে শুমারি হয়েছে কিনা তা নিশ্চিত করবেন।

৪.২.১০ঃ শুমারি মালামাল বিতরণ পদ্ধতিঃ

(ক) শুমারি দ্রব্যাদি বিতরণের হারঃ মালামাল বিতরণের জন্য একটি Computer Distribution List তৈরী করা হয়েছে। উক্ত তালিকায় প্রত্যেক জোনাল অফিসার এবং ডিসিসিকে কি কি শুমারি সামগ্রী দেওয়া হবে তার হিসাব প্রদান করা হয়েছে। এ তালিকা অনুসরণ করে প্রত্যেক ডিসিসির জন্য শুমারি মালামাল ট্রাকে করে জেলা হেড কোয়ার্টারে প্রেরণ করা হবে। এই তালিকা ছাড়াও মালামাল ট্রাকে লোড করার সময় জেলা ভিত্তিক দুই কপি কন্ট্রোল ফরম-১০ পূরণ করে ডিসিসিকে শুমারি মালামাল হস্তান্তর করা হবে। জেলা পর্যায়ে জোনাল অফিসার এবং উপজেলা সময়কারীকে প্রশিক্ষণ প্রদানের পর ডিসিসি ২ কপি কন্ট্রোল ফরম ১১ পূরণ করে জোনাল অফিসারকে শুমারি মালামাল হস্তান্তর করবেন। জোনাল অফিসার কন্ট্রোল ফরম-১২ পূরণ করে সুপারভাইজারকে শুমারি মালামাল হস্তান্তর করবেন। একইভাবে সংশ্লিষ্ট কন্ট্রোল ফরম পূরণ করে মালামাল জমা নেবেন। শুমারি দ্রব্যাদি বিতরণের হার নিম্নের ছকে উপস্থাপন করা হ'লঃ

ছক- ১০ঃ শুমারি মালামাল বিতরণ তালিকাঃ

ক্রঃ নং	আইটেম	গণনা এলাকা	গণনাকারী	রিজার্ভ					
				সুপার ভাইজার	ইউনিয়ন	ওয়ার্ড/ পৌরসভা	জোনাল অফিসার	উপজেলা	ডিসিসি
	মোট সংখ্যা	৩১০০০০	৩০০০০০	৫০০০০	৪৫০০	৭০০	২৭০০	৫৩০	১৩০
০১	প্রশ্নপত্রঃ								
	বড় বই (৬০ পাতা)	১	-	-	-	-	৫	-	২০
	মাঝারি বই - পার্বত্য ৩টি জেলা (৫২)	১	-	-	-	-	৫	-	২০
	ছোট বই (১৫ পাতা)	-	-	১	-	-	১০	-	২০
	ব্লোআপ প্রশ্নপত্র	-	-	-	-	-	৩	-	৫
০২	শুমারি লজিস্টিকঃ								
	পেন্সিল (2B)	-	২	১	-	-	২৪	-	২৪
	ইরেজার	-	১	১	-	-	১২	-	১২
	সার্পনার	-	২	১	-	-	২৪	-	২৪
	লাস্কার চক	-	১	-	-	-	১২	-	১২
০৩	এনভেলপ	১	-	-	-	-	১	-	-
০৪	লেবেল	১	-	-	-	-	-	-	-
০৫	জিও-কোড লিস্ট (১ সেট হেড)	-	-	-	-	-	১ সেট	-	১ সেট
০৬	নিয়োগপত্র কাম আইডি কার্ড	-	১	১	-	-	১	-	১
০৭	ম্যাপঃ								
	EA ম্যাপ	-	১	-	-	-	-	-	-
	সুপারভাইজার ম্যাপ	-	-	১	-	-	-	-	-

ক্রঃ নং	আইটেম	গণনা এলাকা	গণনাকারী	রিজার্ভ					
				সুপার ভাইজার	ইউনিয়ন	ওয়ার্ড/ পৌরসভা	জোনাল অফিসার	উপজেলা	ডিসিসি
০৮	প্রশিক্ষণ ম্যানুয়াল ও নির্দেশিকাঃ								
	সুপারভাইজার নির্দেশিকা	-	-	-	-	-	১	-	২
	গণনাকারীর নির্দেশিকা	-	১	১	-	-	৬	-	৬
	ফিল্ড ম্যানুয়াল	-	-	-	১	১	১	-	২
	প্রশিক্ষণ প্রশ্নপত্র সেট	-	১	১	-	-	৬	-	৬
	প্রশিক্ষণ ডিভিডি/সিডি	-	-	-	-	-	১	-	২
০৯	প্রচারপত্রঃ								
	পোস্টারঃ								
	- ছোট পোস্টার	-	-	-	-	-	-	-	৩০০
	- বড় পোস্টার		-	-	-	-	-	-	৪০০০
	ব্রসিউর	-		-	-	-	-	-	৫০০
	স্টিকার	-	-	-	-	-	-	-	৮০০
	লিফলেট	-	-	-	-	-	-	-	৮০০
	ব্যানার (প্রতি উপজেলায় ১টি)	-	-	-	-	-	-	১	-
১০	কন্ট্রোল ফরমঃ	-	-	-	-	-	-	-	-
	ফরম-৬ (সুপারপারভাইজার)	-	-	১	-	-	-	-	-
	ফরম-৭ জোনাল অফিসার)	-	-	-	-	-	১		-
	ফরম-৮ (ইউসিসি)	-	-		-	-	-	১	-
	ফরম-৯ (ডিসিসি)	-	-	-	-	-	-	-	১
	ফরম-১০ (বিতরণ-ডিসিসি)	-	-	-	-	-	-	-	২
	ফরম-১১ (বিতরণ- জোনাল অফিসার)	-	-	-	-	-	২	-	
	ফরম-১২ (বিতরণ সুপারভাইজার)	-	-	১	-	-	১	-	১
	ফরম-১৩ (চেক বিতরণ)	-	-	-	-	-	২	-	২
	ফরম-১৬ ক (গণনাকারী একুইটেন্স)	-	-	-	-	-	৫	-	-
	ফরম-১৬ খ (সুপারভাইজার একুইটেন্স)	-	-		-	-	১	-	-
	ফরম-১৬ গ (সেক্রেটারী একুইটেন্স)	-	-	-	-	-	১	-	-
	ফরম-১৬ ঘ (প্রশিক্ষণ ভাতা)	-	-	-	-	-	৩	-	১
	ফরম-১৬ ঙ (পরিবহন একুইটেন্স)	-	-	-	-	-	২	-	২
	ফরম- F (সুন্দরবন, সমুদ্র এবং হোটেল)	-	-	-	-	-	৬	-	১০
ফরম- I (হাসপাতাল/ক্লিনিক)	-	-	-	-	-	২	-	৫	
১২	প্যাকেজিং ও অন্যান্যঃ								
	বস্তা	-	-	-	-	-	৩	-	১
	ডিস্ট্রিবিউশন লিস্ট (১ সেট)	-	-	-	-	-	১	-	১
	মার্কার কলম এবং লাল কলম	-	-	১ লাল	-	-	১	-	১

খ) মালামাল গ্রহণঃ

- (১) শুমারি জেলা সমন্বয়কারী সদর দপ্তর হতে কম্পিউটার ডিস্ট্রিবিউশন লিস্ট ব্যবহার করে শুমারি মালামাল গ্রহণ করবেন।

- (২) মালামাল গ্রহণের সময় কন্ট্রোল ফরম-১০ অনুযায়ী বড় এবং ছোট বইয়ের কার্টুন পেয়েছেন কিনা তা নিশ্চিত হবেন।
- (৩) একইভাবে কন্ট্রোল ফরম-১০ অনুযায়ী অন্যান্য মালামাল পেয়েছেন কিনা তা নিশ্চিত হবেন।

গ) প্রশিক্ষণঃ

শুমারির সাফল্য আদমশুমারির সঙ্গে সংশ্লিষ্ট প্রতিটি ব্যক্তির সম্পূর্ণ এবং নিবিড় প্রশিক্ষণের উপর নির্ভর করে।

স্থান ঃ ডিসিসিগণ জেলা হেড কোয়ার্টারে সংশ্লিষ্ট ইউসিসি এবং জোনাল অফিসারগণকে প্রশিক্ষণ প্রদান করবেন।

সময়সূচিঃ প্রশিক্ষণ তিন দিন ব্যাপি অর্থাৎ ফেব্রুয়ারি ২৬ হতে ২৮, ২০১১ পর্যন্ত নিম্নলিখিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

- (১) **প্রথম দিন ঃ** শুরুতে সম্ভব হলে ভিডিও প্রশিক্ষণ দিতে হবে। অতঃপর ম্যাপ ব্যবহার করে কিভাবে সুপারভাইজারগণ গণনাকারীকে তাদের এলাকা চিনিতে দেবেন তা সরেজমিনে শেখাবেন
- (২) **দ্বিতীয় দিন ঃ** প্রশ্নপত্র পূরণের উপর প্রশিক্ষণ প্রদান করবেন।
- (৩) **তৃতীয় দিন ঃ** মাঠে গিয়ে প্রশ্নপত্র পূরণ এবং প্রশিক্ষণ কেন্দ্রে ফেরৎ এসে পর্যালোচনা, টালিশিট পূরণ এবং কন্ট্রোল ফরম পূরণ সংক্রান্ত আলোচনার পরে ভিডিও প্রশিক্ষণ দেখাবেন এবং শুমারি মালামাল বিতরণ করবেন।

প্রশিক্ষণ সেট তৈরীঃ ডিসিসিগণ জোনাল অফিসারদের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ সেট তৈরী করবেন। প্রতিটি সেটে থাকবেঃ-

- ১) সুপারভাইজার নির্দেশিকা
- ২) গণনাকারীর নির্দেশিকা
- ৩) প্রশিক্ষণ প্রশ্নপত্র সেট
- ৪) পেন্সিল
- ৫) সার্পনার
- ৬) ইরেজার
- ৭) লাম্বার চক
- ৮) ব্লোআপ প্রশ্নপত্র

গণনাকারী প্রশিক্ষণ নির্দেশিকা অনুযায়ী ইউসিসি এবং জোনাল অফিসারগণ প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং গণনাকালীন সময়ে এ নির্দেশিকাটিকে মাঠে রেফারেন্স হিসেবে ব্যবহার করবেন।

ঘ) প্রশিক্ষণ প্রদানের পর জোনাল অফিসারের নিকট মালামাল বিতরণঃ

জোন ভিত্তিক কন্ট্রোল ফরম-১১ পূরণ করতে হবে। এ কন্ট্রোল ফরম অনুযায়ী জোনাল অফিসারগণ শুমারি মালামাল গ্রহণ করবেন।

- (১) শুমারি বইয়ের নম্বর অনুসরণ করে কন্ট্রোল ফরম-১১ পূরণ করতে হবে।
- (২) বিতরণ তালিকা অনুযায়ী জোন ওয়ারি একটি চটের বস্তায় মালামাল যথা- পেন্সিল, ম্যাপ ইত্যাদি এবং অন্যান্য বস্তায় প্রশ্নপত্রের বই বস্তাবন্দি করবেন।

৪.৩ঃ গণনা পরবর্তী দায়িত্বঃ

২০ মার্চ ২০১১ জোনাল অফিসারগণ গণনাকারী, সুপারভাইজার ও ইউনিয়ন/ওয়ার্ড সেক্রেটারীগণ স্ব স্ব এলাকায় ব্যাপকভাবে গণসংযোগ করছেন কিনা তা নিশ্চিত করবেন। কোন খানা গণনা থেকে বাদ পড়েছে কিনা বা দু'বার গণনা করা হয়েছে কিনা তা পরীক্ষা করবেন। যদি কোন খানা গণনা থেকে বাদ পড়ে থাকে তাহলে তা পূরণ করবেন এবং কোন খানা দু'বার গণনা করা হয়ে থাকলে একটি বাদ দেওয়ার ব্যবস্থা নেবেন।

জোনাল অফিসারের স্বাক্ষর সত্যায়িত করে সোনালী ব্যাংকের নির্ধারিত শাখায় জমা দেবেন এবং সঠিকভাবে শুমারি চেক বিতরণ নিশ্চিত করবেন।

- ◆ ২১-২৩ মার্চ ২০১১ সময়ে নমুনা ভিত্তিক শুমারি প্রশ্নপত্র, টালিশিট, ফরম-৬, ফরম-৭ এবং ফরম-৮ সঠিকভাবে পূরণ হয়েছে কিনা তা যাচাই করবেন এবং জোনাল অফিসারের নিকট হতে শুমারি দ্রব্যাদি গ্রহণ করবেন।
- ◆ ২৪-২৫ মার্চ ২০১১ সদর দপ্তরে মালামাল জমা দেবেন।

৫। উপজেলা শুমারি সমন্বয়কারীর দায়িত্বঃ

সুষ্ঠুভাবে শুমারি অনুষ্ঠানের জন্য উপজেলা সমন্বয়কারীকে মূলতঃ দু'টি দায়িত্ব পালন করতে হবে।

নিজ উপজেলা হেড কোয়ার্টারে অবস্থিত জোনে জোনাল অফিসারের দায়িত্ব পালন করবেন। তাছাড়া, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা হিসাবে তাকে নিম্নে উল্লেখিত দায়িত্ব সমূহ পালন করতে হবেঃ

৫.১। প্রাকগণনা দায়িত্বঃ

- ১) উপজেলায় জোনাল অফিসারদের মালামাল ঠিকমত পৌঁছেছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হওয়া;
- ২) প্রশ্নপত্রের বই নিরাপদ স্থানে এবং তালাবদ্ধ অবস্থায় রাখা;
- ৩) জোনাল অফিসারগণকে সার্বিক সহযোগিতা প্রদান;
- ৪) উপজেলা শুমারি কমিটির সভা আহ্বান এবং শুমারি কাজে উপজেলা কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- ৫) জেলা শুমারি সমন্বয়কারীকে সহযোগিতা প্রদান।

৫.২ গণনাকালীন দায়িত্বঃ

- ১) শুমারি রাত্ৰিতে ভাসমান লোক গণনা কাজ তদারকি করা;
- ২) শুমারি নিয়ন্ত্রণ কক্ষ পরিচালনা করা;
- ৩) শুমারি চেক প্রদান নিয়ন্ত্রণ করা এবং চেক উত্তোলনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- ৪) উপজেলা প্রচার কার্যক্রম পরিচালনা করা;
- ৫) গণ্যমান্য ব্যক্তির গণনা নিশ্চিতকরণ।
- ৬) বিবিধ।

৫.৩ গণনা পরবর্তী দায়িত্বঃ

- ১) আঞ্চলিক পরিসংখ্যান/সদর উপজেলা পরিসংখ্যান অফিসে ২২-২৩ মার্চ ২০১১ তারিখে ডিসিসি'র সঙ্গে বসে পূরণকৃত প্রশ্নপত্রের বই এবং মালামাল পরীক্ষাপূর্বক গ্রহণ করবেন।
- ২) জোনাল অফিসারদের নিকট হতে টালিশিটের খাম সংগ্রহ এবং কম্পিউটার তালিকার সাথে মিলিয়ে এর সম্পূর্ণতা নিশ্চিতকরণ;
- ৩) জোনাল অফিসারদের নিকট হতে প্রাপ্ত ফরম ৭ এর ভিত্তিতে ফরম ৮ পূরণ;
- ৪) জোনাল অফিসার হিসাবে সম্পাদিত জোনের সার সংক্ষেপ ও শুমারি দ্রব্যাদি ডিসিসির নিকট জমাদান; এবং নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন।

ক) জোনাল অফিসারের নিকট হতে টালিশিট খাম সংগ্রহ।

- ◆ খামের টালিশিট সংখ্যা গণনা করবেন।
- ◆ টালিশিটের সংখ্যার সঙ্গে ফরম-৭ ও খামের উপরের লেখা টালিশিটের সংখ্যা মেলাবেন।
- ◆ খাম বন্ধ করবেন।
- ◆ জোনাল অফিসারদের প্রদত্ত টালিশিট খাম পৃথকভাবে রাখবেন।

খ) জোনাল অফিসার হতে শুমারি বই ও অন্যান্য মালামাল সংগ্রহ।

- ◆ নিয়ন্ত্রণ ফরমঃ ফরম-৭ ও সকল ফরম-৬

- ◆ পূরণকৃত শুমারি বই গণনা এলাকার সংখ্যানুযায়ী বুঝে নেয়া ও বস্তাবন্দি করা।
- ◆ ফরম-৭ অনুযায়ী অব্যবহৃত (অতিরিক্ত) প্রশ্নপত্র বই বুঝে নেয়া ও বস্তাবন্দি করা।
- ◆ ফরম-এফ ব্যবহার করে শুমারি রাত্রিতে সুন্দরবন, সমুদ্রে মাছ ধরা রত এবং আবাসিক হোটেলে অস্থায়ীভাবে অবস্থানকারী লোকজনের তথ্য সংগ্রহ করতে হবে।
- ◆ ফরম-আই ব্যবহার করে শুমারিতে রাত্রিতে হাসপাতাল/ক্লিনিকে অবস্থানরত রোগীদের তথ্য সংগ্রহ করতে হবে।

গ) সুপারভাইজার ম্যাপঃ সুপারভাইজারগণ গণনাকারীর ম্যাপ সংশোধনের পর পরই সুপারভাইজার ম্যাপ সংশোধন করবেন। অতঃপর নবায়নকৃত মূল সুপারভাইজার ম্যাপটি হেড অফিসে প্রেরণের জন্য এবং গণনাকারীর ম্যাপ সমূহ উপজেলা পরিসংখ্যান অফিসে সংরক্ষণের জন্য জোনাল অফিসারের নিকট জমা দেবেন। ইউসিসি জোনাল অফিসারের নিকট হতে সুপারভাইজার ম্যাপ বুঝে নেয়ার পর সুপারভাইজারের মূল কপি আলাদা খামে ডিসিসি'র নিকট এবং গণনাকারীর কপি উপজেলা অফিসে সংরক্ষণ করবেন।

ঘ) সব বই সঠিকভাবে পরীক্ষার পর ইউসিসি এবং জোনাল অফিসার ফরম-৭ এর নীচে স্বাক্ষর করবেন।

৬। জোনাল অফিসারের দায়িত্বঃ

জোনাল অফিসারগণকে ৩ পর্যায়ে শুমারি দায়িত্ব পালন করতে হবেঃ

পর্যায় - ১ ০ঃ প্রাকগণনা দায়িত্ব;

পর্যায় - ২ ০ঃ গণনাকালীন দায়িত্ব; এবং

পর্যায় - ৩ ০ঃ গণনা পরবর্তী দায়িত্ব।

৬.১ প্রাকগণনা দায়িত্বঃ

শুমারি পঞ্জিঃ এ পর্বে নিম্নোক্ত পঞ্জি অনুযায়ী শুমারি কার্যক্রম পরিচালিত হবে।

তারিখ	কাজের বিবরণ	মন্তব্য
২৬-২৮ ফেব্রু ২০১১	জেলা হেড কোয়ার্টারে গিয়ে ডিসিসি'র নিকট হতে প্রশিক্ষণ গ্রহণ	
২৮ ফেব্রু -১ মার্চ ১১	ডিসিসিগণের নিকট হতে শুমারি মালামাল গ্রহণ ও জোনের নিয়ন্ত্রণ কেন্দ্রে পরিবহন।	
০১-০৪ মার্চ ১১	<ul style="list-style-type: none"> ◆ উপজেলা ও ইউনিয়ন শুমারি কমিটি সভা অনুষ্ঠান; ◆ গণনাকারী ও সুপারভাইজারদের ছবিসহ নিয়োগপত্র-আইডি কার্ড প্রদান; ◆ শুমারি প্রচার ও মাইকিং; ◆ প্রশিক্ষণ কেন্দ্র প্রস্তুত এবং গণনাকারী ও সুপারভাইজারগণকে প্রশিক্ষণের দিন ও তারিখ অবহিতকরণ; ◆ কম্পিউটার ডিস্ট্রিবিউশন তালিকা অনুযায়ী গণনাকারী ও সুপারভাইজারদের জন্য প্রশিক্ষণ কিট ও শুমারি কিট তৈরি এবং ইনভেলপের উপর লেভেল বসানো। সুপারভাইজারের নিকট শুমারি বই বিতরণের জন্য ফরম-১২ তৈরী করা। 	
গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদান ও মালামাল বিতরণঃ		
০৫-০৭ মার্চ ১১	<p>প্রথম দিন ০ঃ ম্যাপ ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান এবং সরেজমিনে গণনা এলাকার সীমানা চিহ্নিতকরণ।</p> <p>দ্বিতীয় দিন ০ঃ প্রশ্নপত্র পূরণ এর উপর প্রশিক্ষণ।</p> <p>তৃতীয় দিন ০ঃ মাঠে প্রশ্নপত্র পূরণ, টালিশিট পূরণ,পর্যালোচনা, ভিডিও প্রশিক্ষণ প্রদর্শন ও মালামাল বিতরণ</p>	প্রথম ব্যাচ
০৮-১০ মার্চ ১১	<p>প্রথম দিন ০ঃ ম্যাপ ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান এবং সরেজমিনে গণনা এলাকার সীমানা চিহ্নিতকরণ।</p> <p>দ্বিতীয় দিন ০ঃ প্রশ্নপত্র পূরণ এর উপর প্রশিক্ষণ।</p> <p>তৃতীয় দিন ০ঃ মাঠে প্রশ্নপত্র পূরণ, টালিশিট পূরণ,পর্যালোচনা, ভিডিও প্রশিক্ষণ প্রদর্শন ও মালামাল বিতরণ</p>	দ্বিতীয় ব্যাচ

তারিখ	কাজের বিবরণ	মন্তব্য
১১-১৩ মার্চ ১১	প্রথম দিন ০৪ ম্যাপ ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান এবং সরেজমিনে গণনা এলাকার সীমানা চিহ্নিতকরণ। দ্বিতীয় দিন ০৪ প্রশ্নপত্র পূরণ এর উপর প্রশিক্ষণ। তৃতীয় দিন ০৪ মাঠে প্রশ্নপত্র পূরণ, টালিশিট পূরণ, পর্যালোচনা, ভিডিও প্রশিক্ষণ প্রদর্শন ও মালামাল বিতরণ	তৃতীয় ব্যাচ

শুমারি মালামাল গ্রহণ পদ্ধতিঃ

জেলা পর্যায়ে প্রশিক্ষণ গ্রহণের পর জোনাল অফিসার শুমারি জেলা সমন্বয়কারীর নিকট হতে ফরম-১১ পূরণ করে প্রশিক্ষণ কিটসহ শুমারি মালামাল গ্রহণ করবেনঃ

- (১) কম্পিউটার বিতরণ নিয়ন্ত্রণ তালিকা অনুযায়ী শুমারি জেলা সমন্বয়কারীর নিকট হতে শুমারি প্রশ্নপত্র বই ও অন্যান্য মালামাল বুঝে নেবেন।
- (২) জোনাল অফিসার নিশ্চিত হবেন যে, জোন ভিত্তিক বিতরণ তালিকা অনুযায়ী মালামাল ও প্রশ্নপত্র বই সঠিক আছে।
- (৩) জোনাল অফিসার দুই কপি ফরম-১১ পূরণ করে ডিসিসির নিকট হতে শুমারি দ্রব্যাদি গ্রহণ করবেন এবং একই ফরম ব্যবহার করে শুমারি শেষে শুমারি দ্রব্যাদি জমা দেবেন।
- (৪) জোনাল অফিসার নিজ দায়িত্বে মালামাল উপজেলা/জোন নিয়ন্ত্রণ কেন্দ্রে নেবেন এবং নিরাপদ স্থানে সংরক্ষণ করবেন।

৬.২ গণনাকালীন দায়িত্বঃ

তারিখ	কাজের বিবরণ	মন্তব্য
১৪ মার্চ ১১	দিনের বেলায় মাইকিং	ইউনিয়ন/ওয়ার্ড সেক্রেটারী ও পুলিশের সহায়তায় গণনাকারী, সুপারভাইজার ও জোনাল অফিসারগণ ভাসমান লোকগণনা করবেন।
১৫ মার্চ ১১	গণনাকারী সকাল ৮:০০ ঘটিকা হতে গণনাকাজ শুরু করবেন এবং ৫টি খানা গণনার পর প্রশ্নপত্র যাচাই-বাছাইয়ের জন্য সুপারভাইজারের সহিত একত্রে মিলিত হবেন। সুপারভাইজারগণ কোন গণনাকারীর প্রশ্নপত্র সঠিকভাবে পূরণ হয়নি প্রতীয়মান হলে হাতে কলমে তা শিখিয়ে দেবেন এবং জোনাল অফিসারের সাথে আলোচনা করে অবশিষ্ট খানার তথ্য সংগ্রহের জন্য গ্রীণ সিগন্যাল দেবেন।	জোনাল অফিসার পর্যায়ক্রমে পূরণকৃত প্রশ্নপত্র মান যাচাই করবেন এবং কাজ সঠিক হলে অবশিষ্ট খানার জন্য গ্রীণ সিগন্যাল দেবেন।
১৬-১৯ মার্চ ১১	গণনাকারীগণ সর্পাকার পদ্ধতি অনুসরণ করে অবশিষ্ট খানা গণনা করবেন এবং সুপারভাইজারগণ সার্বক্ষণিকভাবে তদারকি করবেন।	জোনাল অফিসারগণ পর্যায়ক্রমে গণনাকারী ও সুপারভাইজারদের কাজ যাচাই করবেন এবং নির্দেশনা প্রদান করবেন।

৬.৩ গণনা পরবর্তী দায়িত্বঃ

২০ মার্চ ১১	স্থানীয় ইউনিয়ন/ওয়ার্ড সেক্রেটারীর সহায়তায় জোনাল অফিসার, সুপারভাইজার ও গণনাকারীগণ গণসংযোগ করবেন এবং কোন খানা বাদ পড়ে থাকলে গণনা করবেন অথবা দু'বার গণনা হয়ে থাকলে একটি বাদ দেবেন।	ডিসিসিগণ যেখানে যেখানে সম্ভব তা পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২১ মার্চ ১১	গণনাকারীগণ স্ব স্ব প্রশ্নপত্রের বই ভালভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সংশোধন করবেন এবং দিন শেষে টালিশিট পূরণ করবেন।	জোনাল অফিসার পর্যায়ক্রমে তাঁর অধীনস্থ গণনাকারীগণের কাজ

	সুপারভাইজারগণ তাঁদের অধীনস্থ গণনাকারীগণের পূরণকৃত শুমারি বই চেক করবেন এবং ভুলত্রুটি সংশোধন করে নেবেন এবং দিন শেষে ফরম-৬ পূরণ করবেন।	পরীক্ষা করবেন।
২২ মার্চ ১১	<p>(১) জোনাল অফিসারগণ সুপারভাইজার ও গণনাকারীদের নিকট হতে প্রাপ্ত প্রশ্নপত্র যাচাই করবেন এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য গণনাকারী ও সুপারভাইজারগণকে কাজে লাগাবেন। সঠিকভাবে পূরণকৃত প্রশ্নপত্র বুঝে পাওয়ার পর ফরম-৭ পূরণ করবেন এবং গণনাকারী ও সুপারভাইজারগণকে সম্মানী চেক প্রদান করবেন।</p> <p>(২) প্রতিটি পূরণকৃত বইয়ের প্রথম টালিশিটটি সাবধানে ছিঁড়ে নিবেন এবং সংরক্ষিত জোনাল ইনভেলপে সংরক্ষণ করবেন।</p>	ডিসিসি ও ইউসিসিগণ পর্যায়ক্রমে এ কাজ তদারক করবেন।
২৩ মার্চ ১১	<p>(১) ইউসিসিগণ সংশ্লিষ্ট উপজেলার সকল জোনাল অফিসারগণের টালিশিটের ইনভেলপ যাচাই করবেন এবং জোনাল অফিসারের নিকট হতে ফরম-৭ এর ভিত্তিতে ফরম-৮ পূরণ করবেন।</p> <p>(২) জোনাল অফিসারসহ উক্ত উপজেলার সমস্ত মালামাল ডিসিসির নিকট জমা দেবেন।</p>	ইউসিসির দায়িত্ব

৭। কন্ট্রোল ফরম পূরণ পদ্ধতি :

ফরম-৬ পূরণ পদ্ধতিঃ

- ◆ টালিশিট যাচাই করে সুপারভাইজার ফরম-৬ পূরণ করবেন।
- ◆ সুপারভাইজারের নিকট হতে ফরম-৬ নিন এবং সুপারভাইজারের ফরম পরীক্ষা করে রাখুন।
- ◆ সবগুলি বই পরীক্ষা শেষে ফরম-৬ এর নীচে জোনাল অফিসার এবং সুপারভাইজার স্বাক্ষর দিবেন।
- ◆ এই পদ্ধতিতে সকল সুপারভাইজার মালামাল বস্তাবন্দি করুন।

ফরম-৭ পূরণ পদ্ধতিঃ

ফরম-৬ যাচাই করে ফরম-৭ পূরণ করুন।

ফরম-৮ পূরণ পদ্ধতিঃ

ফরম-৭ যাচাই করে ফরম-৮ পূরণ করুন।

ফরম-৯ পূরণ পদ্ধতিঃ

ফরম-৮ যাচাই করে ফরম-৯ পূরণ করুন।

ফরম-১০ পূরণ পদ্ধতিঃ

হেড অফিস হতে শুমারি দ্রব্যাদি বিতরণকারী কর্মকর্তাগণকে ফরম-১০ এ উল্লিখিত বরাদ্দ অনুযায়ী ডিসিসিগণকে শুমারি দ্রব্যাদি ট্রাকে লোড করে দিতে হবে। অপর দিকে ডিসিসিগণও এ তালিকা অনুযায়ী দ্রব্যাদি সংগ্রহ করবেন এবং ২ কপি ফরম-১ এ স্বাক্ষর প্রদান করবেন (১ কপি বিতরণকারী কর্মকর্তার জন্য এবং ১ কপি ডিসিসির জন্য)। ২৪/২৫ মার্চ ২০১১ শুমারি দ্রব্যাদি ফেরত দেয়ার সময় ডিসিসিগণকে ফরম-১০ ব্যবহার করে দ্রব্যাদি ফেরত দিতে হবে।

ফরম-১১ পূরণ পদ্ধতিঃ

জেলা হেড কোয়ার্টারে জোনাল অফিসার ও ইউসিসিগণকে প্রশিক্ষণ প্রদানের পর ডিসিসিগণ ফরম-১১ এ বর্ণিত বরাদ্দ অনুযায়ী জোনাল অফিসারগণকে মালামাল বুঝিয়ে দেবেন এবং ২ কপি ফরমে স্বাক্ষর প্রদান করবেন

(১টি ডিসিসির জন্য ১টি জোনাল অফিসারের জন্য)। ২৩ মার্চ ২০১১ শুমারি দ্রব্যাদি ফেরত দেয়ার সময়ও জোনাল অফিসারগণকে ফরম-১০ ব্যবহার করে দ্রব্যাদি ফেরত দিতে হবে।

ফরম-১২ পূরণ পদ্ধতিঃ

গণনাকারী ও সুপারভাইজারগণকে প্রশিক্ষণ প্রদানের পর জোনাল অফিসারগণকে ফরম-১২ পূরণ করে শুমারি দ্রব্যাদি বুঝিয়ে দেবেন এবং একই ফরম ব্যবহার করে পূরণকৃত প্রশ্নপত্র ও অন্যান্য সামগ্রী বুঝে নেবেন।

ফরম-১৩ পূরণ পদ্ধতিঃ

এ ফরম অনুসরণ করে ডিসিসি ও জোনাল অফিসারগণকে শুমারি চেক সরবরাহ করা হবে। একই ফরম ব্যবহার করে ডিসিসি ও জোনাল অফিসারগণকে চেকের মুড়ি হেড অফিসে জমা দিতে হবে।

ফরম-১৬ ‘ক, খ, গ, ঘ ও ঙ পূরণ পদ্ধতিঃ

ফরম-১৬ ক ব্যবহার করে গণনাকারীকে চেক প্রদান করতে হবে এবং তাতে রেভিনিউ স্ট্যাম্পসহ প্রত্যেকের স্বাক্ষর নিতে হবে। ফরম-১৬ খ ব্যবহার করে সুপারভাইজারগণকে চেক প্রদান করা হবে তাতে রেভিনিউ স্ট্যাম্পসহ প্রত্যেকের স্বাক্ষর নিতে হবে। ফরম- ১৬ গ ব্যবহার করে ইউনিয়ন সেক্রেটারীগণকে চেক প্রদান করা হবে এবং তাতে রেভিনিউ স্ট্যাম্পসহ প্রত্যেকের স্বাক্ষর নিতে হবে। ফরম- ১৬ ঘ ব্যবহার করে শুমারিকর্মীগণকে প্রশিক্ষণ ভাতা প্রদান করতে হবে এবং তাতে রেভিনিউ স্ট্যাম্প ছাড়া প্রাপকের স্বাক্ষর গ্রহণ করতে হবে। ফরম- ১৬ ঙ ব্যবহার করে পরিবহন ভাতা প্রদান করতে হবে এবং প্রতিটিতে রেভিনিউ স্ট্যাম্পের উপর প্রাপকের স্বাক্ষর নিতে হবে।

ফরম- I পূরণ পদ্ধতিঃ

ফরম- I ব্যবহার করে শুমারি রাত্রিতে হাসপাতাল ও ক্লিনিকে যে সমস্ত রোগী অবস্থান করবেন তাঁদের তথ্য প্রশাসনের সহযোগিতায় সংগ্রহ করতে হবে। পরবর্তীতে গৃহীত তথ্য শুমারি প্রশ্নপত্রে ধারণ করতে হবে।

ফরম- F পূরণ পদ্ধতিঃ

ফরম- F ব্যবহার করে প্রশাসনের সহায়তায় শুমারি রাত্রিতে সুন্দরবনে কাঠ ও মধু আহরণরত, গভীর সমুদ্রে মাছ ধরারত এবং আবাসিক হোটেলে অস্থায়ীভাবে অবস্থানকারী লোকজনের তালিকা প্রণয়ন করতে হবে। পরবর্তীতে গৃহীত তথ্য শুমারি প্রশ্নপত্রে ধারণ করতে হবে।

শুমারি রাত্রিতে সুন্দরবনে কাঠ ও মধু আহরণরত লোকজনের তথ্য ৮ মার্চ ২০১১ হতে শুরু করে ১৪ মার্চ ২০১১ পর্যন্ত ৩টি রেঞ্জে সংগ্রহ করা হবে এবং গভীর সমুদ্রে মাছ ধরারত লোকদের তথ্য ১২ মার্চ ২০১১ হতে শুরু করে পর্যন্ত সময়ে সমিতির মাধ্যমে departure point সংগ্রহ করা হবে। শুমারি রাত্রিতে আবাসিক হোটেলে অস্থায়ীভাবে অবস্থানরত লোকদের তথ্য হোটেল প্রশাসনের সহায়তায় ১৪ মার্চ ২০১১ দিবাগত রাতে সংগ্রহ করা হবে। এ সমস্ত তথ্য পরবর্তীতে শুমারি প্রশ্নপত্রে ধারণ করতে হবে।

৮। বিশেষ নির্দেশনা ঃ

- ১) প্রতিটি খামে জিও কোডসহ লেভেল লাগানো আছে কিনা পরীক্ষা করবেন।
- ২) খামের লেভেলের জিও কোডের সঙ্গে জিও-কোড তালিকা মিলাবেন এবং পৌর এলাকার মহল্লার ক্ষেত্রে গ্রামের কোড অবশ্যই ‘০০’ বসাবেন।
- ৩) গণনা এলাকার খামে বড় বই রাখুন এবং পার্বত্য জেলা সমূহের জন্য মাঝারি বই রাখুন।
- ৪) প্রথমে বড় বই সরবরাহ করবেন, গণনা কাজ শুরু করার পর চাহিদা অনুযায়ী ছোট বই সরবরাহ করবেন।

- ৫) বিশেষ ফরম অনুসরণ করে আবাসিক হোটেল এ অবস্থানরত (ফরম-F) অস্থায়ী লোকজন এবং হাসপাতাল ও ক্লিনিকে (ফরম-I) রোগীদের গণনা করবেন এবং পরবর্তীতে এ সমস্ত তথ্য শুমারি প্রশ্নপত্রে ধারণ করবেন। তবে হাসপাতাল ক্লিনিকে অবস্থানকারী রোগীদের সাহায্যকারী (Attendent) এবং কর্তব্যরত রোকজনকে স্ব স্ব খানায় গণনা করবেন।
- ৬) শুমারি রাত্রিতে সমুদ্রে মাছ ধরারত লোকজনকে গণনার ক্ষেত্রে ১২-১৪ মার্চ ২০১১ বিভিন্ন এন্ট্রি পয়েন্টে এবং সুন্দরবনে মধু আহরণরত লোকজনকে গণনার ক্ষেত্রে ০৮-১৪ মার্চ ২০১১ বিভিন্ন এন্ট্রি পয়েন্টে বিশেষ ফরমের (ফরম- F) মাধ্যমে তথ্য সংগ্রহ করবেন এবং পরে শুমারি বইতে স্থানান্তর করবেন।
- ৭) বিশেষ ফরম সমূহ অবশ্যই প্রশ্নপত্র বইয়ের সাথে জমা দিতে হবে।
- ৮) গণনা এলাকা ম্যাপ অবশ্যই প্রকল্প কার্যালয়ে জমা প্রদান করতে হবে।
- ৯) জোনাল অফিসার তার অধীনস্থ সুপারভাইজার ও গণনাকারীদের জন্য একুইটেন্স রোলে ৫/- টাকার রেভিনিউ স্ট্যাম্প লাগাবেন। উল্লেখ্য যে, ২০০/- টাকা পর্যন্ত কোন স্ট্যাম্প লাগাতে হবে না। ২০০/- টাকা অধিক যে কোন লেন দেনের জন্য ৫ টাকার রেভিনিউ স্ট্যাম্প লাগানো বাধ্যতামূলক।
- ১০) জোনাল অফিসারগণকে সুপারভাইজার এবং গণনাকারীগণকে চেক প্রদানের সময় চেকের মুড়িতে গণনা এলাকা ও সুপারভাইজার এলাকার তথ্যাদি লিখতে হবে এবং তাঁদের স্বাক্ষর নিতে হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ

ফিল্ড ম্যানুয়াল



আদমশুমারি ও গৃহগণনা ২০১১



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূচিপত্র

	বিষয়	পৃষ্ঠা নং
	মুখবন্ধ	১
১।	উপক্রমণিকা	২
২।	শুমারি বিধি	২
৩।	শুমারি সংগঠন	২
৪।	শুমারি কমিটি গঠন ও কমিটির কার্যপরিধি	২
৫।	শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন	১০
৬।	শুমারি কর্মীদের দায়িত্ব	১১
৭।	শুমারি কর্মীদের প্রশিক্ষণ পদ্ধতি	১৪
৮।	শুমারি প্রচারণা পদ্ধতি	১৪
৯।	শুমারি কর্মীদের ভাতা প্রদান পদ্ধতি	১৫
১০।	শুমারি মালামাল বস্তাবন্দিকরণ, বিতরণ ও জমাদান পদ্ধতি	১৫
১১।	শুমারি পঞ্জিকা	১৭

মুখবন্ধ

আগামী ১৫, ১৬, ১৭, ১৮ ও ১৯ মার্চ ২০১১ রোজ মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এ পাঁচ দিন সমগ্র বাংলাদেশব্যাপী আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হবে। এ শুমারিতে যে সকল ব্যক্তি মাঠ পর্যায়ে শুমারির কার্যক্রমের তত্ত্বাবধান এবং বাস্তবায়নে সক্রিয়ভাবে নিয়োজিত থাকবেন তাঁদের জন্য এ ম্যানুয়ালটি প্রণয়ন করা হয়েছে।

এ ম্যানুয়ালটিতে সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা/থানা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে কিভাবে শুমারি কমিটি গঠন করা হবে এবং তাঁদের উপর কি কি দায়িত্ব অর্পিত থাকবে তা সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করা হয়েছে। সিটি কর্পোরেশনের মেয়র, জেলা প্রশাসক, উপজেলা চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান যথাক্রমে উক্ত কমিটিগুলোর সভাপতির দায়িত্ব পালন করবেন। সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রতিটি ওয়ার্ডে, ওয়ার্ড কাউন্সিলরকে সভাপতি করে ওয়ার্ড শুমারি কমিটি গঠন করতে হবে। এ ম্যানুয়ালটিতে সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা/থানা এবং জোন পর্যায়ে নিয়োজিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা এবং কর্মচারীগণের উপর অর্পিত সুনির্দিষ্ট দায়িত্বসমূহ লিপিবদ্ধ করা হয়েছে।

এ ম্যানুয়ালে স্থানীয়ভাবে নিয়োগপ্রাপ্ত গণনাকারী ও সুপারভাইজারদের দায়িত্ব সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করা হয়েছে। শুমারি কর্মকান্ড কখন কিভাবে বাস্তবায়ন করা হবে তার একটি কার্যসূচিও এ ম্যানুয়ালটিতে সংযোজন করা হয়েছে।

শুমারিকে সফল করার জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ এবং তাঁদের স্বতঃস্ফূর্ত সহযোগিতা একান্ত অপরিহার্য। সঠিক গণনাকারী ও সুপারভাইজার বাছাই এবং শুমারি চলাকালীন সময়ে গণসচেতনতা সৃষ্টির জন্য ব্যাপক প্রচার কার্যক্রম ছাড়াও জনপ্রতিনিধি, শুমারি কমিটি ও স্থানীয় পর্যায়ে নিয়োজিত সকল সরকারি ও বেসরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সক্রিয় অংশগ্রহণ একান্ত প্রয়োজন। শুমারি চলাকালীন সময়ে সকল ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা প্রদানের স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের আহবান জানানো হলে শুমারি কভারেজ ও গুণগতমান বৃদ্ধি পাবে।

সকলের সার্বিক সহযোগিতায় আদমশুমারি ও গৃহগণনা ২০১১ সফল ও সার্থক হবে, এ আশাবাদ ব্যক্ত করছি।

মোঃ শাহজাহান আলী মোল্লা
(অতিরিক্তি সচিব)
মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

১। উপক্রমণিকা

বাংলাদেশের ৫ম আদমশুমারি ও গৃহগণনা আগামী ১৫,১৬,১৭,১৮ ও ১৯ মার্চ ২০১১ তারিখ রোজ মঞ্জল, বুধ, বৃহস্পতি, শুক্র এবং শনিবার সারা দেশব্যাপী অনুষ্ঠিত হবে। শুমারি ক্যালেন্ডার অনুযায়ী ১৪ মার্চ দিবাগত রাত শূন্য (০০.০০) মুহূর্তকে শুমারি মুহূর্ত এবং শুমারি মুহূর্ত হতে ভোর ০৬:০০ টা পর্যন্ত সময়কে শুমারি রাত ধরা হয়েছে। এই শুমারি রাতে সকল ভাসমান লোক গণনা করা হবে এবং তাতে সকল গণনাকারী, সুপারভাইজার ও শুমারি সমন্বয়কারীগণ রাত ১২:০০ টা হতে ভোর ৬:০০ পর্যন্ত ঘুরে ঘুরে স্ব স্ব এলাকার ভাসমান লোকজনকে গণনা করবেন। যারা হাসপাতালের রোগী ও আবাসিক হোটেলের বর্ডার হিসেবে শুমারি রাত্রিতে অবস্থান করবেন তাদের তালিকা প্রণয়ন করা হবে। যারা খানায় বসবাস করেন তাঁদেরকে ১৫ মার্চ ২০১১ সকাল হতে শুরু করে ১৬,১৭,১৮ ও ১৯ মার্চের মধ্যে গণনা করা হবে।

সঠিকভাবে তথ্য সংগ্রহ ও প্রশ্নপত্র পূরণ নিয়ন্ত্রণের জন্য গণনাকারীগণ প্রথম দিন ৫টি খানা গণনার পর স্ব স্ব সুপারভাইজার/জোনাল অফিসারের নিকট তার পূরণকৃত প্রশ্নপত্রগুলি দেখাবেন। অতঃপর তার লিখিত ছাড়পত্রসহ বাকী খানাসমূহ গণনার কাজ ১৯-০৩-২০১১ তারিখের মধ্যে সমাপ্ত করবেন। গণনার চতুর্থ দিন শুক্রবার গণনাকারীগণ স্থানীয় মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয় হতে মাইকিং করে জনগণকে শুমারির তথ্য প্রদানের জন্য আহবান জানাবেন। তাছাড়াও প্রতিদিন সকল ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারির তথ্য প্রদানের আহবান জানানো যেতে পারে। গণনার শেষ দিন (অর্থাৎ ১৯ মার্চ ২০১১) তন্ন তন্ন করে খুঁজে কোন খানা গণনা হতে বাদ পড়ে থাকলে তা গণনা করা হবে এবং কোন খানা দু'বার গণনা করা হয়ে থাকলে একটি বাদ দেয়া হবে।

এদিন সুপারভাইজারগণ সকাল ১০ ঘটিকা এবং বিকাল ৪ ঘটিকায় সকল ধর্মীয় প্রতিষ্ঠান হতে মাইকিং করে যারা তখনো পর্যন্ত গণনাভুক্ত হননি তাদেরকে গণনাভুক্ত হবার জন্য আহবান জানাবেন। ফিল্ড ম্যানুয়ালটি শুমারিকর্মীগণ মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনার সময় হ্যান্ড বুক হিসাবে ব্যবহার করবেন।

২। শুমারি বিধি

১৯৭২ সনে জারীকৃত প্রেসিডেন্টের আদেশ নং ৭০ বলে এ শুমারি অনুষ্ঠিত হবে। শুমারি বিধি অনুযায়ী সরকার কর্তৃক নিয়োজিত শুমারি কর্মীগণকে তথ্য সরবরাহ করতে জনগণ বাধ্য থাকবেন এবং অপর দিকে সরকার ব্যক্তিগত পর্যায়ে সব তথ্যের গোপনীয়তা রক্ষা করতে সকলকে নিশ্চয়তা প্রদান করেছে।

৩। শুমারি সংগঠন

শুমারি বিধি অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক পদাধিকার বলে সেন্সাস কমিশনার হিসেবে দায়িত্ব পালন করবেন। শুমারি কাজে তাকে সহযোগিতা করার জন্য তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে নিম্নবর্ণিত ফাংশন্যাল গ্রুপে সাজিয়েছেনঃ

শুমারি পদবী	বিবিএস পদবী	জনবলের সংখ্যা	মন্তব্য
(১) প্রধান শুমারি সমন্বয়কারী	সচিব, পরিসংখ্যান বিভাগ	১	
(২) সেন্সাস কমিশনার/জাতীয় সমন্বয়কারী	মহাপরিচালক	১	
(৩) অতিরিক্ত জাতীয় সমন্বয়কারী	যুগ্ম-সচিব/উপ-মহাপরিচালক	২	
(৩) শুমারি জেলা সমন্বয়কারী	পরিসংখ্যান বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল ১ম শ্রেণীর কর্মকর্তা	১২০	
(৪) উপজেলা/থানা শুমারি সমন্বয়কারী	উপজেলা/থানা পরিসংখ্যান কর্মকর্তা	৫৩০	
(৫) জোনাল অফিসার	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও উপজেলায় কর্মরত বিভিন্ন দপ্তরের দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারী।	২৭০০	

এছাড়া, তথ্য সংগ্রহের জন্য স্থানীয় শিক্ষিত বেকার যুবক এবং যুব মহিলাদের মধ্য হতে প্রায় ৩,৩০,০০০ জন গণনাকারী এবং ৬০,০০০ জন সুপারভাইজার সাময়িকভাবে নিয়োগ করা হবে।

৪। শুমারি কমিটি গঠন ও কমিটির কার্যপরিধিঃ

শুমারির গণনাকাজ সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনে সর্বাত্মক সহায়তা প্রদানের নিমিত্তে জাতীয় পর্যায়ে হতে শুরু করে সকল সিটি কর্পোরেশন (ওয়ার্ড সহ), জেলা, উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে শুমারি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটিগুলো সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন পর্যায়ে যথাক্রমে সিটি কর্পোরেশনের মেয়র, জেলা প্রশাসক, উপজেলা চেয়ারম্যান, পৌরসভা মেয়র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। শুমারির কাজ সমাপ্ত হবার পর পরই কমিটিগুলো বিলুপ্ত হয়ে যাবে।

তাছাড়া, আদমশুমারি অনুষ্ঠানে কারিগরি সহায়তা প্রদানের জন্য জাতীয় পরিসংখ্যান কাউন্সিলের নির্দেশনা মোতাবেক একটি স্ট্যান্ডিং টেকনিক্যাল কমিটি এবং শুমারি অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয়ের সহিত সমন্বয় সাধনের জন্য একটি আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে।

৪.১ স্টিয়ারিং কমিটির গঠন

১।	সচিব, পরিসংখ্যান বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	সভাপতি
২।	সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
৩।	সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	সদস্য
৪।	সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৫।	সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়	সদস্য
৬।	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৭।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৮।	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ	সদস্য
৯।	সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
১০।	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
১১।	সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
১২।	সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
১৩।	সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
১৪।	সচিব, তথ্য মন্ত্রণালয়	সদস্য
১৫।	সচিব, শক্তি ও জ্বালানী মন্ত্রণালয়	সদস্য
১৬।	সচিব, আইএমইডি	সদস্য
১৭।	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
১৮।	সচিব, স্বাস্থ্য ও পরিবহার কল্যাণ মন্ত্রণালয়	সদস্য
১৯।	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
২০।	বিভাগীয় প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ	সদস্য
২১।	যুগ্ম-সচিব, পরিসংখ্যান বিভাগ	সদস্য
২২।	উপ-সচিব (উন্নয়ন), পরিসংখ্যান বিভাগ	সদস্য
২৩।	পরিচালক, সেন্সাস উইং	সদস্য
২৪।	প্রকল্প পরিচালক, আদমশুমারি ও গৃহগণনা ২০১১ প্রকল্প	সদস্য
২৫।	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- (ক) আদমশুমারি বিষয়ক নীতিনির্ধারণের জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি হিসেবে কাজ করা;
- (খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহিত শুমারি কর্মসূচির সমন্বয় সাধন করা;
- (গ) বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত সংস্থার তথ্য সংক্রান্ত চাহিদার বিষয়ে মূল্যায়ন করা;
- (ঘ) প্রকল্প বাস্তবায়নে সকল প্রকার প্রশাসনিক ও অর্থনৈতিক কমিটিকে সহযোগিতা প্রদান করা;
- (ঙ) মাঠ পর্যায়ে কমিটি সমূহের গঠন ও কার্যক্রম তদারকি করা;
- (চ) প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা;

৪.২ স্ট্যান্ডিং টেকনিক্যাল কমিটি

১।	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	সভাপতি
২।	উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	সদস্য
৩।	উপ-সচিব (উন্নয়ন), পরিসংখ্যান বিভাগ	সদস্য
৪।	প্রতিনিধি, জনসংখ্যা পরিকল্পনা উইং, পরিকল্পনা কমিশন	সদস্য
৫।	প্রতিনিধি, আইএসআরটি, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৬।	প্রতিনিধি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
৭।	ড. এ. কে. এম. গোলাম রব্বানী, প্রাক্তন সচিব, পরিসংখ্যান বিভাগ	সদস্য
৮।	জনাব ওয়ালিউল ইসলাম, প্রাক্তন সচিব, পরিসংখ্যান বিভাগ	সদস্য
৯।	প্রফেসর কাজী সালেহ আহমেদ, প্রাক্তন ভিসি, জাহানজীর নগর বিশ্ববিদ্যালয়	সদস্য
১০।	প্রফেসর এ কিউ এম মাহবুব, ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১১।	চেয়ারম্যান, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১২।	পরিচালক, সেন্সাস উইং, বিবিএস	সদস্য
১৩।	পরিচালক, ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং, বিবিএস	সদস্য
১৪।	পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস	সদস্য
১৫।	পরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস	সদস্য
১৬।	পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বিবিএস	সদস্য
১৭।	পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস	সদস্য
১৮।	পরিচালক, ট্রেনিং উইং, বিবিএস	সদস্য
১৯।	যুগ্ম-পরিচালক, এফএ এন্ড এমআইএস	সদস্য
২০।	প্রকল্প পরিচালক, আদমশুমারি ও গৃহগণনা ২০১১ প্রকল্প	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি :

- (১) জনসংখ্যা, স্বাস্থ্য ও জনমিতি সংক্রান্ত ডাটার স্বল্পতার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং সীমিত সম্পদের মধ্যে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও প্রকাশনা সংক্রান্ত কারিগরি সহায়তা প্রদান;
- (২) পপুলেশন প্রজেকশন সংক্রান্ত কৌশলগত সমীক্ষা সম্পাদন এবং পপুলেশন প্রজেকশনের জন্য সুপারিশ প্রদান;
- (৩) মাঠ পর্যায়ে উপযুক্ত জরিপ অনুষ্ঠানের পরামর্শ প্রদান;
- (৪) মাইগ্রেশন ও আরবানাইজেশন সংক্রান্ত পরিসংখ্যান উন্নয়নের জন্য সুপারিশ প্রদান;
- (৫) জাতীয় পরিসংখ্যান কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত কার্যক্রম সম্পাদন।
- (৬) সংশ্লিষ্ট সকল প্রশ্নপত্র অনুমোদন;
- (৭) মাঠ পর্যায়ের কার্যক্রম পরিবীক্ষণ;
- (৮) প্রয়োজন হলে সাব-কমিটি গঠন;
- (৯) প্রয়োজন হলে সদস্য কো-অপটকরণ;

৪.৩ মাঠ পর্যায়ের প্রস্তাবিত শুমারি কমিটির গঠনঃ

স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিগণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে শুমারি কার্যক্রম সমন্বয়, শুমারি কর্মীগণকে সহায়তা প্রদান এবং নির্ভুলভাবে শুমারি অনুষ্ঠান নিশ্চিত করার জন্য ৭টি শুমারি কমিটি গঠনের প্রস্তাব করা হয়েছে। উক্ত কমিটি সমূহের গঠন নিয়ে উপস্থাপন করা হ'লঃ

(১) সিটি কর্পোরেশন শুমারি কমিটি

১।	সিটি কর্পোরেশনের মেয়র	সভাপতি
২।	সকল সংসদ সদস্য	উপদেষ্টা
৩।	সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
৪।	চীফ এক্সিকিউটিভ অফিসার	সদস্য
৫।	গণসংযোগ কর্মকর্তা	সদস্য
৬।	সকল ওয়ার্ড কাউন্সিলর (পুরুষ ও মহিলা)	সদস্য
৭।	শুমারি জেলা সমন্বয়কারী, বিবিএস	সদস্য
৮।	জ্যেষ্ঠ শুমারি জেলা সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

সিটি কর্পোরেশন কমিটির দায়িত্ব :

ক) প্রশাসনিক সহায়তা

- ১) সকল ওয়ার্ডে শুমারি কমিটি গঠনে সহায়তা প্রদান;
- ২) উপযুক্ত প্রশিক্ষণ কেন্দ্র ও শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপনের ব্যবস্থাকরণ।

খ) তত্ত্বাবধানিক সহায়তা

- ১) শুমারি কার্যসূচি অনুযায়ী সুষ্ঠুভাবে শুমারি অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা চূড়ান্তকরণে সহায়তা প্রদান;
- ২) জোনাল অফিসার কর্তৃক গণনাকারী ও সুপারভাইজারদের বাছাই প্রক্রিয়ায় সহায়তা প্রদান;
- ৩) শুমারি নিয়ন্ত্রণ ও পূরণকৃত শুমারি প্রশ্নপত্রের সম্পূর্ণ নিরাপত্তা বিধানে সহায়তা প্রদান।

গ) প্রচারণায় সহায়তা

- ১) মাইক, ঢোল-সহরতের মাধ্যমে শুমারি প্রচারের সহায়তা প্রদান;
- ২) পোস্টার, ব্যানার, লিফ্লেট, লোগো ইত্যাদির মাধ্যমে প্রচারণায় সহায়তা প্রদান;
- ৩) বিভিন্ন সভা সমিতিতে সঠিক তথ্য প্রদানের জন্য জনসাধারণকে আবেদন জানানো;
- ৪) সিনেমা হল ও ভ্যানে করে শুমারি চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শনের ব্যবস্থাকরণ।

ঘ) কো-অপ্টঃ

উপরোক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(২) জেলা শুমারি কমিটি

১।	জাতীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২।	জেলা প্রশাসক	সভাপতি
৩।	জেলা পুলিশ সুপার	সদস্য
৪।	সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
৫।	সিভিল সার্জন	সদস্য
৬।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৭।	সকল উপজেলা চেয়ারম্যান	সদস্য
৮।	সকল উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
৯।	পৌরসভার মেয়র	সদস্য
১০।	জেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
১১।	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
১২।	উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস	সদস্য
১৩।	উপ-পরিচালক, জেলা তথ্য অফিস	সদস্য
১৪।	উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
১৫।	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	সদস্য
১৬।	জেলা এ্যাডজুটেন্ট, আনসার ও ভিডিপি	সদস্য
১৭।	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
১৮।	সংশ্লিষ্ট শুমারি জেলা সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

(৩) জেলা শুমারি কমিটি (পার্বত্য জেলাসমূহের জন্য)

১।	জাতীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২।	জেলা পরিষদ চেয়ারম্যান	উপদেষ্টা
৩।	জেলা প্রশাসক	সভাপতি
৪।	জেলা পুলিশ সুপার	সদস্য
৫।	নির্বাহী কর্মকর্তা, আঞ্চলিক পরিষদ	সদস্য
৬।	সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
৭।	সিভিল সার্জন	সদস্য
৮।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৯।	সকল উপজেলা চেয়ারম্যান	সদস্য
১০।	সকল উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
১১।	পৌরসভার মেয়র	সদস্য
১২।	জেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৩।	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৪।	উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস	সদস্য
১৫।	উপ-পরিচালক, জেলা তথ্য অফিস	সদস্য
১৬।	উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
১৭।	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	সদস্য
১৮।	জেলা এ্যাডজুটেন্ট, আনসার ও ভিডিপি	সদস্য
১৯।	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
২০।	সংশ্লিষ্ট শুমারি জেলা সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

জেলা শুমারি কমিটির দায়িত্ব :

ক) প্রশাসনিক সহায়তা

- ১) জেলা শুমারি কমিটি গঠন ও সদস্যদের জন্য শুমারি পরিচিতি সভা আহবান করা;
- ২) সকল উপজেলা/থানা ও পৌরসভা পর্যায়ে শুমারি কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা, পৌরসভা চেয়ারম্যান, ইউনিয়ন চেয়ারম্যান ও ওয়ার্ড কমিশনারগণকে নির্দেশ প্রদান করা;
- ৩) জেলা, উপজেলা/থানা ও পৌরসভা পর্যায়ে সকল সরকারী কর্মকর্তা/কর্মচারীগণকে শুমারি কাজে সক্রিয় অংশ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা;
- ৪) জেলার সর্বস্তরে শুমারি কাজ সম্পাদনের জন্য অন্যান্য প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা;
- ৫) জেলায় শুমারি কাজ নিয়ন্ত্রণের জন্য জেলা শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
- ৬) জেলার বিভিন্ন কর্মকর্তাগণের মধ্যে নিরপেক্ষভাবে শুমারি তদারকির দায়িত্ব প্রদানের ব্যবস্থা করা;
- ৭) বাংলাদেশের সকল ছিটমহলে শুমারি অনুষ্ঠান নিশ্চিতকরণ।

খ) তত্ত্বাবধানিক সহায়তা

- ১) জেলা, উপজেলা/থানা, পৌরসভা, ইউনিয়ন পর্যায়ে শুমারি গ্রহণের জন্য যে সকল প্রস্তুতিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে তা সরেজমিনে পরীক্ষা ও যাচাই করা;
- ২) জেলায় শুমারি অনুষ্ঠানের জন্য নিয়োগকৃত শুমারিকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পরীক্ষা করে দেখা;
- ৩) জেলায় শুমারি অনুষ্ঠানের জন্য প্রেরিত প্রশ্নপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র বিতরণ নিশ্চিত করা;
- ৪) গণনাকালে অর্থাৎ ১৫ হতে ১৯ মার্চ ২০১১ তারিখ সরেজমিনে শুমারি কর্মীগণের গণনা কাজ পরিদর্শন করা এবং
- ৫) গণনা কাজ সমাপ্তির পর সংগৃহীত পূরণকৃত প্রশ্নপত্র ও অন্যান্য কাগজপত্র হেড অফিসে প্রেরণ নিশ্চিত করা।

গ) প্রচারণায় সহায়তা

- ১) জেলার সর্বস্তরে শুমারি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া;
- ২) শুমারি প্রচারণার নিমিত্তে প্রেরিত সকল প্রচারপত্র জেলার সর্বস্তরে বিতরণ কাজে সহযোগিতা করা;
- ৩) শুমারি প্রচারণার জন্য সরবরাহকৃত চলচ্চিত্র ও স্লাইড জেলার সকল সিনেমা হলে ও প্রচার ভ্যানের সাহায্যে জেলার জনবহুল/জমসমাগম কেন্দ্রে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- ৪) মাইক ও ঢোল-সহরতের মাধ্যমে জেলার সকল হাট বাজার, শহর-বন্দর ও জনসাধারণের নিকট শুমারি অনুষ্ঠানের সংবাদ পৌছানোর কাজ নিশ্চিত করা এবং
- ৫) সকল ধর্মীয় ও সামাজিক সমাবেশে শুমারিতে অংশগ্রহণের জন্য আহবান জানানোর ব্যবস্থা নেয়া।

ঘ) কো-অপ্টঃ

উপরোক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৪) উপজেলা শুমারি কমিটি

১।	জাতীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২।	উপজেলা চেয়ারম্যান	সভাপতি
৩।	উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা)	সহ-সভাপতি
৪।	উপজেলা নির্বাহী অফিসার	সমন্বয়কারী
৫।	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৬।	উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
৭।	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
৮।	ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা	সদস্য
৯।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
১০।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
১১।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা	সদস্য
১২।	উপজেলা কমান্ডার, আনসার ও ভিডিপি	সদস্য
১৩।	সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	সদস্য
১৪।	সকল জোনাল অফিসার, বিবিএস	সদস্য
১৫।	উপজেলা শুমারি সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

উপজেলা শুমারি কমিটির দায়িত্বঃ

ক) প্রশাসনিক সহায়তা

- ১) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক শুমারি কমিটি গঠন নিশ্চিত করা;
- ২) জোনাল অফিসার কর্তৃক স্থানীয় শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদের মধ্য হতে গণনাকারী ও সুপারভাইজার বাছাইয়ে সহায়তা প্রদান;
- ৩) উপজেলা শুমারি কাজ নিয়ন্ত্রণের জন্য উপজেলা শুমারি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা;
- ৪) প্রশিক্ষণ প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থা করা।

খ) তত্ত্বাবধানিক সহায়তা

- ১) শুমারি অনুষ্ঠানের জন্য গৃহীত সকল ব্যবস্থা পরীক্ষা করে চূড়ান্ত করা;
- ২) সুপারভাইজার ও গণনাকারীদের নিয়োগের পর প্রয়োজনীয় ফিল্ড চেক করা;
- ৩) গণনাকারীদের ও সুপারভাইজারদের প্রশিক্ষণের ব্যবস্থা পরীক্ষা করা;
- ৪) গণনা কাজ শেষে গণনার জন্য প্রেরিত শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য দ্রব্য সামগ্রী সুপারভাইজার ও গণনাকারীদের নিকট হতে সংগ্রহ নিশ্চিত করা;
- ৫) সংগৃহীত শুমারি মালপত্র জেলা সদরে অবস্থিত নিয়ন্ত্রণ কেন্দ্রে প্রেরণ নিশ্চিত করা।

গ) প্রচারণায় সহায়তা

- ১) স্থানীয় সিনেমা হলে এবং রিকসা ভ্যানে করে উপজেলার সর্বত্র জনসমাগম স্থলে শুমারি চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শনের ব্যবস্থা নেয়া;
- ২) মাইক ও ঢোল সহরতের মাধ্যমে শুমারি সংবাদ সর্বত্র জানানোর ব্যবস্থা করা;
- ৩) প্রেরিত প্রচার পত্র, পোস্টার, লিফ্লেট ইত্যাদি সর্বত্র পৌছানোর ব্যবস্থা নেয়া।

ঘ) কো-অপ্টঃ

উপরোক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৫) পৌরসভা শুমারি কমিটি

১।	সংসদ সদস্য	উপদেষ্টা
২।	পৌরসভা মেয়র	সভাপতি
৩।	কলেজের অধ্যক্ষ	সদস্য
৪।	সকল ওয়ার্ড কাউন্সিলর (পুরুষ ও মহিলা)	সদস্য
৫।	মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৬।	জোনাল অফিসার, বিবিএস	সদস্য
৭।	উপজেলা শুমারি সমন্বয়কারী, বিবিএস	সদস্য-সচিব

পৌরসভা শুমারি কমিটির দায়িত্বঃ

ক) প্রশাসনিক সহায়তা

- ১) সকল ওয়ার্ডে শুমারি কমিটি গঠনে সহায়তা প্রদান;
- ২) উপযুক্ত প্রশিক্ষণ কেন্দ্র ও শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপনের ব্যবস্থাকরণ।

খ) তত্ত্বাবধানিক সহায়তা

- ১) শুমারি কার্যসূচি অনুযায়ী সুষ্ঠুভাবে শুমারি অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা চূড়ান্তকরণে সহায়তা প্রদান;
- ২) গণনাকারী ও সুপারভাইজারদের বিভিন্ন স্থানে নিয়োজিত করার সহায়তা প্রদান;
- ৩) শুমারি নিয়ন্ত্রণ ও পূরণকৃত শুমারি প্রশ্নপত্রের সম্পূর্ণ নিরাপত্তা বিধানে সহায়তা প্রদান।

গ) প্রচারণায় সহায়তা

- ১) মাইক, ঢোল-সহরতের মাধ্যমে শুমারি প্রচারের সহায়তা প্রদান;
- ২) পোস্টার, ব্যানার, লিফ্লেট, লোগো ইত্যাদির মাধ্যমে প্রচারণায় সহায়তা প্রদান;
- ৩) বিভিন্ন সভা সমিতিতে সঠিক তথ্য প্রদানের জন্য জনসাধারণকে আবেদন জানানো;
- ৪) সিনেমা হল ও ভ্যানে করে শুমারি চলচ্চিত্র ও স্লাইড প্রদর্শনের ব্যবস্থাকরণ।

ঘ) কো-অপ্টঃ

উপরোক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৬) ইউনিয়ন শুমারি কমিটি

১।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সভাপতি
২।	স্থানীয় মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৩।	স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৪।	হেডম্যান (পার্বত্য জেলাসমূহের জন্য)	সদস্য
৫।	ইউনিয়ন পরিষদের সকল সদস্য (পুরুষ ও মহিলা)	সদস্য
৬।	ইউনিয়ন পরিষদের সচিব	সদস্য
৭।	জোনাল অফিসার, বিবিএস	সদস্য-সচিব

ইউনিয়ন শুমারি কমিটির দায়িত্ব :

ক) প্রশাসনিক সহায়তা

- ১) ইউনিয়ন শুমারি কমিটি গঠন করা;
- ২) শুমারি অনুষ্ঠানের জন্য এলাকা ভিত্তিক শুমারি সুপারভাইজার ও গণনাকারী সংক্রান্ত তথ্য সংগ্রহে জোনাল অফিসারগণকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা করা;
- ৩) গণনাকারী ও সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কেন্দ্র বাছাই করতে জোনাল অফিসারগণকে সাহায্য করা;
- ৪) ইউনিয়ন শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
- ৫) ইউনিয়ন কোন খানা গণনা হতে বাদ না পড়া এবং কোন খানা একাধিকবার গণনাভুক্ত না হওয়া নিশ্চিত করা;

খ) তত্ত্বাবধানিক সহায়তা

- ১) গণনাকালে ইউনিয়ন গণনাকাজ সরেজমিনে পরিদর্শন করা এবং গণনাকারী কোন অসুবিধার সম্মুখীন হলে তা জরুরী ভিত্তিতে সমাধান করা;
- ২) ইউনিয়ন নিয়ন্ত্রণ কক্ষে রক্ষিত রিজার্ভ শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য দ্রব্য সামগ্রী প্রয়োজন অনুযায়ী গণনাকারীদেরকে সরবরাহ নিশ্চিত করা;
- ৩) গণনা শেষে ইউনিয়ন সকল গণনাকারীদের নিকট হতে শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য কাগজপত্র সংগ্রহ করতে জোনাল অফিসার সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা করা।

গ) প্রচারণায় সহায়তা

- ১) ইউনিয়ন সকল গুরুত্বপূর্ণ স্থানে প্রচার পত্র লাগানো;
- ২) মাইক এবং ঢোল সহরতের মাধ্যমে ইউনিয়নের ঘরে ঘরে শুমারি অনুষ্ঠানের সংবাদ পৌছানোর ব্যবস্থা নেয়া।
- ৩) মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি সংক্রান্ত প্রচারে সহায়তা প্রদান।

ঘ) কো-অপ্টঃ

উপরোক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৭) ওয়ার্ড শুমারি কমিটি (শুধু সিটি কর্পোরেশনের জন্য)

১।	ওয়ার্ড কাউন্সিলর	সভাপতি
২।	মহিলা ওয়ার্ড কাউন্সিলর	সদস্য
৩।	ওয়ার্ডভুক্ত মাধ্যমিক/প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৪।	ওয়ার্ড সেক্রেটারি	সদস্য
৫।	জোনাল অফিসার, বিবিএস	সদস্য-সচিব

ওয়ার্ড শুমারি কমিটির দায়িত্বঃ

ক) প্রশাসনিক সহায়তা

- ১) ওয়ার্ড শুমারি কমিটি গঠন করা;
- ২) শুমারি অনুষ্ঠানের জন্য এলাকা ভিত্তিক সুপারভাইজার ও গণনাকারীর তথ্য সংগ্রহে জোনাল অফিসারকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা করা;
- ৩) গণনাকারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কেন্দ্র বাছাই করতে জোনাল অফিসারগণকে সাহায্য করা;
- ৪) ওয়ার্ড শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
- ৫) ওয়ার্ডের কোন খানা গণনা হতে বাদ না পড়া এবং কোন খানা একাধিকবার গণনাভুক্ত না হওয়া নিশ্চিত করা;

খ) তত্ত্বাবধানিক সহায়তা

- ১) গণনাকালে ওয়ার্ডে গণনাকাজ সরেজমিনে পরিদর্শন করা এবং গণনাকারী কোন অসুবিধার সম্মুখীন হলে তা জরুরী ভিত্তিতে সমাধান করা;
- ২) ওয়ার্ড নিয়ন্ত্রণ কক্ষে রক্ষিত রিজার্ভ শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য দ্রব্য সামগ্রী প্রয়োজন অনুযায়ী গণনাকারীদেরকে সরবরাহ নিশ্চিত করা;
- ৩) গণনা শেষে ওয়ার্ডের সকল গণনাকারীদের নিকট হতে শুমারি প্রশ্নপত্র ও অন্যান্য কাগজপত্র সংগ্রহ করতে জোনাল অফিসারগণকে সাহায্য ও সহযোগিতা করা।

গ) প্রচারণায় সহায়তা

- ১) ওয়ার্ডের সকল গুরুত্বপূর্ণ স্থানে প্রচার পত্র লাগানো;
- ২) মাইক এবং ঢোল সহরতের মাধ্যমে ওয়ার্ডের সর্বত্র শুমারি সংবাদ ঘরে ঘরে পৌঁছানোর ব্যবস্থা নেয়া।
- ৬) মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান হতে শুমারি সংক্রান্ত প্রচারে সহায়তা প্রদান।

ঘ) কো-অপ্টঃ

উপরোক্ত কমিটি সদস্যগণের মতামত নিয়ে প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫। শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন

ক) জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র

শুমারি চলাকালীন সময়ে মহাপরিচালকের নিয়ন্ত্রণাধীনে পরিচালক, সেন্সাস উইং এবং প্রকল্প পরিচালকের বিশেষ তত্ত্বাবধানে পরিসংখ্যান ভবনে জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র ২৪ ঘন্টা খোলা থাকবে। নিম্নবর্ণিত টেলিফোনে যোগাযোগ করতে হবে- ফোন- ৮১৮১৪২৪, ৯১১৫৪৯৫, ৯১১৬৩৭৮ মোবাইলঃ ০১৮১৯-২৫৬৪৬৮ এবং ০১৮১৯-২৫৯১৭৬। জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সরাসরি সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রগুলির সংগে প্রয়োজনীয় তথ্য আদান প্রদান করবেন। গণনাকালে গণনা এলাকায় কোন প্রকার সমস্যা দেখা দিলে উহার সমাধান জাতীয় শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এ নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে শুমারির জন্য যে সকল তথ্য ও নির্দেশ আদান প্রদান করা হবে তা ঐ কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

খ) মাঠ পর্যায়ে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র

সকল জেলা, উপজেলা, সিটি কর্পোরেশন (ওয়ার্ডসহ), পৌরসভা, ইউনিয়ন শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করতে হবে। এ সকল নিয়ন্ত্রণ কেন্দ্রগুলো নিম্নলিখিত দায়িত্ব পালন করবেঃ

- (১) শুমারির সময় অর্থাৎ গণনা কাজ চলাকালীন সময়ে ২৪ ঘন্টা খোলা থাকবে এবং মাঠ পর্যায়ে সকল শুমারিকর্মীদের সংগে সার্বিক যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করবে।
- (২) নির্দিষ্ট গণনা এলাকার সকল খানা গণনায় অন্তর্ভুক্তি নিশ্চিত করবে।
- (৩) শুমারি কাজের সার্বিক অগ্রগতি সম্পর্কে জেলা, উপজেলা, সিটি কর্পোরেশন ও পৌরসভা নিয়ন্ত্রণ কেন্দ্রের সাথে সর্বদা যোগাযোগ রক্ষা করবে।
- (৪) শুমারি সম্পর্কে যে তথ্য আদান প্রদান করা হবে তা নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করবে।
- (৫) জেলা, উপজেলা ও পৌরসভা পর্যায়ে শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রগুলো বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণ সংশ্লিষ্ট অফিসের সহায়তায় পরিচালনা করবেন।

৬। শুমারি কর্মীদের দায়িত্ব

ক) শুমারি জেলা সমন্বয়কারীর দায়িত্ব

- ১) নির্ধারিত জেলায় সুষ্ঠুভাবে শুমারি অনুষ্ঠানে সার্বিক দায়িত্ব পালন করা;
- ২) জেলা শুমারি কমিটিকে শুমারি কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ ও সমন্বয় সাধন;
- ৩) জেলা পর্যায়ে জোনাল অফিসারদের ফলপ্রসূ প্রশিক্ষণ প্রদান এবং জোন পর্যায়ে সুপারভাইজার ও গণনাকারীদের প্রশিক্ষণ প্রদান নিশ্চিতকরণ।
- ৪) জেলার অধীনস্থ সকল উপজেলা/জোনের জন্য প্রেরিত শুমারি প্রশ্নপত্রসহ অন্যান্য মালপত্র যথাযথভাবে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ কেন্দ্রে পৌঁছেছে কিনা তা তদারক করা;
- ৫) জেলা শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্রের কাজ তদারক করা;
- ৬) জেলাস্থ রেলস্টেশন, স্টীমার ঘাট, বড় হাট বাজার, সিঁড়ির নিচে, মাজার ইত্যাদি থাকলে ঐ সব স্থানে শুমারি রাত্রিতে অবস্থানরত ভাসমান লোক গণনার কাজ তদারক করা;
- ৭) ডিসিসিগণ তাঁর অধীনস্থ প্রতিটি জোনের অধীন কমপক্ষে দু'টি গণনা এলাকার গণনা কাজ সরেজমিনে যাচাই করবেন এবং পরীক্ষিত শুমারি বইয়ের কভার পৃষ্ঠায় পূর্ণ নামসহ স্বাক্ষর প্রদান করা;
- ৮) জাতীয় নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে শুমারি মালামাল বুঝে নেয়া এবং গণনা শেষে সংগৃহীত মালপত্র জাতীয় নিয়ন্ত্রণ কেন্দ্রে প্রেরণ নিশ্চিতকরণ;
- ৯) সংরক্ষিত এলাকায় বিশেষ ব্যবস্থাপনায় শুমারি অনুষ্ঠান;
- ১০) ফরম-৯ পূরণ করা; এবং
- ১১) গণনা শেষে জোনাল অফিসারের নিকট শুমারি চেক হস্তান্তর এবং শুমারি কর্মীগণের যথাযথভাবে চেক প্রাপ্তির নিশ্চিতকরণ।

খ) উপজেলা শুমারি সমন্বয়কারীর দায়িত্ব

শুমারি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রতিটি উপজেলার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে উপজেলা শুমারি সমন্বয়কারী হিসেবে নিয়োজিত করা হয়েছে। উপরন্তু তাঁরা নিজ নিজ উপজেলা হেড কোয়ার্টারে অবস্থিত জোনে জোনাল অফিসারের দায়িত্বও পালন করবেন। উপজেলা সমন্বয়কারী হিসেবে তিনি নিম্নবর্ণিত অতিরিক্ত দায়িত্বগুলি পালন করবেনঃ

- ১) উপজেলা শুমারি কমিটি গঠন;
- ২) উপজেলা শুমারি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন এবং অন্যান্য জোনাল অফিসারগণের সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয়সাধন করা।
- ৩) জোনাল অফিসারদের মধ্যে শুমারি মালপত্র বিতরণ নিশ্চিতকরণ;
- ৪) সঠিক গণনাকারী ও সুপারভাইজার বাছাই কাজে সহায়তা করা;
- ৫) পূরণকৃত শুমারি বই সংগ্রহ ও শুমারি চেক বিতরণ;
- ৬) শুমারি বইয়ের নিরাপত্তা বিধান করা, এবং
- ৭) ফরম-৮ পূরণ করা।

গ) জোনাল অফিসারের দায়িত্ব

দেশের বিভিন্ন উপজেলা/থানার লোকসংখ্যা এক রকম নয়। কোন কোন এলাকা ঘন লোক বসতিপূর্ণ আবার কোন কোন এলাকা হালকা লোক বসতিপূর্ণ। তাই শুমারির প্রশাসনিক ও তত্ত্বাবধান কাজের সুবিধার জন্য প্রত্যেকটি উপজেলাকে (পৌর এলাকাসহ) লোক বসতির উপর ভিত্তি করে গড়ে ১০০টি গণনা এলাকার সমন্বয়ে এক/একাধিক জোনে বিভক্ত করা হয়েছে। জোনাল অফিসারগণ যে সমস্ত নির্দিষ্ট দায়িত্ব পালন করবেন তা নিম্নে বর্ণনা করা হলোঃ-

প্রাক শুমারি দায়িত্ব

- ১) গণনা এলাকার ম্যাপ ও কম্পিউটার তালিকা যাচাই এবং প্রয়োজনে সংশোধন করা;
- ২) ৬/৭টি গণনাকারীর এলাকার সমন্বয়ে সুপারভাইজার এলাকার স্কেচ ম্যাপ প্রণয়ন করা;
- ৩) উপযুক্ত সুপারভাইজার ও গণনাকারীদের তালিকা প্রণয়ন ও নিয়োগ প্রদান করা;
- ৪) জোনের গঠন নির্ধারণ করা;
- ৫) ভাসমান লোকদের অবস্থান চিহ্নিতকরণ ও সংরক্ষিত এলাকার জন্য আনুমানিক গণনা এলাকার হিসাব সংগ্রহ করা;
- ৬) ইউনিয়ন শুমারি কমিটি গঠন ও শুমারি পরিচিতি সভা আহবান;
- ৭) প্রশিক্ষণ কেন্দ্র বাছাই এবং শুমারি নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা;
- ৯) গণ্যমান্য ব্যক্তিদের তালিকা প্রণয়ন করা এবং শুমারি অনুষ্ঠানের সময় তাদের সহযোগীতা নেয়া।

শুমারিকালীন দায়িত্ব

- (১) জেলা সদরে প্রশিক্ষণ গ্রহণ এবং শুমারি মালপত্র গ্রহণ;
- (২) স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রে গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদান এবং শুমারি মালামাল বিতরণ;
- (৩) ১৪ মার্চ দিবাগত রাত (শুমারি রাত্রিতে) ভাসমান লোক এবং হাসপাতাল ও আবাসিক হোটেলে অস্থায়ীভাবে অবস্থানরত লোকদের গণনার ব্যবস্থা গ্রহণ;
- (৪) ১৫ মার্চ শুমারির প্রথম দিন সুপারভাইজারদের সহায়তায় গণনাকারীদের প্রথম ৫টি খানা গণনার পর প্রশ্নপত্র পূরণের সঠিকতা ও গুণগতমান পরীক্ষা করে ভুলত্রুটি সংশোধন করার নিয়ম দেখিয়ে দেয়া এবং বাকী খানা গণনার ছাড়পত্র প্রদান;
- (৫) ইউনিয়ন/ওয়ার্ড (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) নিয়ন্ত্রণ কেন্দ্র তদারক করা এবং গণনাকারী ও সুপারভাইজারদের কোন সমস্যার খবর পেলে তার সমাধান প্রদান এবং ১৫ হতে ১৯ মার্চ সুপারভাইজার ভিত্তিক গণনাকারীদের পর্যায়ক্রমে সমবেত করে শুমারি তথ্যের মান যাচাই এবং নমুনা ভিত্তিক পুনঃ সাক্ষাতকার গ্রহণ এবং বইয়ের প্রশ্নপত্র পূরণে মারাত্মক ভুলত্রুটি পেলে পুনঃ গণনা ব্যবস্থা গ্রহণ।
- (৬) ১৯ মার্চ সুপারভাইজারের সহায়তায় তন্ন তন্ন করে খোঁজ করে কোন খানা গণনা হতে বাদ পড়েছে কিনা অথবা দুবার গণনাভুক্ত হয়েছে কিনা সরেজমিনে দেখা এবং প্রয়োজনে সংশোধন করা।

গণনা কাজ শেষ হওয়ার পরের দায়িত্ব

- (১) ২০ মার্চ সুপারভাইজারের সহায়তায় শুমারি বইয়ের পূরণকৃত প্রশ্নগুলির উত্তরের চেক বক্সে সঠিকভাবে ক্রস দিয়েছে কিনা এবং সঠিকভাবে উত্তর লিখেছে কিনা এবং ক্রস ঘন কালো করা হয়েছে কিনা তা নিশ্চিত করা এবং সঠিকভাবে টালিশিট পূরণে সহায়তা করা। কোন ভুলত্রুটি পেলে গণনাকারী ও সুপারভাইজারের মাধ্যমে সংশোধনের ব্যবস্থা নেয়া;
- (২) ২১/২২ মার্চ এর মধ্যে উপজেলা হেড কোয়ার্টারে পুঞ্জানুপুঞ্জ পরীক্ষা-নিরীক্ষা করে গণনাকারী ও সুপারভাইজারের নিকট হতে শুমারি বই, সুপারভাইজার ম্যাপসহ অন্যান্য মালামাল গ্রহণ এবং শুমারি ভাতা প্রদান;
- (৩) প্রতিটি গণনা এলাকার শুমারি বইয়ের পূরণকৃত টালিশিটের এক কপি ছিঁড়ে আলাদা খামে ডিসিসি'র নিকট জমাদান;
- (৪) ২২ মার্চ হতে ২৫ মার্চ, ২০১১ এর মধ্যে ফরম ৭ পূরণ এবং শুমারি দিনপঞ্জি অনুযায়ী প্রথম জেলা সদরে এবং পরবর্তীতে জেলা শুমারি সমন্বয়কারীর মাধ্যমে হেড কোয়ার্টারে পূরণকৃত শুমারি মালামাল জমা দেয়া।

ঘ) সুপারভাইজারের দায়িত্ব

শুমারি কাজে যে সকল গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে তাঁদের দায়িত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রত্যেক সুপারভাইজার নিজের দায়িত্বগুলি সুষ্ঠুভাবে পালন করবেনঃ

গণনা কাজ চলাকালীন দায়িত্ব

- (১) ৫ হতে ১৩ মার্চ ২০১১ প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ সূচি অনুযায়ী স্ব স্ব গণনাকারীসহ প্রশিক্ষণ গ্রহণ;
- (২) ১৪ মার্চ ২০১১ তারিখ বিকালে প্রত্যেক গণনাকারীকে সাথে নিয়ে রাত্রিতে ভাসমান লোক গণনার প্রস্তুতি নেয়া এবং স্থানীয় মসজিদ ও অন্যান্য উপসনালয় থেকে মাইকিং এর ব্যবস্থা নেয়া;
- (৩) গণনাকারী গণনা কাজ শুরু করার পর প্রথম ৫টি খানার গণনা কাজ তদারক করে দেখা এবং কাজ নির্ভুল হলে একই নিয়মে বাকী কাজ সম্পন্ন করার ছাড়পত্র প্রদান করা, আর ভুল হলে শুদ্ধ করে গণনা কাজ করার পদ্ধতি শিখিয়ে দেয়া। সুপারভাইজারগণ বিশেষভাবে খেয়াল রাখবেন যেন গণনাকারী তাঁর গণনা এলাকার প্রতিটি খানায় উপস্থিত হয়ে খানার প্রধান ব্যক্তি অথবা গৃহকর্ত্রী অথবা দায়িত্বশীল ব্যক্তি যিনি খানার সকল সদস্যের তথ্য প্রদানে সমর্থ তাঁর কাছ থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে প্রশ্নপত্র পূরণ করা;
- (৪) প্রতিদিন তাঁর অধীনস্থ প্রত্যেক গণনাকারীর গণনাকৃত ৫টি করে খানা পরীক্ষা করে দেখা। ভুলত্রুটি পেলে তা সংশোধনের পদ্ধতি গণনাকারীকে দেখিয়ে দেয়া।
- (৫) কোন গণনাকারীর অতিরিক্ত প্রশ্নপত্র লাগলে তা দূত নিজের কাছে অথবা ইউনিয়ন/ওয়ার্ডের নিয়ন্ত্রণ কেন্দ্রে রক্ষিত রিজার্ভ প্রশ্নপত্র হতে সরবরাহ করা।
- (৬) ১৪ মার্চ ২০১১ দিবাগত মধ্য রাত হতে গণনা এলাকার ভাসমান লোকদের গণনা কাজ তদারক করা এবং ১৫,১৬,১৭,১৮ ও ১৯ মার্চ ২০১১ এ ৫দিনের মধ্যে স্ব স্ব গণনা এলাকার সকল খানা ও সদস্যদের গণনা কাজ সমাপ্ত করার জন্য গণনাকারীকে বার বার তাগিদ প্রদান করা;
- (৭) কোন খানা কোন অবস্থাতেই যেন গণনা হতে বাদ না পড়ে এবং কোন খানা দু'বার গণনার অন্তর্ভুক্ত না হয় তার প্রতি বিশেষ খেয়াল রাখা।
- (৮) শুমারি শুরু ও শেষ দিন মসজিদ, মন্দির, চার্চ ও প্যাগোডা হতে শুমারিতে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আহবান জানানো।

গণনা কাজ শেষ হওয়ার পরের দায়িত্ব

- (১) ১৯ মার্চ সকাল ১০ ঘটিকায় এবং ৪ ঘটিকায় মসজিদ অথবা অন্য কোন ধর্মীয় প্রতিষ্ঠানের মাইক হতে এখনও যারা গণনাভুক্ত হননি তাদেরকে গণনাভুক্ত হওয়ার জন্য আহ্বান জানানো।
- (২) পূরণকৃত প্রশ্নপত্র, গণনা এলাকার ম্যাপ, অব্যবহৃত পেন্সিলের অংশ এবং পূরণকৃত ও অপূরণকৃত বই গণনাকারীর কাছ থেকে বুঝে নেয়া;
- (৩) সকল প্রশ্নপত্র সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা পরীক্ষা করে দেখা;
- (৪) ২০ মার্চ টালিশিট পূরণে গণনাকারীকে সহায়তা করা এবং টালিশিট সঠিকভাবে পূরণ হয়েছে কিনা পরীক্ষা করে দেখা;
- (৫) নির্ধারিত ফরম ৬ পূরণ করা এবং কাগজপত্র জমাদানের জন্য সকল গণনাকারী, সুপারভাইজার ও ইউনিয়ন/ওয়ার্ড সেক্রেটারীকে একত্রে নিয়ে উপজেলা/জোনের নিয়ন্ত্রণ কেন্দ্রে আসা এবং ২১ ও ২২ মার্চ ২০১১ তারিখে জোনাল অফিসারের নিকট কাগজপত্র জমা দিয়ে এবং শুমারি ভাতা গ্রহণ করা;
- (৬) সুপারভাইজার কর্তৃক ব্যবহৃত ম্যাপটি যথাযথভাবে সংশোধন করে জোনাল অফিসারের নিকট জমাদান।

ঙ) গণনাকারীর দায়িত্ব

গণনাকারীদের সঠিক গণনার উপর নির্ভর করছে শুমারির সাফল্য। এ গণনা কাজকে নির্ভুল ও সুশৃংখলভাবে সম্পন্ন করতে গণনাকারীগণকে যে সকল দায়িত্ব পালন করতে হবে তা নিম্নে দেয়া হলোঃ

- (১) সুপারভাইজারের মাধ্যমে ম্যাপের সাহায্যে সরেজমিনে নিজ নিজ গণনা এলাকার সীমানা পার্শ্ববর্তী গণনাকারীর উপস্থিতিতে বুঝে নেয়া;
- (২) নির্ধারিত সময়সূচী অনুযায়ী জোনের প্রশিক্ষণ কেন্দ্রে সুপারভাইজারের সাথে তিন দিন প্রশিক্ষণ গ্রহণ করা;
- (৩) প্রশিক্ষণ চলাকালে অত্যন্ত মনোযোগী হওয়া এবং শুমারি সংক্রান্ত সকল বিষয় বুঝে নেয়া ও নির্দেশাবলী পুঙ্খানুপুঙ্খরূপে পালন করা;
- (৪) প্রশিক্ষণ গ্রহণের পর শুমারির গণনা কাজ করার জন্য নিজ নিজ গণনা এলাকার প্রশ্নপত্র বই ও অন্যান্য দ্রব্যাদি জোনাল অফিসারের নিকট হতে বুঝে নেয়া;
- (৫) গণনা এলাকার উত্তর পশ্চিম কোণ থেকে গণনার কাজ শুরু করা ও সর্পাকার পদ্ধতি অনুসরণ করে ডান দিকের খানা গণনা করা;
- (৬) গণনা এলাকার প্রতিটি খানা গণনার অন্তর্ভুক্ত করা। গণনা এলাকার কোন খানা যেন বাদ না পড়ে অথবা একই খানাকে একাধিকবার গণনা করা না হয় সে দিকে বিশেষ দৃষ্টি রাখা;
- (৭) শুমারি বই এ দেয়া গণনাকারীর জন্য নির্দেশাবলী এর সাহায্যে নিজ নিজ সুপারভাইজারের সাথে পর্যালোচনার মাধ্যমে শুমারির গণনা কাজ সম্পর্কে সম্যক ধারণা গ্রহণ করা ও গণনার সময় ঐ সকল নির্দেশাবলী পালন করা;
- (৮) খানা প্রধান অথবা তার অনুপস্থিতিতে তথ্য প্রদানে সক্ষম সদস্যের নিকট হতে তথ্য জেনে প্রশ্নপত্র পূরণ করা;
- (৯) খানা গণনার সময় তফসিল বইয়ে প্রতিটি খানার ক্রমিক নম্বর দেয়া এবং একই ক্রমিক নম্বর সরবরাহকৃত চকের দ্বারা খানার সদর দরজায় লিখা;
- (১০) কোন খানা প্রধান তথ্য দিতে অস্বীকৃতি জানালে তাকে শুমারির গুরুত্ব সম্পর্কে ভালভাবে বুঝিয়ে ঐ খানার তথ্য নেয়া, এতেও কাজ না হলে সুপারভাইজার অথবা উপরস্থ কর্মকর্তাদের সহায়তায় ঐ খানার তথ্য নেয়া;
- (১১) প্রশ্নপত্র বই যেন পানিতে না ভিজে অথবা কোন কারণে নষ্ট না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা;
- (১২) প্রথম দিন ৫টি খানা গণনা করে প্রশ্নপত্র বইটি অবশ্যই সুপারভাইজারসহ জোনাল অফিসার দ্বারা পরীক্ষা করানো এবং কোন ভুল থাকলে তা ঠিক করে নিয়ে পরবর্তী খানা গণনা করা;
- (১৩) নির্ধারিত সময়ে গণনা কাজ শেষ করে প্রশ্নপত্রের মূল বইয়ের টালিশিট ২ টি পূরণ করা। কোন গণনা এলাকায় একাধিক বই পূরণ করা হলে শুধু মূল বইটি টালিশিট ২টি পূরণ করতে হবে এবং এতে উক্ত গণনা এলাকার সবগুলি বইয়ের হিসাব মিলিয়ে লিখতে হবে।
- (১৪) গণনা কাজে ব্যবহৃত সকল শুমারি বই (পূরণকৃত ও অপূরণকৃত) ও অন্যান্য শুমারি মালামাল নির্ধারিত সময়ে সুপারভাইজারের মাধ্যমে জোনাল অফিসারের নিকট জমা দেয়া;
- (১৫) শুমারি বই সহ শুমারির সকল দ্রব্যাদি জমা দেয়ার পর জোনাল অফিসারের নিকট হতে সম্মানী ভাতা চেক গ্রহণ করা।

৭। শুমারি কর্মীদের প্রশিক্ষণ পদ্ধতিঃ

					1-হ্যাঁ 2-না → প্রবর্তী মধ্য	1-হ্যাঁ 2-না	1-হ্যাঁ 2-না 3-নতুন দাঁ 4-অন্যদে 5-অন্যদে	1-স্বকীয় হাসপাতাল/ বাগানবা কোথ 2-স্বকীয় হাসপাতাল 3-স্বকীয় হাসপাতাল 4-স্বকীয় হাসপাতাল 5-স্বকীয় হাসপাতাল 6-স্বকীয় হাসপাতাল	1-স্বকীয় হাসপাতাল/ বাগানবা কোথ 2-স্বকীয় হাসপাতাল 3-স্বকীয় হাসপাতাল 4-স্বকীয় হাসপাতাল
1									
2									
3									
4									
5									
6									
7									
8									
9									
0									

মডিউল ৮: বিদেশ ফেরত সদস্যদের জন্য						মডিউল ৯: আন্তর্জাতিক মাইগ্রেশন							
লাইন নম্বর	গত ৫ বছরে খানার যে সকল সদস্য বিদেশ থেকে ফেরত এসেছেন তাদের জন্য		65. বিদেশ হতে কখন ফেরত এসেছেন?		66. বিদেশ হতে ফেরত আসার প্রধান কারণ কী?	ক্রমিক নম্বর	(৫ বছর ও তদুর্ধ্ব বয়সের যেকোনো যারা খানার সদস্য ছিলেন কিন্তু ৬ মাস বা ততোধিক সময়ের জন্য বিদেশে আসেন অথবা থাকতে বিদেশে গেছেন)						
	64. কোল দেশে হতে ফেরত এসেছেন?	দেশের নাম	দেশের কোড	মাস			বছর	67. প্রবাসীর নাম	68. লিঙ্গ	69. বয়স	70. সর্বশেষ প্রেরণ পাশ	71. বিদেশে থাকার সময়কাল (পূর্ণ বছর)	72. বিদেশে ফেরত আসার কারণ
1													
2													
3													
4													

মডিউল ১০: মৃত্যু সংক্রান্ত (গত ১২ মাসে)												
সকল বয়সের সদস্যদের জন্য					১০ থেকে ৪৯ বছর বয়স্ক মহিলা সদস্যদের জন্য যারা গত এক বছরের মধ্যে মারা গেছেন							
ক্রমিক নম্বর	74. গত ১২ মাসে এ খানার কোন সদস্য মৃত্যুবরণ করেছেন কি? (হ্যাঁ → প্রবর্তী খানার)	75. মৃতের নাম	76. লিঙ্গ	77. মৃত্যুকালে বয়স কত ছিল? (পূর্ণ বছর)	78. কোথায় মারা গেছেন?	79. নাম- মৃত্যুর সময় গড়বর্তী ছিল কি?	80. নাম- গড়বর্তীর সময় আখরা গড়বর্তীর ৪২ দিনের মধ্যে মারা গেছেন কি?		81a. নাম- বাচ্চা প্রসবের সময় মারা গেছেন কি?		81b. প্রসবের ৪২ দিনের মধ্যে মারা গেছেন কি?	
							হ্যাঁ	না	হ্যাঁ	না	হ্যাঁ	না
1												
2												
3												
4												

Appendix - 43

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
নমুনা শুমারি-২০১১

গণনা এলাকা নং-.....

খানা তালিকা প্রণয়ন ফরম

[illegible]

গণনাকারীর স্বাক্ষরঃ

তারিখঃ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান বিভাগ

গণনাকারীর প্রশিক্ষণ ম্যানুয়াল



নমুনা শুমারি ২০১১



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
উপক্রমণিকা	৩
মডিউল ১- পরিচিতি ও খানার সার-সংক্ষেপ	৪
মডিউল ২- গৃহ সংক্রান্ত	৬
মডিউল ৩- খানা সংক্রান্ত	৭
মডিউল ৪- ব্যক্তি সংক্রান্ত	১০
মডিউল ৫- অর্থনৈতিক কর্মকাণ্ড	১৩
মডিউল ৬- বিবাহ সংক্রান্ত	১৫
মডিউল ৭- জন্ম সংক্রান্ত	১৬
মডিউল ৮- বিদেশ ফেরত সদস্যদের জন্য	১৭
মডিউল ৯- আন্তর্জাতিক মাইগ্রেশন	১৮
মডিউল ১০- মৃত্যু সংক্রান্ত	১৯

উপক্রমণিকা

আদমশুমারি ও গৃহগণনা সম্পন্ন হওয়ার পর দেশে নমুনা শুমারি অনুষ্ঠানের প্রচলন রয়েছে। মূল শুমারিতে দেশের সব খানা ও সকল নাগরিককে গণনায় অন্তর্ভুক্ত করা হয়ে থাকে। পক্ষান্তরে নমুনা শুমারিতে ‘certain percentage’ এর উপর জরিপ পরিচালনা করা হয়।

মূল শুমারিতে ‘short form’ এবং নমুনা শুমারিতে ‘long form’ ধরনের প্রশ্নপত্র ব্যবহার করা হয়। সেজন্য মূল শুমারিতে বিষয় ভিত্তিক বিশদ তথ্য সংগ্রহ করা সম্ভব হয় না। দেশের জনগণের আর্থ-সামাজিক ও জনমিতিক বিষয়ের বিশদ তথ্য নমুনা শুমারির মাধ্যমে সংগ্রহ করা হয়। এসব তথ্য বিশ্লেষণ করে Analytical Report প্রকাশ করা হয়- যা দেশের পরিকল্পনা প্রণয়ন ও বিভিন্ন কর্মসূচি গ্রহণে সহায়ক ভূমিকা পালন করে।

বাংলাদেশকে ৭০টি domain (৬৪ জেলা+৬ সিটি কর্পোরেশন) এ ভাগ করা হয়েছে। প্রতি domain-এ ২৪০০ খানা নির্বাচন করা হয়েছে এবং প্রতিটি domain-কে ৯৬টি EA বা PSU-তে বিভক্ত করা হয়েছে। প্রতিটি PSU হতে চূড়ান্তভাবে ২৫টি সাধারণ খানা নির্বাচন করা হয়েছে। সে হিসাবে দেশব্যাপী ৬৭২০টি PSU এর অধীনে ১৬৮০০০টি খানায় নমুনা শুমারি পরিচালনা করা হবে।

নমুনা শুমারির প্রশ্নপত্রে ১০টি মডিউল এর অধীনে 1a হতে 81b পর্যন্ত ৮১টি প্রশ্ন রয়েছে। প্রশ্নপত্রটি ২টি পাতা (৪ পৃষ্ঠা) সম্বলিত। প্রতি ২ পাতা ১টি খানার জন্য পূরণ করতে হবে। কোন নমুনা খানার সদস্য সংখ্যা ১০ এর অধিক হলে, সে খানার জন্য পরবর্তী ২ পাতার আরও একটি সেট পূরণ করতে হবে। মডিউলসমূহের শিরোনাম নিম্নরূপঃ

মডিউল ১-	পরিচিতি ও খানার সার-সংক্ষেপ
মডিউল ২-	গৃহ সংক্রান্ত
মডিউল ৩-	খানা সংক্রান্ত
মডিউল ৪-	ব্যক্তি সংক্রান্ত
মডিউল ৫-	অর্থনৈতিক কর্মকাণ্ড
মডিউল ৬-	বিবাহ সংক্রান্ত
মডিউল ৭-	জন্ম সংক্রান্ত
মডিউল ৮-	বিদেশ ফেরত সদস্যদের জন্য
মডিউল ৯-	আন্তর্জাতিক মাইগ্রেশন
মডিউল ১০-	মৃত্যু সংক্রান্ত

মডিউলসমূহ এবং প্রশ্নসমূহ যেহেতু বয়স ও লিংগভেদে নির্ধারিত সেহেতু একই লাইন ধরে খানার সদস্যদের সকল তথ্য নেয়া সম্ভব হবে না। সেক্ষেত্রে মডিউল ৪ এর প্রশ্ন 21 এর লাইন নম্বর অনুসরণ করে অন্যান্য মডিউল পূরণ করুন। এখানে উল্লেখ্য যে, লাইন নম্বরই ব্যক্তির পরিচিতি নম্বর। প্রশ্নসমূহ মডিউল-ভিত্তিক (Module-wise) পূরণ করতে হবে।

মডিউল ১

পরিচিতি ও খানার সার-সংক্ষেপ

প্রশ্ন 1a- খানার ঠিকানা- এ প্রশ্নের নীচে খালি জায়গায় বাড়ি নম্বর অথবা নাম, সড়ক নম্বর অথবা নাম, মহল্লার নাম/গ্রামের নাম লিখুন। উদাহরণ-

মিউনিসিপালিটি হলে-	পল্লী এলাকা হলে-
বাড়ি নং/নাম- ৪২৭	বাড়ি/পাড়ার নাম- দক্ষিণ পাড়া
সড়ক নং/নাম- শহীদ মাহবুব রোড	গ্রামের নাম- কুসুমপুর
মহল্লার নাম- পশ্চিম শেওড়াপাড়া	ডাকঘর- সালদানদী

যদি সেক্টর/ব্লক নম্বর উল্লেখ করার প্রয়োজন হয় তাহলে বাড়ি নম্বরের নীচে লিখে দিন। খানার ঠিকানা বাংলায় লিখতে হবে।

প্রশ্ন 1b- চলমান পাতা- কোন খানার সদস্য সংখ্যা ১০ বা তার কম হলে এ বক্সসমূহ পূরণ করতে হবে না। খানার সদস্য সংখ্যা ১০ এর অধিক হলে প্রতি দশ জনের জন্য আরও একটি পৃষ্ঠা পূরণ করতে হবে। ধরা যাক, খানার সদস্য সংখ্যা ১৫, তাহলে দুই সেট প্রশ্নপত্র পূরণ করতে হবে। এক্ষেত্রে প্রথম সেটে 1b এর উত্তর হবে 02 এর 01 এবং দ্বিতীয় সেটে 02 এর 02।

কোন অবস্থাতেই লিখিত সংখ্যা চেক বক্সের বাইরে যেতে পারবে না। চেক বক্সের ভিতরে প্রযোজ্য সংখ্যাটি প্রশ্ন 21-এ মুদ্রিত সংখ্যার অনুরূপ লিখুন। যেমন- 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 01

প্রশ্ন 2a- নমুনা শুমারি খানা নম্বর- খানার ক্রমিক দুই অংকে ইংরেজীতে লিখতে হবে। প্রথম খানাটির নম্বর 01, দ্বিতীয় খানাটির নম্বর 02, ইত্যাদি।

প্রশ্ন 2b- শুমারি খানা নম্বর- নমুনা শুমারির খানাটি মূল শুমারিতে কত নম্বর খানা হিসেবে চিহ্নিত ছিল তা দেখে তিন অংকে ইংরেজীতে লিখুন। যদি মূল শুমারির নম্বরটি মুছে যায় বা পাওয়া না যায়, তাহলে কোন কিছু লেখার প্রয়োজন নেই।

প্রশ্ন 3- খানার সদস্য- খানার সদস্যদের খানায় উপস্থিতি বা অনুপস্থিতির নিরিখে ৫টি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে। প্রতিটি ক্যাটাগরিতে সদস্যদের মোট সংখ্যা, পুরুষ সদস্য সংখ্যা, এবং মহিল সদস্য সংখ্যা লিখতে হবে।

- সদস্য সাধারণতঃ এ খানায় বসবাস করেন-** খানার সদস্য যারা সাধারণতঃ খানায় নিয়মিত বসবাস করেন এবং একই পাকে খাওয়া-দাওয়া করেন তাঁরা প্রশ্নপত্রে ‘3a’-এ সদস্য হিসাবে বিবেচিত হবেন। কোন ব্যক্তি যিনি বা যারা সাময়িকভাবে (৩০দিন বা তার কম সময়) অনুপস্থিত কিন্তু খানার নিয়মিত সদস্য তিনি/তারাও এ খানার সদস্য হিসাবে বিবেচিত হবেন।
- সদস্য সাধারণতঃ এ খানায় বসবাস করেন কিন্তু বর্তমানে অনুপস্থিত-** খানার সদস্য যারা এ খানায় বসবাস করতেন কিন্তু ৩০ দিনের অধিক এবং ৬ মাস পর্যন্ত অনুপস্থিত বা অন্যত্র বসবাস করেন তাঁরা প্রশ্নপত্রে ‘3b’-এ সদস্য হিসাবে গণনাভুক্ত হবেন। ৬ মাসের অধিক সময় পর্যন্ত অনুপস্থিত ব্যক্তির খানার সাধারণ সদস্য হিসাবে বিবেচিত হবেন না। তিনি যদি দেশে থাকেন তবে যেখানে আছেন সে স্থানের খানার সদস্য হবেন।
- খানার সাধারণ সদস্য বর্তমানে বিদেশে বসবাস করেন-** খানার সদস্য যারা ৬ মাসের অধিক সময়ের জন্য বিদেশে অবস্থান করছেন অথবা ৬ মাসের অধিক সময় অবস্থান করার উদ্দেশ্যে বিদেশ গেছেন তাঁরা প্রশ্নপত্রে ‘3c’-এ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হবেন। তিনি প্রশ্নপত্রে ‘3a’-এ অন্তর্ভুক্ত হবেন না।

- d. অতিথি- খানার সাধারণ সদস্য নন কিন্তু ৬ মাসের কম সময়ের জন্য এ খানায় বেড়াতে বা কোন প্রয়োজনে থাকতে এসেছেন তাঁরা প্রশ্নপত্রে ‘3d’-এ ‘অতিথি’ হিসাবে অন্তর্ভুক্ত হবেন। তিনি প্রশ্নপত্রে ‘3a’-এ অন্তর্ভুক্ত হবেন না।
- e. খানার সাধারণ সদস্য বিদেশ গিয়েছিলেন এবং গত ৫ বছরের মধ্যে ফেরত এসেছেন- খানার সাধারণ সদস্য যিনি বা যারা বিদেশ গিয়েছিলেন এবং গণনার দিন হতে গত পাঁচ বছরের মধ্যে ফেরত এসেছেন এবং বর্তমানে এ খানায় বসবাস করছেন তিনি/তাঁরা প্রশ্নপত্রে ‘3e’-এ সদস্য হিসাবে গণনাভুক্ত হবেন। এখানে উল্লেখ্য যে, ‘3e’-এ অন্তর্ভুক্ত সদস্য ইতোমধ্যে ‘3a’-এ গণনাভুক্ত হয়েছেন।

একটি উদাহরণের মাধ্যমে ‘খানার সদস্য’ বিষয়টি ব্যাখ্যা করা যাক। রফিক সাহেবের পরিবারে বাবা-মা, ৩ ভাই, ২ বোন, স্ত্রী, ১ ছেলে, ও ১ মেয়েসহ মোট ১১ জন সদস্য। এছাড়াও তাঁদের খানায় ১ জন কাজের মেয়ে রয়েছেন। আপাতদৃষ্টিতে খানার মোট সদস্য ১২ জন। কিন্তু রফিক সাহেবের ছোট ভাই ২ মাস আগে চাকুরী নিয়ে বিদেশ চলে গেছেন এবং তিনি সেখানে ৬ মাসের অধিক সময় বসবাস করবেন। সংগত কারণে তিনি খানার সদস্য হিসাবে গণ্য হবেন না। তিনি প্রশ্নপত্রে ‘3c’-এ সদস্য হিসাবে গণনাভুক্ত হবেন। রফিক সাহেবের ছোট বোন আমেনা বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করেন। তিনি ২ মাস পর পর বাড়িতে আসা-যাওয়া করেন এবং বর্তমানে অনুপস্থিত, এক্ষেত্রে তিনি ‘3b’-এ অন্তর্ভুক্ত হবেন। তথ্য প্রদানকালে রফিক সাহেব জানান যে তাঁর বাড়িতে তাঁর ফুফাতো ভাই গত ১ মাসের অধিক সময় আছেন এবং তিনি ৬ মাসের কম সময় থাকবেন, তাকে ‘অতিথি’ হিসাবে গণ্য করে (তিনি খানার সদস্য হিসাবে গণ্য হবেন না) ‘3d’-এ অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া রফিক সাহেবের আরেক ভাই বিদেশে থাকেন কিন্তু তিনি ১ মাসের ছুটিতে বাড়িতে এসেছেন এবং ছুটি শেষে বিদেশ চলে যাবেন- তিনি ‘3c’-এ ‘বিদেশে বসবাস করেন’ হিসাবে অন্তর্ভুক্ত হবেন। রফিক সাহেবের অন্য এক ভাই দীর্ঘদিন বিদেশে থাকতেন। গত পাঁচ বছরের যে কোন একসময় তিনি দেশে ফেরত এসেছেন এবং বিদেশে পুনরায় যাননি, তিনি ‘3e’-এ সদস্য হিসাবে গণনাভুক্ত হবেন। রফিক সাহেবের অন্য এক বোন মোমেনা যার সম্প্রতি বিবাহ হয়েছে এবং স্বামীর বাড়ি চলে গেছেন, তিনি এ খানার সাধারণ সদস্য হিসাবে বিবেচিত হবেন না। উপরিউক্ত উদাহরণের সার-সংক্ষেপ করলে যা পাওয়া যায় তা’ নিম্নে-প্রদত্ত বক্স পূরণ করে দেখানো হলো।

3	খানার সদস্য	মোট	পুরুষ	মহিলা
3a	সদস্য সাধারণতঃ এ খানায় বসবাস করেন (রফিক, তাঁর বাবা, তাঁর ছেলে ও বিদেশ ফেরত ভাই এবং তাঁর মা, স্ত্রী, মেয়ে ও কাজের মেয়ে)	08	04	04
3b	সদস্য সাধারণতঃ এ খানায় বসবাস করেন কিন্তু বর্তমানে অনুপস্থিত (তাঁর বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া বোন- আমেনা)	01	00	01
3c	খানার সাধারণ সদস্য বর্তমানে বিদেশে বসবাস করেন (তাঁর এক ভাই যিনি বিদেশে চলে গেছেন এবং অন্য এক ভাই যিনি বিদেশ হতে ছুটি কাটাতে এসেছেন)	02	02	00
3d	অতিথি (ফুফাতো ভাই)	01	01	00
3e	খানার সাধারণ সদস্য বিদেশ গিয়েছিলেন এবং গত ৫ বছরের মধ্যে ফেরত এসেছেন (অন্য এক ভাই যিনি বিদেশ হতে একেবারে চলে এসেছেন)	01	01	00

- তাঁর অন্য এক বোন (মোমেনা) যার সম্প্রতি বিয়ে হয়েছে- তিনি এখন এ খানার সাধারণ সদস্য নন বিধায় (out of scope) 3a হতে 3e এর কোনটিতেই অন্তর্ভুক্ত হননি। এক্ষেত্রে ‘সম্প্রতি’ বলতে নমুনা শুমারি গণনার ১দিন আগের দিনকেও বুঝাবে।

মডিউল ২

গৃহ সংক্রান্ত

প্রশ্ন 4- গৃহের প্রকার- ধরন অনুযায়ী গৃহকে তিনটি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- আলাদা, এপার্টমেন্ট, এবং সংযুক্ত/ব্যারাক হাউজ। কোন একটি খানা এক বা একাধিক ঘর বা স্ট্রাকচারে বসবাস করতে পারে। আবার একটি গৃহ এক বা একাধিক খানা থাকতে পারে। উদাহরণস্বরূপ, একটি উঠানে যদি একটি খানা এক বা একাধিক স্ট্রাকচারে থাকে, তাহলে ‘আলাদা’ বক্সে ক্রস দিন। একই স্ট্রাকচারে বা ছাদের নীচে একটি খানা থাকলেও, গৃহের প্রকার ‘আলাদা’ হবে। পক্ষান্তরে, একই স্ট্রাকচারে বা একই ছাদের নীচে একাধিক খানা থাকলে গৃহের প্রকার ‘সংযুক্ত/ব্যারাক হাউজ’ হবে। ফ্ল্যাট, এপার্টমেন্ট বা বিল্ডিং-এ অবস্থিত খানাসমূহের ক্ষেত্রে গৃহের প্রকার ‘এপার্টমেন্ট’ হবে।

প্রশ্ন 5- প্রধান গৃহের দেয়ালের উপকরণ- উত্তরদাতা যে গৃহটিকে প্রধান গৃহ হিসাবে বিবেচনা করেন সেটি প্রধান গৃহ হবে। প্রধান গৃহের দেয়ালের উপকরণসমূহকে ৬টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- খড়/বাঁশ/পলিথিন/প্লাস্টিক/ক্যানভাস, মাটি/কাঁচা ইট, টিন (সিআইসিট), কাঠ, ইট-সিমেন্ট, ও অন্যান্য। উপকরণের ধরন অনুযায়ী প্রযোজ্য বক্সে ক্রস দিন।

প্রশ্ন 6- প্রধান গৃহের ছাদের উপকরণ- প্রধান গৃহের ছাদের উপকরণসমূহকে ৫টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- খড়/বাঁশ/পলিথিন/প্লাস্টিক/ক্যানভাস, টিন (সিআইসিট), টালি, ইট-সিমেন্ট, ও অন্যান্য। উপকরণের ধরন অনুযায়ী প্রযোজ্য বক্সে ক্রস দিন।

প্রশ্ন 7- প্রধান গৃহের মেঝের উপকরণ- প্রধান গৃহের মেঝের উপকরণসমূহকে ৫টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- মাটি, কাঠ/বাঁশ, ইট-সিমেন্ট, মোজাইক/টাইলস ও অন্যান্য। উপকরণের ধরন অনুযায়ী প্রযোজ্য বক্সে ক্রস দিন।

প্রশ্ন 8- বাসস্থান-

a. একটি বাসস্থান বা একটি খানা এক বা একাধিক কক্ষ ব্যবহার করতে পারে। কক্ষের সংখ্যানুযায়ী নির্ধারিত বক্সে ইংরেজীতে দুই অংকে কক্ষের সংখ্যা লিখুন।

b. শুধুমাত্র শোবার জন্য ব্যবহৃত কক্ষের সংখ্যা নির্ধারিত বক্সে ইংরেজীতে দুই অংকে লিখুন। ড্রইং রুম বা বৈঠক ঘরে অথবা রান্না ঘরে যদি কোন বেড (bed) থাকে বা কেউ ঘুমায়, তা ‘শুধুমাত্র শোবার জন্য ব্যবহৃত কক্ষ’ হিসাবে গণ্য হবে না।

প্রশ্ন 9- ইহা কি বস্তিখানা? পৌর এলাকায় সরকারি জমি, খাস জমি, রেল লাইনের ধারে, রাস্তার পাশে, বাঁধের পাশে অথবা বেসরকারি জায়গায় অপরিষ্কৃতভাবে সাধারণতঃ অতি নিম্নমানের ঘর যথা- বুপড়ি, টং, ছই, টিনসেড, আধাপাকা নড়বড়ে অবকাঠামো, জরাজীর্ণ দালান ইত্যাদি এবং সাধারণতঃ অস্বাস্থ্যকর পরিবেশে গড়ে উঠা পাঁচ বা ততোধিক খানার সমষ্টিকে বস্তি হিসাবে গণ্য করতে হবে। খানাটি বস্তিখানা হলে ‘হ্যাঁ’ বক্সে এবং না হলে ‘না’ বক্সে ক্রস দিন।

মডিউল ৩

খানা সংক্রান্ত

প্রশ্ন 10- ইহা কি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খানা? কোন খানা প্রধান নিজেই নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের বললে সে খানাকে নৃ-গোষ্ঠী খানা বলা হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খানা বলতে চাকমা, মারমা, ত্রিপুরা, ম্রো, তঞ্চঙ্গ্যা, বম, পাংখোয়া, চাক, খিয়াং, খুমি, লুসাই, কোচ, সাঁওতাল, ডালু, উসাই (উসুই), রাখাইন, মনিপুরী, গারো, হাজং, খাসিয়া, মং, ওরাও, বর্মণ, পাহাড়ী, মালপাহাড়ী, মুন্ডা, কোল ইত্যাদি সম্প্রদায়ের খানা বুঝায়। অতএব খানাটি উপরোক্ত কোন সম্প্রদায়ের হলে ‘হ্যাঁ’ বক্সে এবং না হলে ‘না’ বক্সে ক্রস দিন।

প্রশ্ন 11- গৃহের মালিকানা- গৃহের মালিকানা ৩টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- নিজস্ব-1, ভাড়া-2, ও বিনা ভাড়া-3। উত্তর অনুযায়ী বক্সে প্রযোজ্য কোড লিখুন। বাসগৃহ সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হলেও যদি তিনি ভাড়ার বিনিময়ে বসবাস করেন, সেটি ‘ভাড়া’ হিসাবে বিবেচিত হবে। সরকারি খাস জমিতে ঘর তৈরী করে থাকলে তা ‘বিনা ভাড়া’ হিসাবে গণ্য হবে। যদি তাঁর খানাটি কোন আত্মীয়ের বাড়িতে (এমনকি অনাত্মীয়ের বাড়িতে) হয় এবং সেখানে যদি ভাড়া না দিয়ে থাকা হয়, তাহলে গৃহের মালিকানা ‘বিনা ভাড়া’ হবে। উদাহরণস্বরূপ বলা যায়-

নিজস্ব - খানা প্রধান বা খানার কোন সদস্যের ক্রয়কৃত অথবা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত গৃহ।

ভাড়া - প্রাইভেট বাসা, সরকারি বাসা।

বিনা ভাড়া - সরকারি খাস জমিতে তৈরী করা গৃহ।

প্রশ্ন 12- খাবার পানি-

a. খাবার পানির প্রধান উৎস- খাবার পানির উৎসকে ৬টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- ট্যাপ, নলকূপ/গভীর নলকূপ, কুয়া, পুকুর, নদী/ডোবা/খাল, ও অন্যান্য। এক্ষেত্রে খানাটি অধিকাংশ সময় যে উৎস হতে খাবার পানি সংগ্রহ করে থাকে অর্থাৎ যেটি প্রধান উৎস সে অনুযায়ী প্রযোজ্য বক্সে ক্রস দিন। কেউ যদি নিজস্ব ব্যবস্থাপনায় নলকূপ বা গভীর নলকূপ হতে মটরের সাহায্যে পানি ট্যাংকিতে সংগ্রহ করে ট্যাপ বা কলের মাধ্যমে ব্যবহার করে, সেক্ষেত্রে তা ‘ট্যাপ’ হিসাবে বিবেচিত হবে না।

b. এ খানায় বোতল/ফিল্টার/সিদ্ধ পানি পান করে কি? খাবার পানির উৎস যাহাই হোক না কেন এ খানার সদস্যরা বোতল/ফিল্টার/সিদ্ধ পানি পান করে কিনা তা জেনে নিন। উত্তর হ্যাঁ হলে ‘হ্যাঁ’ বক্সে এবং না হলে ‘না’ বক্সে ক্রস দিন। এখানে ‘বোতল’ বলতে ‘মিনারেল ওয়াটার’ কে বুঝানো হয়েছে।

c. পানির উৎসের দূরত্ব- দূরত্বের কথা বিবেচনা করে পানির প্রাপ্যতা ও সহজলভ্যতাকে ৩টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- বাসস্থানের অভ্যন্তরে, ২০০ মিটারের মধ্যে, ও ২০০ মিটারের অধিক দূরে। উত্তর জেনে নিয়ে প্রযোজ্য বক্সে ক্রস দিন।

প্রশ্ন 13- পায়খানার প্রকার- ধরনের বিবেচনায় পায়খানার সুবিধাকে ৪টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- সেনেটারি (ওয়াটার সীলসহ), সেনেটারি (ওয়াটার সীলবিহীন), নন-সেনেটারি/কাঁচা, ও খোলা জায়গা। সেনেটারি (ওয়াটার সীলসহ) বলতে পিট লেট্রিন ওয়াটার সীলসহ বুঝায় অর্থাৎ কমোডে পানি ধরা বা সংরক্ষিত থাকে। সেনেটারি (ওয়াটার সীলবিহীন) বলতে পিট লেট্রিন ওয়াটার সীল নয় বুঝায় অর্থাৎ কমোডে পানি ধরা বা সংরক্ষিত থাকে না। নন-সেনেটারি/কাঁচা বলতে অন্যান্য পাকা, আধা-পাকা এবং কাঁচা টয়লেট বুঝায় যাতে বর্জ্য ঢাকার কোন ব্যবস্থা নেই। খোলা জায়গা (open space) বলতে খোলা মাঠ, নদী/রেল লাইনের ধার এবং ঝোঁপ-জংগল ইত্যাদি বুঝায়। সংক্ষিপ্তভাবে বলা যায়-

সেনেটারি (ওয়াটার সীলসহ) - ময়লা উপযুক্তভাবে ঢাকা থাকে এবং কমোডে পানি ধরা থাকে।

সেনেটারি (ওয়াটার সীলবিহীন) - ময়লা উপযুক্তভাবে ঢাকা থাকে না। গুজনেট ভেঙে ফেলা হয়। কমোডে পানি ধরা থাকে না।

নন-সেনেটারি/কাঁচা - ময়লা একেবারেই ঢাকা থাকে না।

খোলা জায়গা - open space।

প্রশ্ন 14- কঠিন বর্জ্য পরিষ্কার ব্যবস্থাপনা- কঠিন বর্জ্য বলতে পচনশীল এবং অপচনশীল যেমন তরকারি বা শাক-সজি এবং মাছ-মাংসের উচ্ছিষ্ট অংশ এবং গৃহস্থালীর অন্যান্য আবর্জনা যেমন প্লাস্টিক, বোতল ও লোহা-লব্ধর জাতীয় সামগ্রীকে বুঝায়। যদি খানার কোন সদস্য অথবা সিটি কর্পোরেশন/পৌরসভা/সমিতির কোন ব্যক্তি গৃহস্থালীর দৈনন্দিন ময়লা বা আবর্জনা সংগ্রহপূর্বক নির্দিষ্ট স্থানে বা সংরক্ষিত ডাস্টবিনে রাখেন, তাহলে ‘নিয়ন্ত্রিত ময়লা ফেলার স্থান’ এর বক্সে ক্রস দিন। বিক্ষিপ্ত বা বিচ্ছিন্নভাবে যত্রতত্র ময়লা/আবর্জনা ফেললে ‘অনিয়ন্ত্রিত ময়লা ফেলার স্থান’ এর বক্সে ক্রস দিতে হবে। ময়লা/আবর্জনা মাটি চাপা/গর্তে ফেলা হলে ‘মাটি চাপা/গর্তে ফেলা’ এর বক্সে ক্রস দিন। এছাড়া ময়লা/আবর্জনা পুড়ানো হলে ‘পুড়ানো’ বক্সে ক্রস দিন।

প্রশ্ন 15- আলোর উৎস- খানায় ব্যবহৃত আলোকে উৎস/সংযোগের বিবেচনায় ৫টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- বিদ্যুত, সৌর বিদ্যুত, কেরোসিন, বায়োগ্যাস, ও অন্যান্য। খানাটি প্রধানত যে উৎস হতে আলো পেয়ে থাকে তা জেনে নিয়ে প্রযোজ্য বক্সে ক্রস দিন। খানায় বিদ্যুত সংযোগ থাকলে (মিটার থাক বা না থাক) আলোর উৎস ‘বিদ্যুত’ হিসাবে বিবেচিত হবে।

প্রশ্ন 16- রান্নার জ্বালানী- খানায় ব্যবহৃত রান্নার জ্বালানীকে উপকরণের বিবেচনায় ৬টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- কাঠ, কেরোসিন, গ্যাস/এলপিজি, বিদ্যুত, খড়/পাতা/শুকনা গোবর, ও বায়োগ্যাস। খানাটি বেশীর ভাগ সময় যে উপকরণ দিয়ে রান্নার কাজ সম্পন্ন করে তা জেনে নিয়ে প্রযোজ্য বক্সে ক্রস দিন।

প্রশ্ন 17- খানার কতজন পুরুষ ও মহিলা সদস্য পত্রিকা পড়ে, রেডিও শুনেন, টেলিভিশন দেখেন অথবা ইন্টারনেট ব্যবহার করেন?

এক্ষেত্রে গত সাত দিনকে রেফারেন্স হিসাবে ধরবেন। তবে গত সাতদিনে কমপক্ষে একদিনও যদি পত্রিকা পড়েন, রেডিও শুনেন, টেলিভিশন দেখেন এবং ইন্টারনেট ব্যবহার করেন তা a, b, c এবং d এর প্রশ্ন পূরণে বিবেচিত হবে।

নিজের খানায় এ ধরনের সুযোগ-সুবিধা না থাকলেও তিনি যদি অন্যত্র এ সুযোগ-সুবিধা উপভোগ বা ব্যবহার করেন, তা এখানে বিবেচনায় আনতে হবে।

- a. পত্রিকা পড়ে - খানার কতজন পুরুষ সদস্য ও মহিলা সদস্য পত্রিকা পড়ে তা জেনে নিয়ে পুরুষ বক্সে পুরুষের সংখ্যা এবং মহিলা বক্সে মহিলার সংখ্যা লিখুন।
- b. রেডিও শুনে - খানার কতজন পুরুষ সদস্য ও মহিলা সদস্য রেডিও শুনে তা জেনে নিয়ে পুরুষ বক্সে পুরুষের সংখ্যা এবং মহিলা বক্সে মহিলার সংখ্যা লিখুন।
- c. টেলিভিশন দেখে - খানার কতজন পুরুষ সদস্য ও মহিলা সদস্য টেলিভিশন দেখে তা জেনে নিয়ে পুরুষ বক্সে পুরুষের সংখ্যা এবং মহিলা বক্সে মহিলার সংখ্যা লিখুন।
- d. ইন্টারনেট ব্যবহার করে - খানার কতজন পুরুষ সদস্য ও মহিলা সদস্য অফিস/বাসা/অন্যত্র ইন্টারনেট ব্যবহার করে তা জেনে নিয়ে পুরুষ বক্সে পুরুষের সংখ্যা এবং মহিলা বক্সে মহিলার সংখ্যা লিখুন।

এ খানার কোন সদস্যের নিজস্ব বাড়ি/জমি আছে কি?

প্রশ্ন 18a- বাড়ি- এ খানার কোন সদস্যের যদি নিজস্ব বাড়ি থাকে, তাহলে ‘হ্যাঁ’ বক্সে ক্রস দিন এবং না থাকলে ‘না’ বক্সে ক্রস দিন, অতঃপর প্রশ্ন 18b skip করে প্রশ্ন 19a করুন।

প্রশ্ন 18b- প্রশ্ন 18a এর উত্তর হ্যাঁ হলে কয়জনের অর্থাৎ কয়জন পুরুষের নামে এবং কয়জন মহিলার নামে এক বা একাধিক বাড়ি আছে তা জেনে নিয়ে পুরুষ ও মহিলার সংখ্যা যথাক্রমে পুরুষ ও মহিলার বক্সে লিখুন। উল্লেখ্য যে, একজনের নামে একাধিক বাড়ি অথবা একাধিক ব্যক্তির একটি বাড়ি থাকতে পারে। এক্ষেত্রে বাড়ির সংখ্যার চেয়েও গুরুত্বপূর্ণ হলো ব্যক্তির ‘অংশীদারিত্ব’।

প্রশ্ন 19a- জমি- এ খানার কোন সদস্যের যদি নিজস্ব জমি থাকে, তাহলে ‘হ্যাঁ’ বক্সে ক্রস দিন এবং না থাকলে ‘না’ বক্সে ক্রস দিন, অতঃপর প্রশ্ন 19b skip করে প্রশ্ন 20 করুন।

প্রশ্ন 19b- প্রশ্ন 19a এর উত্তর হ্যাঁ হলে কয়জনের অর্থাৎ কয়জন পুরুষের নামে এবং কয়জন মহিলার নামে এক বা একাধিক জমি আছে তা জেনে নিয়ে পুরুষ ও মহিলার সংখ্যা যথাক্রমে পুরুষ ও মহিলার বক্সে লিখুন। উল্লেখ্য যে, একজনের নামে একাধিক জমি অথবা একাধিক ব্যক্তির একটি জমি থাকতে পারে। এক্ষেত্রে জমির সংখ্যার চেয়েও গুরুত্বপূর্ণ হলো ব্যক্তির ‘অংশীদারিত্ব’।

প্রশ্ন 20- এ খানায় নিজস্ব আছে কি?

খানায় বা বাণিজ্যিকভাবে ব্যবহৃত সম্পদের জন্য ১৫টি কলাম রয়েছে। প্রতি কলামে ‘হ্যাঁ’ এবং ‘না’ বক্স রয়েছে। সাদৃশ্যের বিবেচনায় কয়েকটি আইটেমকে একই ক্যাটাগরীতে বিন্যস্ত করা হয়েছে। প্রতিটি আইটেমের জন্য প্রশ্ন করুন। আইটেমসমূহ হলো- নৌকা, গরু/মহিষের গাড়ী, ঠেলাগাড়ী/রিক্সাভ্যান, রিক্সা, বাই-সাইকেল। মটর সাইকেল, মটরগাড়ী/বাস/ট্রাক, স্কুটার/সিএনজি/ অটোরিক্সা, টেলিফোন, মোবাইল, সেলাই মেশিন, টেলিভিশন/রেডিও/ট্রানজিস্টার, ডিস এন্টেনা, কম্পিউটার, এবং ফ্রিজ/ডিপ ফ্রিজ। উত্তর হ্যাঁ হলে ‘হ্যাঁ’ বক্সে এবং না হলে ‘না’ বক্সে ক্রস দিন। যদি খানায় ‘ডিস সংযোগ’ থাকে তাহলে ডিস এন্টেনার ‘হ্যাঁ’ বক্সে ক্রস দিন।

মডিউল ৪

ব্যক্তি সংক্রান্ত

প্রশ্ন 21- লাইন নম্বর- এক একটি লাইন খানার এক একজন সদস্যের জন্য নির্ধারিত। প্রতি শীটে সর্বোচ্চ দশ জন সদস্যের তথ্য নেয়া যাবে। দশম সদস্যের জন্য লাইন নম্বরে 0 এর পূর্বে 1 বসিয়ে 10 করতে হবে। প্রতিটি সদস্যের লাইন নম্বর খুবই গুরুত্বপূর্ণ কেননা পরবর্তী মডিউলসমূহে ব্যক্তির তথ্য ধারণ করতে এ লাইন নম্বর ব্যবহার করা হবে।

প্রশ্ন 22- খানার সদস্যের নাম- এ খানায় বসবাস করে এমন সকল সদস্যের নাম লিখুন অর্থাৎ 3a ও 3b এর সদস্যগণ অন্তর্ভুক্ত হবেন। নাম অবশ্যই ইংরেজী বড় অক্ষরে সংক্ষিপ্ত আকারে লিখতে হবে। যেমন রফিকুল ইসলাম হলে ‘RAFIQ’ লিখুন। ১নং লাইনে খানা প্রধানের নাম লিখবেন, এর কোন ব্যত্যয় হবে না। তারপর স্ত্রী বা স্বামী, ছোট সন্তান হতে শুরু করে বড় সন্তান, অন্যান্য আত্মীয় এবং অনাত্মীয়ের নাম লিখুন।

প্রশ্ন 23- বয়স- সদস্যদের বয়স দুই অংকে পূর্ণ বছরে লিখুন। কোন সদস্যের বয়স ১ বছরের কম হলে ‘00’ লিখুন এবং কোন সদস্যের বয়স ১০০ বা তার বেশী হলে ‘99’ লিখুন। বয়স ১ বছর ২ মাস হলে ‘01’ লিখতে হবে এবং ১২ বছর ১১ মাস ২৯ দিন হলেও ‘12’ লিখতে হবে।

প্রশ্ন 24- খানা প্রধানের সাথে সম্পর্ক- সামাজিক সম্পর্ককে ৯টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- খানা প্রধান-1, স্ত্রী/স্বামী-2, সন্তান-3, বাবা-মা/শ্বশুর-শাশুড়ি-4, পুত্রবধূ/জামাই-5, ভাই-বোন/শ্যালক-শ্যালিকা-6, নাতি-নাতনী/পৌত্র-7, অন্যান্য আত্মীয়-8 এবং অনাত্মীয়-9। সম্পর্ক অনুযায়ী প্রযোজ্য কোড লিখুন।

প্রশ্ন 25- লিংগ- খানার সদস্য পুরুষ হলে ‘1’ এবং মহিলা হলে ‘2’ লিখুন।

প্রশ্ন 26- মায়ের লাইন নম্বর- প্রশ্ন 21 অনুযায়ী যার যার মায়ের corresponding লাইন নম্বর এখানে লিখুন। আপন মা (গর্ভধারিণী) খানার সদস্য না হলে ‘00’ লিখুন। আপন মা (গর্ভধারিণী) খানার সদস্য হলে মায়ের লাইন নম্বর লিখে প্রশ্ন 27 skip করে প্রশ্ন 28 জিজ্ঞাসা করুন।

প্রশ্ন 27- মা কি জীবিত? প্রশ্ন 26 এর উত্তর ‘00’ হলে এবং তিনি যদি বেঁচে থাকেন তাহলে ‘1’, তিনি যদি মারা যান ‘2’ এবং উত্তর জানা না থাকলে ‘3’ লিখুন।

প্রশ্ন 28- বাবা কি জীবিত? তিনি যদি বেঁচে থাকেন তাহলে ‘1’, তিনি যদি মারা যান ‘2’ এবং উত্তর জানা না থাকলে ‘3’ লিখুন।

প্রশ্ন 29- ধর্ম- খানার সদস্যগণ মুসলমান হলে ‘1’, হিন্দু হলে ‘2’, বৌদ্ধ হলে ‘3’, খ্রিস্টান হলে ‘4’ লিখুন। এর বাইরে অন্য ধর্মাবলম্বী হলে ‘5’ লিখুন।

প্রশ্ন 30- মাতৃভাষা- মাতৃভাষা বাংলা হলে ‘1’, এবং বাংলা না হলে ‘2’ লিখুন।

প্রশ্ন 31- দ্বিতীয় ভাষা- মাতৃভাষার বাইরে তিনি যদি অন্য কোন ভাষায় পারদর্শী হন, সেক্ষেত্রে ঐ ভাষাটি ‘দ্বিতীয় ভাষা’ হিসাবে বিবেচিত হবে। দ্বিতীয় ভাষা বাংলা হলে ‘1’, ইংরেজী হলে ‘2’, বাংলা ও ইংরেজীর বাইরে অন্য কোন ভাষা হলে ‘3’ এবং দ্বিতীয় ভাষা জানা না থাকলে ‘4’ লিখুন।

প্রশ্ন 32, 33 এবং 34 হতে মাইগ্রেশন সম্পর্কে ধারণা পাওয়া যাবে। খানার সকল সদস্যের জন্য এ প্রশ্নসমূহ প্রযোজ্য।

প্রশ্ন 32- জন্মস্থান কোথায়?

- জন্মস্থান- জন্মস্থান একই জেলা হলে অর্থাৎ খানার সদস্যের জন্মস্থান এবং বর্তমানে খানাটি যে জেলায় অবস্থিত তা যদি একই হয়, তাহলে ‘1’ লিখুন এবং 32b ও 32c skip করে 33a প্রশ্নটি করুন। জন্মস্থান যদি ভিন্ন জেলা অর্থাৎ খানার কোন সদস্য বর্তমানে খানাটি যে জেলায় অবস্থিত তার বাইরে যদি অন্য কোন জেলায় জন্মগ্রহণ করে থাকেন, তাহলে ‘2’ লিখুন। একইভাবে ভিন্ন দেশ হলে ‘3’ লিখুন।
- বইয়ের সাথে সংযুক্ত কোড লিস্ট দেখে অন্য জেলা ‘জেলা কোড’ বা অন্য দেশ ‘বিদেশ কোড’ লিখুন।
- জন্মস্থানটি কোন্ এলাকায় ছিল তা জেনে প্রযোজ্য বক্সে লিখুন, যেমন পল্লী এলাকা হলে ‘1’, মেট্রোপলিটন এলাকা হলে ‘2’ এবং অন্যান্য শহর এলাকা হলে ‘3’ লিখুন। ‘অন্যান্য শহর এলাকা’ বলতে পৌরসভা ও উপজেলা সদর দপ্তরকে বুঝায়। উপজেলা সদর দপ্তরের ক্ষেত্রে ‘উপজেলা পরিষদ’ যে বা যে সকল মৌজায় অবস্থিত সে বা সে সকল মৌজার সম্পূর্ণ অংশ উপজেলা সদর দপ্তর হিসাবে বিবেচিত হয়ে ‘অন্যান্য শহর এলাকা’র অন্তর্ভুক্ত হবে।

প্রশ্ন 33- বর্তমান জেলা

- এ জেলায় কত বছর বসবাস করেন- খানাটি যে জেলায় অবস্থিত সে জেলায় খানার সদস্যরা কত বছর যাবত বসবাস করছেন তা জেনে পূর্ণ বছরে লিখুন। প্রশ্ন 32a এর উত্তর ‘1’ হলে এ জেলায় বসবাসের সময়কাল দুই অংকে লিখে প্রশ্ন 34a জিজ্ঞাসা করুন।
- তিনি যদি অন্য কোন জেলা হতে এসে এ জেলায় বসবাস করেন তাহলে কী কারণে এসেছেন তা জেনে নিয়ে নির্দিষ্ট কোড লিখুন। বিবাহ-1, শিক্ষা-2, চাকুরী/ব্যবসা-3, কাজের খোঁজে-4, প্রাকৃতিক দুর্যোগ-5, পারিবারিক কলহ-6, অত্যাচারিত অথবা স্বামী বা স্ত্রী কর্তৃক পরিত্যক্ত-7 এবং অন্যান্য হলে 8 লিখুন। একাধিক কারণ হলে প্রধান কারণটি জেনে নিয়ে একটি কোড লিখুন।

প্রশ্ন 34- পাঁচ বছর পূর্বের অবস্থান

(পাঁচ বছরের কম বয়সী সদস্যদের জন্য প্রশ্ন 34 প্রযোজ্য নয়, সেক্ষেত্রে প্রশ্নপত্রের নির্ধারিত বক্স ‘খালি’ থাকবে কোন কিছু পূরণ করতে হবে না।)

- পাঁচ বছর পূর্বে কোথায় বসবাস করতেন? তিনি যদি পাঁচ বছর পূর্বেও একই জেলায় বসবাস করে থাকেন (প্রশ্ন 33a এর উত্তর থেকে জানা যাবে), তাহলে ‘1’ লিখে অতঃপর প্রশ্ন 35 জিজ্ঞাসা করুন। অন্য জেলা বা অন্য দেশ হলে যথাক্রমে ‘2’ ও ‘3’ লিখুন।

- b. অন্য জেলা বা দেশ অনুযায়ী ‘জেলা কোড’ এবং ‘বিদেশ কোড’ দেখে কোড লিখুন (বইয়ের সাথে সংযুক্ত)।
- c. বাসস্থানের এলাকা- পাঁচ বছর পূর্বের বাসস্থানের এলাকা জেনে নিয়ে পল্লী, মেট্রোপলিটন ও অন্যান্য শহর এলাকা অনুযায়ী কোড লিখুন। যেমন পল্লী এলাকা হলে ‘1’, মেট্রোপলিটন এলাকা হলে ‘2’ এবং অন্যান্য শহর এলাকা হলে ‘3’ লিখুন।

প্রশ্ন 35 এবং 36 ৩ বছর ও তদুর্ধ্ব বয়সের সদস্যদের জন্য

প্রশ্ন 35- বর্তমানে লেখাপড়া করছেন কি? যিনি বর্তমানে লেখাপড়া করছেন না অর্থাৎ যিনি আদৌ লেখাপড়া করেননি অথবা যিনি ইতোমধ্যে লেখাপড়া শেষ করেছেন তাঁর ক্ষেত্রে ‘0’ লিখুন এবং প্রশ্ন 36 skip করুন। স্তর অনুযায়ী প্রাক-প্রাথমিক থেকে শুরু করে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত কোড রয়েছে, যেমন- প্রাক-প্রাথমিক (১ম শ্রেণীর নীচে)-1, প্রাথমিক (১ম শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত)-2, নিম্ন-মাধ্যমিক (৬ষ্ঠ শ্রেণী হতে ৮ম শ্রেণী পর্যন্ত)-3, মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক-4, স্নাতক-5, এবং স্নাতকোত্তর-6। উত্তর জেনে নিয়ে প্রযোজ্য কোড লিখুন। পিএইচডি অধ্যয়নরত সদস্যকে ‘বর্তমানে লেখাপড়া করছেন’ বিবেচনা করে তাঁর ক্ষেত্রে কোড ‘6’ লিখুন।

প্রশ্ন 36- কোন প্রকারের শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করছেন? তিনি যদি বর্তমানে অধ্যয়নরত হন তাহলে কোন প্রকারের শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করছেন তা জেনে নিয়ে প্রযোজ্য কোড লিখুন। এখানে পাঁচ প্রকারের শিক্ষা প্রতিষ্ঠানকে বিবেচনায় আনা হয়েছে, যথা- সরকারি-1, বেসরকারি/এমপিওভুক্ত-2, ধর্মীয়-3, উপানুষ্ঠানিক-4, এবং অন্যান্য-5। এনরোলমেন্টবিহীন প্রাইভেট পরীক্ষার্থীকে ‘অন্যান্য’ হিসাবে কোড ‘5’ দিন।

প্রশ্ন 37, 38 এবং 39 শুধুমাত্র ৭ বছর ও তদুর্ধ্ব বয়সের সদস্যদের জন্য

প্রশ্ন 37- চিঠি পড়তে ও লিখতে পারেন কি? তিনি যদি চিঠি পড়তে ও লিখতে না পারেন তাহলে ‘1’ লিখুন এবং প্রশ্ন 38 ও 39 skip করুন। শুধু পড়তে পারে কিন্তু লিখতে পারে না এমন সদস্য পাওয়া গেলে ‘2’ লিখুন এবং একইভাবে প্রশ্ন 38 ও 39 skip করুন। তিনি যদি চিঠি পড়তে ও লিখতে পারেন তাহলে ‘3’ লিখুন এবং প্রশ্ন 38 ও প্রশ্ন 39 জিজ্ঞাসা করুন।

প্রশ্ন 38- সর্বোচ্চ শ্রেণী পাশ- সর্বোচ্চ শ্রেণী পাশ বইয়ের সাথে সংযুক্ত শিক্ষা কোড অনুযায়ী দুই অংকে লিখুন। উদাহরণস্বরূপ, তিনি যদি ৫ম শ্রেণীতে পড়ালেখা করেন তাহলে ‘সর্বোচ্চ শ্রেণী পাশ’ এর কোড ‘4’ লিখুন।

প্রশ্ন 39- শিক্ষার ক্ষেত্র- শিক্ষার ক্ষেত্রে ৩টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- সাধারণ-1, টেকনিক্যাল/ভোকেশনাল-2 এবং ধর্মীয়-3। তিনি শিক্ষার যে ক্ষেত্র থেকে পাশ করেছেন তা জেনে নিয়ে প্রযোজ্য কোড লিখুন। সাধারণ বলতে বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিষয়ে ডিগ্রীধারীদের বুঝায়। টেকনিক্যাল/ভোকেশনাল বলতে ডাক্তার, ইঞ্জিনিয়ার, কৃষিবিদ ও কারিগরি প্রশিক্ষণ বিষয়াদি বুঝায়। মাদ্রাসা অথবা অন্য কোন ধর্মীয় শিক্ষালয় হতে পাশের ক্ষেত্রে ধর্মীয় বুঝায়।

মডিউল ৫

অর্থনৈতিক কর্মকাণ্ড (১০ বছর ও তদুর্ধ্ব বয়সের সকল সদস্যের জন্য)

প্রশ্ন 40- গত ৭ দিন কোন আয়মূলক কাজে ন্যূনতম ১ ঘণ্টা নিয়োজিত ছিলেন কি? বেতন বা মজুরীর বিনিময়ে কোন খানা/প্রতিষ্ঠানে কাজ করা অথবা নিজস্ব জমি বা ব্যবসা প্রতিষ্ঠানে কোন কিছু উৎপাদন, বিক্রয় বা সেবা প্রদান করা ইত্যাদি ‘কাজে নিয়োজিত থাকা’ বুঝায়। কোন ছাত্র যদি টিউশনি করে এক্ষেত্রে সেটাও ‘কাজে নিয়োজিত’ বুঝাবে। যেহেতু রেফারেন্স পিরিয়ড নমুনা শুমারি পূর্ববর্তী ৭ দিন- কাজে নিয়োজিত কোন ব্যক্তি এ সময়ে ছুটিতে থাকতে পারেন অথবা অসুস্থতাজনিত কারণে কাজে অনুপস্থিত থাকতে পারেন। এ ধরনের সদস্যদের ‘কাজ ছিল কিন্তু ছুটি অথবা অসুস্থতার কারণে কাজ করেনি’ শ্রেণীতে অন্তর্ভুক্ত করতে হবে। অতঃপর প্রশ্ন 43 জিজ্ঞাসা করুন। প্রশ্ন 40 এর উত্তর ‘না’ হলে প্রশ্ন 42 জিজ্ঞাসা করুন। কোন সদস্য যদি খানার আয়মূলক কাজে ‘পারিবারিক সাহায্যকারী’ হিসাবে ভূমিকা পালন করে থাকেন, তাহলে তিনি ‘কাজে নিয়োজিত’ হিসাবে বিবেচিত হবেন। গৃহিণী যদি খানার কোন আয়মূলক কাজে কোন না কোনভাবে জড়িত থাকেন, তিনিও ‘কাজে নিয়োজিত’ হিসাবে বিবেচিত হবেন।

প্রশ্ন 41- প্রশ্ন 40 এর উত্তর হ্যাঁ হলে তিনি গত ৭ দিনে মোট কত ঘণ্টা কাজ করেছেন তা জেনে নিয়ে দুই অংকে লিখুন। যেমন তিনি যদি গত ৭ দিনে মোট ৫ ঘণ্টা কাজ করেছেন বলে জানান তাহলে ০৫ লিখুন এবং ৩৫ ঘণ্টা কাজ করলে ৩৫ লিখুন।

প্রশ্ন 42- প্রশ্ন 40 এর উত্তর না হলে গত ৭ দিন কাজ না করার প্রধান কারণ কী জেনে নিয়ে প্রযোজ্য কোড লিখুন। উত্তর একাধিক হলে এদের মধ্যে যে কারণটি প্রধান তার কোড লিখুন। প্রশ্ন 42 এর বক্সে প্রযোজ্য কোড লিখে প্রশ্ন 46 জিজ্ঞাসা করুন।

প্রশ্ন 43- অর্থনৈতিক কাজের বিবরণ

- কাজ- তিনি যদি গত ৭ দিনে কর্মরত ছিলেন বলে উল্লেখ করেন, এক্ষেত্রে তিনি কোন্ ধরনের প্রতিষ্ঠানে/শিল্পে/কারখানায় অর্থাৎ কোথায় কাজ করেছিলেন তা লিখুন।
- কাজের কোড- গণনাকারীগণকে কাজের কোড লিখতে হবে না। বইয়ের সাথে সংযুক্ত ‘শিল্প কোড’ বা BSIC দেখে সুপারভাইজারগণ দুই অংকে কোড লিখবেন। সুপারভাইজারগণ কোড লেখার সময় অবশ্যই ‘অর্থনৈতিক কাজ’ এর সাথে মিলিয়ে সঠিক ‘কাজের কোড’ লিখবেন।

প্রশ্ন 44- কাজের মর্যাদা- কাজের মর্যাদাকে ৬টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- নিয়োগকারী-1, কর্মচারী-2, স্বনিয়োজিত (কৃষি)-3, স্বনিয়োজিত (অকৃষি)-4, পারিবারিক সাহায্যকারী-5, এবং অন্যান্য-6। উত্তর জেনে নিয়ে প্রযোজ্য কোড লিখুন। উপরোক্ত পাঁচ প্রকারের মর্যাদার বাইরে যদি অন্য কিছু থাকে বা পাওয়া যায় তাহলে কোড 6 লিখুন। যেমন ভিক্ষুক, যৌনকর্মী ইত্যাদি হলে ‘6’ লিখুন।

প্রশ্ন 45a- প্রধান পেশা- তিনি যে প্রতিষ্ঠানে বা যেখানে কাজ করেন সেখানে তাঁর পদমর্যাদা বা কাজের প্রকার অর্থাৎ তাঁর পেশা লিখুন। তিনি যদি একই সময়ে বা একাধারে একাধিক পেশায় নিয়োজিত থাকেন তাহলে তাঁর প্রধান পেশা কোন্টি জেনে নিয়ে উত্তর লিখুন।

প্রশ্ন 45b- পেশা কোড- গণনাকারীগণকে পেশা কোড লিখতে হবে না। বইয়ের সাথে সংযুক্ত ‘পেশা কোড’ বা BSOC দেখে সুপারভাইজারগণ দুই অংকে কোড লিখবেন। সুপারভাইজারগণ কোড লেখার সময় অবশ্যই ‘প্রধান পেশা’ এর সাথে মিলিয়ে সঠিক ‘পেশা কোড’ লিখবেন।

প্রশ্ন 46- গত ৭ দিনে খানার আয়মূলক অথবা নিজস্ব ভোগের জন্য ন্যূনতম ১ ঘণ্টা কোন কাজে নিয়োজিত ছিলেন কি? এক্ষেত্রে কাজ বলতে ফল-মূল, শাক-সজি চাষ, হাঁস-মুরগি, গরু-মহিষ পালন, মাছ ধরা, কাঠ বা পানি সংগ্রহ, কুটির শিল্প, ফসল মাঁড়ানো ও ফসল শুকানো ইত্যাদি কাজ বুঝায়। **Extended work** জানার জন্য এ প্রশ্নটি করা হবে। তিনি যদি এ ধরনের কাজ করে থাকেন তাহলে ‘হ্যাঁ’ বক্সে এবং না করে থাকলে ‘না’ বক্সে ক্রস দিন। উত্তর ‘না’ হলে প্রশ্ন 48 জিজ্ঞাসা করুন।

প্রশ্ন 47- প্রশ্ন 46 এর উত্তর হ্যাঁ হলে গত ৭ দিনে মোট কত ঘণ্টা কাজ করেছেন তা দুই অংকে ঘণ্টায় লিখুন। যেমন তিনি যদি গত ৭ দিনে মোট ৫ ঘণ্টা কাজ করেছেন বলে জানান তাহলে ০৫ লিখুন এবং ৩৫ ঘণ্টা কাজ করলে ৩৫ লিখুন।

প্রশ্ন 48- আয়ের জন্য কোন কাজ খুঁজছেন কি? ১০ বছর ও তদুর্ধ্ব বয়সের সকল সদস্যের জন্য এ প্রশ্নটি প্রযোজ্য। তিনি যদি আয়ের জন্য কোন কাজ খুঁজে থাকেন তাহলে ‘হ্যাঁ’ বক্সে এবং যদি খুঁজে না থাকেন তাহলে ‘না’ বক্সে ক্রস দিন। এ প্রশ্নের উত্তর থেকে **Unemployment rate** এর মত গুরুত্বপূর্ণ **Indicator** নির্ণয় করা যাবে।

মডিউল ৬

বিবাহ সংক্রান্ত (১০ বছর ও তদুর্ধ্ব বয়সের সদস্যদের জন্য)

প্রশ্ন 49- বৈবাহিক অবস্থা- বৈবাহিক অবস্থাকে ৫টি শ্রেণীতে ভাগ করা হয়েছে। উত্তর জেনে নিয়ে প্রযোজ্য কোড লিখুন। যদি তিনি অবিবাহিত হোন তাহলে এ মডিউলে পরবর্তী সদস্যের তথ্য নিন।

প্রশ্ন 50- প্রথম বিবাহের সময় বয়স- তিনি যে বছর বয়সে প্রথম বিয়ে করেছেন সে সময় তাঁর বয়স কত ছিল জেনে নিয়ে পূর্ণ বছরে বয়স লিখুন। বিবাহ একাধিকবার হয়ে থাকলে প্রথমবার বিবাহের সময়কার বয়স লিখুন।

প্রশ্ন 51- কতবার বিবাহ হয়েছে? খানার সদস্য যদি মহিলা হন সেক্ষেত্রে তাঁর বিবাহের সংখ্যা লিখে প্রশ্ন 52, 53, এবং 54 skip করে প্রশ্ন 55 জিজ্ঞাসা করুন। খানার সদস্য যদি বিবাহিত পুরুষ হন তাহলে বিবাহের সংখ্যা লিখুন। যদি তিনি একবার বিবাহ করেন, তাহলে একইভাবে প্রশ্ন 52, 53, এবং 54 skip করে প্রশ্ন 55 জিজ্ঞাসা করুন।

প্রশ্ন 52, 53, এবং 54 শুধুমাত্র একাধিকবার বিবাহিত পুরুষ সদস্যদের জন্য।

প্রশ্ন 52- বর্তমানে একই খানায় বসবাস করে স্ত্রীর সংখ্যা জেনে নিয়ে তার সংখ্যা লিখুন।

প্রশ্ন 53- বর্তমানে অন্য খানায় বসবাস করে এমন স্ত্রীর সংখ্যা জেনে নিয়ে তার সংখ্যা লিখুন।

প্রশ্ন 54- প্রথম স্ত্রী জীবিত কি? প্রথম স্ত্রী জীবিত হলে ‘হ্যাঁ’ বক্সে এবং জীবিত না হলে ‘না’ বক্সে ক্রস দিন।

মডিউল ৭

জন্ম-সংক্রান্ত (বর্তমানে বিবাহিত/তালাকপ্রাপ্ত/বিচ্ছিন্ন/বিধবা মহিলাদের জন্য যাদের বয়স ১০ বছর ও তদুর্ধ্ব)

প্রশ্ন 21 হতে প্রাপ্ত এই ক্যাটাগরীর সদস্যদের লাইন নং অনুযায়ী এই মডিউলের লাইন নং **confirm** করে প্রশ্ন করুন।

প্রশ্ন 55- তিনি কতজন জীবিত সন্তান জন্ম দিয়েছেন তার সংখ্যা জেনে নিয়ে বক্সে লিখুন।

প্রশ্ন 56- জীবিত জন্মগ্রহণকারী সন্তান যারা সাধারণতঃ এ খানায় বসবাস করে তার সংখ্যা ছেলে ও মেয়ে অনুযায়ী লিখুন। তাঁর সাথে বসবাস করে এমন সন্তানের সংখ্যা যদি ৩ হয় এবং এর মধ্যে ২ জন ছেলে ও ১ জন মেয়ে হয়, তাহলে ছেলের বক্সে 2 এবং মেয়ের বক্সে 1 লিখুন।

প্রশ্ন 57- জীবিত জন্মগ্রহণকারী সন্তানের মধ্যে যারা অন্যত্র বসবাস করে ছেলে ও মেয়ে অনুযায়ী তাদের সংখ্যা লিখুন।

প্রশ্ন 58- জীবিত জন্মগ্রহণকারী সন্তানের মধ্যে যারা পরবর্তীতে মারা গেছেন তাদের সংখ্যা ছেলে ও মেয়ে অনুযায়ী লিখুন।

(প্রশ্ন 56, 57 এবং 58 এর যোগফল প্রশ্ন 55 এর উত্তরের সমান হবে।)

শুধু ১০ হতে ৪৯ বছর বয়স্ক মহিলাদের জন্য

প্রশ্ন 59- আপনি নমুনা শুমারির পূর্ববর্তী ১২ মাসে কোন জীবিত সন্তান প্রসব করেছেন কি? উত্তর হ্যাঁ হলে 1 এবং না হলে 2 লিখে পরবর্তী সদস্যের জন্য প্রশ্ন ‘59’ জিজ্ঞাস করুন।

প্রশ্ন 60- জীবিত জন্মগ্রহণকারী সন্তানের লিংগঃ ছেলে হলে 1 এবং মেয়ে হলে 2 লিখুন।

প্রশ্ন 61- সন্তান কি এখনো জীবিত? জীবিত হলে 1 এবং জীবিত না হলে 2 লিখুন।

প্রশ্ন 62- বাচ্চা প্রসবের সময় কে সহায়তা করেছেন? সহায়তাকারীগণকে ৫টি শ্রেণীতে ভাগ করা হয়েছে। তাঁদের পেশা বা মর্যাদা অনুযায়ী প্রযোজ্য কোড লিখুন। যেমন- ডাক্তার- 1, নার্স/স্বাস্থ্যকর্মী- 2, দক্ষ দাই- 3, অদক্ষ দাই- 4, অন্যান্য- 5। ‘দক্ষ দাই’ বলতে প্রশিক্ষিত দাই বুঝাবে।

প্রশ্ন 63- কোথায় বাচ্চা প্রসব করেছেন? সাধারণতঃ যে সমস্ত জায়গায় বাচ্চা জন্ম দেয়া হয়ে থাকে সেগুলো বিবেচনা করে প্রসবের স্থানসমূহকে ৪টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা কেন্দ্র- 1, এনজিও স্বাস্থ্য কেন্দ্র-2, প্রাইভেট হাসপাতাল/স্বাস্থ্য সেবা কেন্দ্র-3, এবং বাড়ি-4। স্থান অনুযায়ী প্রযোজ্য কোড লিখুন। ‘বাড়ি’ বলতে স্বামীর বাড়ি, বাপের বাড়ি বা অন্য যেকোন বাড়ি বুঝাবে।

মডিউল ৮

বিদেশ ফেরত সদস্যদের জন্য (গত ৫ বছরে যারা বিদেশ হতে ফেরত এসেছেন)

প্রশ্ন 21 হতে প্রাপ্ত লাইন নম্বর অনুযায়ী corresponding লাইন নম্বর লিখুন। প্রশ্ন '3e' এর সাথে মোট সংখ্যা মিলিয়ে দেখুন। প্রশ্ন '3e' এর মোট সংখ্যা এবং এ মডিউলে অন্তর্ভুক্ত ব্যক্তির সংখ্যা সমান হবে।

প্রশ্ন 64- কোন দেশ হতে ফেরত এসেছেন? উত্তর জেনে নিয়ে সেদেশের নাম লিখুন এবং বইয়ের সাথে সংযুক্ত 'বিদেশ কোড' হতে সেদেশের কোড লিখুন। দেশের নাম সংক্ষিপ্ত কিন্তু পরিষ্কার করে লিখতে হবে। যেমন- SAUDI ARABIA এর ক্ষেত্রে S. ARAB লিখতে পারবেন। সেক্ষেত্রে আপনাকে অবশ্যই 'বিদেশ কোড' হতে '20' ভালভাবে লিখতে হবে।

প্রশ্ন 65- বিদেশ হতে কখন ফেরত এসেছেন? তিনি যদি ২ বছর ৬ মাস আগে ফেরত এসে থাকেন, তাহলে মাসের বক্সে 06 এবং বছরের বক্সে 02 লিখুন।

প্রশ্ন 66- বিদেশ হতে ফেরত আসার প্রধান কারণ কী? কারণসমূহকে ৭টি ভাগে ভাগ করা হয়েছে। উত্তর অনুযায়ী বক্সে প্রযোজ্য কোড লিখুন। যেমন- মেয়াদ শেষ- 1, বিতাড়িত/অবৈধ- 2, ইচ্ছাকৃতভাবে চলে এসেছে- 3, স্বাস্থ্যগত কারণে- 4, ছুটিতে এসেছেন- 5, কম বেতন- 6, অন্যান্য- 7। উপরোক্ত ৬টি কারণের বাইরে যদি অন্য কোন কারণ থাকে তাহলে বক্সে 7 লিখুন। যদি একাধিক কারণ থাকে তাহলে প্রধান কারণটি লিখুন।

মডিউল ৯

আন্তর্জাতিক মাইগ্রেশন (৫ বছর ও তদুর্ধ্ব বয়সের লোকজন যারা খানার সদস্য ছিলেন কিন্তু ৬ মাস বা ততোধিক সময়ের জন্য বিদেশে আছেন অথবা থাকতে বিদেশে গেছেন।)

তিনি যেহেতু বর্তমানে এ খানায় উপস্থিত নেই তাকে প্রশ্ন 21 এর লাইন নম্বরে পাওয়া যাবে না। সে হিসাবে তাঁর কোন লাইন নম্বর নেই। তাঁর ক্ষেত্রে ক্রমিক নম্বর ব্যবহার করা হবে। এ ক্রমিক নম্বরটি প্রশ্নপত্রে মুদ্রিত আছে।

প্রশ্ন 67- প্রবাসীর নাম- ইংরেজী বড় অক্ষরে সংক্ষিপ্ত নাম লিখুন। যেমন রফিকুল ইসলাম হলে RAFIQ লিখুন।

প্রশ্ন 68- লিংগ- প্রবাসী পুরুষ হলে 1 এবং মহিলা হলে 2 লিখুন।

প্রশ্ন 69- বয়স- বিদেশে যাওয়ার সময় তাঁর বয়স কত ছিল অর্থাৎ তিনি কত বছর বয়সে বিদেশে গেছেন তা জেনে নিয়ে উত্তর পূর্ণ বছরে লিখুন। তিনি যদি ২১ বছর ৯ মাস বয়সে বিদেশে যান, তাহলে 21 লিখুন।

প্রশ্ন 70- সর্বোচ্চ শ্রেণী পাশ- বিদেশে যাবার সময় তিনি যে পর্যন্ত পড়ালেখা করেছেন তার শ্রেণী অনুযায়ী শিক্ষা কোড লিখুন (বইয়ের সাথে সংযুক্ত ‘শিক্ষা কোড’ দেয়া আছে)। তিনি যদি স্নাতক (সম্মান) পাশ করে বিদেশে চলে যান তাহলে তাঁর ক্ষেত্রে শিক্ষা কোড হবে 16।

প্রশ্ন 71- বিদেশে থাকার সময়কাল- বিদেশে তিনি কতদিন যাবত বসবাস করেছেন তা জেনে নিয়ে পূর্ণ বছরে লিখুন। তাঁর বিদেশে থাকার সময়কাল এক বছরের কম হলে 00 লিখুন।

প্রশ্ন 72- বিদেশে যাওয়ার কারণ- কারণসমূহকে ৪টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- কাজ-1, লেখাপড়া-2, নির্ভরশীলতা-3, এবং অন্যান্য-4। উপরোক্ত ৩টি কারণের বাইরে অন্য কোন কারণ পাওয়া গেলে কোড 4 লিখুন। তিনি লেখাপড়া করতে যেয়ে যদি part-time কাজ করেন, তাহলে 2 কোড লিখুন। পক্ষান্তরে তিনি কাজ করতে যেয়ে যদি কোন evening বা holiday education course করেন, তাহলে কোড 1 লিখুন।

প্রশ্ন 73- সর্বশেষ গন্তব্য- খানার কোন সদস্য প্রথমে এক দেশে গিয়ে পরে আবার অন্য দেশে যেয়ে বসবাস করতে পারেন বা বহুদেশ ঘুরে অন্য একটি দেশে বসবাস করতে পারেন, সেজন্য সর্বশেষ গন্তব্যটি জানা প্রয়োজন। সর্বশেষ গন্তব্য মানে বর্তমানে কোন দেশে বসবাস করেছেন। বইয়ের সাথে সংযুক্ত ‘বিদেশ কোড’ লিস্ট হতে ঐ দেশের কোড লিখুন।

মডিউল ১০

মৃত্যু সংক্রান্ত (গত ১২ মাসে)

প্রশ্ন 74 হতে 78 সকল বয়সের সদস্যদের জন্য জিজ্ঞেস করতে হবে।

প্রশ্ন 74- গত ১২ মাসে এ খানায় কোন সদস্য মৃত্যুবরণ করেছেন কি? যদি কোন সদস্য নমুনা শুমারি পূর্ববর্তী ১২ মাসে মারা যান, তাহলে ‘হ্যাঁ’ বক্সে এবং মারা না গেলে ‘না’ বক্সে ক্রস দিন এবং এ খানার সাক্ষাৎকার শেষ করে পরবর্তী খানায় যান।

প্রশ্ন 75- মৃতের নাম- প্রশ্ন 74 এর উত্তর হ্যাঁ হলে মৃত ব্যক্তির নাম ইংরেজীতে সংক্ষিপ্ত আকারে লিখুন। যেমন- হাবিবুর রহমান হলে ‘HABIB’ লিখুন।

প্রশ্ন 76- লিংগ- মৃত ব্যক্তি পুরুষ হলে ‘পুরুষ’ বক্সে এবং মহিলা হলে ‘মহিলা’ বক্সে ক্রস দিন।

প্রশ্ন 77- মৃত্যুকালে বয়স কত ছিল? মৃত ব্যক্তি যে বছর বয়সে মারা যান অর্থাৎ তিনি যখন মারা যান তখন তাঁর বয়স কত ছিল তা জেনে নিয়ে পূর্ণ বছরে লিখুন।

প্রশ্ন 78- কোথায় মারা গেছেন- মারা যাওয়ার স্থানকে ৩টি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা- বাড়িতে, হাসপাতালে, এবং অন্যত্র। ‘অন্যত্র’ বলতে বাড়ি এবং হাসপাতাল ছাড়া দেশ-বিদেশের অন্য যে কোন জায়গাকে বুঝাবে। অন্যদিকে ‘বাড়ি’ বা ‘হাসপাতাল’ বলতে দেশে বা বিদেশে অবস্থিত বাড়ি বা হাসপাতালকে বুঝাবে।

১০ হতে ৪৯ বছর বয়স্ক মহিলা সদস্যদের জন্য যাঁরা গত ১ বছরের মধ্যে মারা গেছেন

প্রশ্ন 79- মৃত্যুর সময় গর্ভবতী ছিলেন কি? যদি তিনি মৃত্যুর সময় গর্ভধারণ করে থাকেন তাহলে হ্যাঁ বক্সে এবং গর্ভধারণ না করে থাকলে না বক্সে ক্রস দিন।

প্রশ্ন 80- গর্ভপাতের সময় অথবা গর্ভপাতের ৪২ দিনের মধ্যে মারা গেছেন কি? যদি তাঁর মৃত্যু গর্ভপাতের সময় বা গর্ভপাতের ৪২ দিনের মধ্যে হয়ে থাকে তাহলে ‘হ্যাঁ’ বক্সে এবং গর্ভপাতের সময় বা গর্ভপাতের ৪২ দিনের মধ্যে না হয়ে থাকলে ‘না’ বক্সে ক্রস দিন।

প্রশ্ন 81a- বাচ্চা প্রসবের সময় মারা গেছেন কি? যদি তিনি প্রসবকালীন সময়ে অর্থাৎ প্রসব বেদনা হতে শুরু করে সন্তান জন্মদান পর্যন্ত সময়ে মারা যান তাহলে ‘হ্যাঁ’ বক্সে এবং প্রসবকালীন সময়ে মারা না গেলে ‘না’ বক্সে ক্রস দিন।

প্রশ্ন 81b- প্রসবের ৪২ দিনের মধ্যে মারা গেছেন কি? যদি তিনি সন্তান জন্মদানের ৪২ দিনের মধ্যে মারা যান তাহলে ‘হ্যাঁ’ বক্সে এবং যদি এ সময়ের মধ্যে মারা না যান তাহলে ‘না’ বক্সে ক্রস দিন।

Editors' Committee

Convener

Mr. Md. Baitul Amin Bhuiyan
(Additional Secretary)
Deputy Director General
Bangladesh Bureau of Statistics (BBS)

Name	Designation	Status in the Committee
Ms. Salima Sultana	Director (Joint Secretary)	Member
Mr. Ghose Subabrata	Director	Member
Mr. Md. Zahidul Hoque Sardar	Director (Deputy Secretary)	Member
Mr. Md. Moniruzzaman	Director (Deputy Secretary)	Member
Mr. Abul Kalam Azad	Director	Member
Mr. Md. Mashud Alam	Director	Member
Mr. Dilip Kumar Bhadra	Director	Member
Mr. Md. Nazrul Islam	Director(Additional Charge)	Member
Mr. Kobiruddin Ahmed	Joint-Director	Member
Mr. Bidhan Boral	Joint-Director	Member
Dr. Dipankar Roy	Joint Director	Member
Mr. Mostafa Ashrafuzzaman	Deputy Director	Member
Mr. Md. Mostak Ahmed Miah	Programmer	Member
Mr. Md. Salimur Rahman	Statistical Officer	Member
Ms. Shaila Sharmin	Statistical Officer	Member
Mr. Md. Hafizur Rahman	Assistant Statistical Officer	Member
Mr. Md. Khorshed Alam	Assistant Statistical Officer	Member
Mr. Md. Rezaul Karim	Assistant Statistical Officer	Member
Mr. Mohammad Abdullah	Assistant Statistical Officer	Member
Mr. Md. Mashud Alam	Project Director	Member-Secretary

Photo Gallery



Honorable Planning Minister Mr. AHM Mustafa Kamal, FCA, MP is delivering his speech in the dissemination seminar on Population and Housing Census 2011 Major outputs on 14.12.2015.



Secretary, Statistics and Information Division (SID), Kaniz Fatema ndc is delivering her speech in the dissemination seminar on Population and Housing Census 2011 Major outputs on 14.12.2015.



Former Secretary, Statistics and Information Division Mr. Md. Nojibur Rahman and former Director General of BBS Mr. Golam Mostafa Kamal conducting the seminar on census strategic plan in Cox's Bazar in January, 2014.



Director General of BBS Mr. Mohammad Abdul Wazed presiding over the meeting on Redatam technology in November, 2015.



Secretary, Statistics and Information Division (SID) Kaniz Fatema ndc delivering her speech in the training workshop on Redatam web-base application for census micro data in April, 2015.



Director General, BBS, Mr. Mohammad Abdul Wazed launching the dissemination of Census 2011 micro-data through Redatam software in November, 2015.



Kaniz Fatema ndc, Secretary, SID speaking in the view exchange meeting on the field programmes of Census 2011 at BBS auditorium in April, 2015.



Director General, BBS Mr. Mohammad Abdul Wazed delivering his speech in the joint meeting of the technical committee, expert panel and other stakeholders on population monograph in May, 2015.



Director General, BBS Mr. Mohammad Abdul Wazed speaking in the Inauguration session of the training of BBS official on Demographic Statistics in June, 2015.



Mr. M.A. Mannan Howlader, Additional Secretary, SID presiding over the report review committee meeting on census 2011 reports at SID conference room in September, 2015.



Mr. Md. Baitul Amin Bhuiyan, Deputy Director General, BBS presiding over the editors committee meeting on census 2011 reports at DDG conference room in July, 2015.







Training programme on Population Projection for BBS officials. The programme was organized by the Population and Housing Census 2011 Project, BBS in July, 2015.



Field level data collection of the main census 2011 by census enumerator in March, 2011.



Scanning of Census 2011 data and verification through KFI technology in May, 2011.



Cover pages of different Census 2011 Reports.